কপালকুণ্ডলা।

এবৈক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়







কলিকাতা

ন্তন সংস্কৃত ধর।

मर्वद ३३१३।



यम अंज




শ্রিযুক্ত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

মহাশয়কে

এই গ্ৰন্থ

উপহার

धानाम कतिनाम।



"Floating straight obedient to the stream".

Comedy of errors.

সার্দ্ধ বিশত বংসর পূর্ব্বে এক দিন মাঘ মাসের রাত্রিশেষে এক খানি যাত্রীর নে)কা গঙ্গাদাগর ছইতে প্রত্যাগম্ন করিতেছল। পর্ভুগিস নাবিক দম্যাদিগের ভয়ে যাত্রীর নে)কা দলবদ্ধ ছইরা যাভারাত করাই তৎকালে প্রথা ছিল; কিন্তু এই নে)কাবোহীরা সন্ধিছীন। তাছার কারণ এই যে রাত্রিশেষে ঘোরতর কুজ্বাটিকা দিগন্ত বাপ্ত করিয়াছিল; নাবিকেরা দিঙ্নিরূপণ করিতে না প্রারিয়াবছর ছইতে দূরে পড়িয়াছিল। একণে কোন্ দিকে কোথার ঘাইতেছে তাছার কিছুই নিশ্চয় ছিল না। নে)কাবোহিগণ কেছ কেছ নিদ্রা যাইতেছিলেন, এক জন প্রাচীন এবং এক জন মুরা পুক্ষ এই ছুই জন মাত্র জাপ্রথ অবস্থার ছিলেন। প্রাচীন মুবকের সহিত কথোপকথন করিতেছিলেন। বারেক কথাবার্ত্তা ছণিত করিয়া রদ্ধ নাবিকদিগকে জিজ্ঞালা করিলেন, "মাঝি, আজ কত দূর যেতে পারবি ?" মাঝি কিছুই ছততঃ করিয়া বলিন, "বলিতে পারিলাম না।"

इक क क इहेश मार्गिटिक जित्रकांत्र कतिए लागितन। श्रूवक कहितन, "महाणेत्र, यांश जगनीचंदित हांछ छांश পिखिए दिनए होद्दि ना—अ पूर्व कि श्रकांदि विनिद्ध श्राप्ति वास हहेटवन ना।" हे इक के श्रेणांद कहितन, "वास हव ना? वन कि, दिनांत कू कूण विद्याद क्रिक्त की हिंश नहेश राम, हिंदल शिक्त मध्यम थादि कि?"

শ্বাদ বিভান সাগরে উপনীত হইলে পরে, পঞ্চাদাগত অন্য: যাত্রীয় বুঁথে পাইয়াছিলেন। যুবা কহিলেন, "আমি ড ' পুর্বেই বিদ্যাছিলাম, মহাশয়ের বাটীতে অভিভাবক আর কেছ নাই—মহাশায়ের আসা ভাল হয় নাই।"

প্রাচীন পূর্ব্বৎ উগ্রভাবে কহিলেন, " আস্ব না? তিন ক'লেন্দ্র গিরে এক কালে ঠেকেছে। এখন পরকালের কর্ম করিবনা ভ কবে করিব?"

যুবা কছিলেন, " যদি শাস্ত্র বুঝিয়া থাকি, তবে তীর্থ দর্শনে ষেরূপ পরকালের কর্ম হয়, বাটী বসিয়াও সেরূপ হইতে পারে।"

इक्ष कहिरमन, " जरव जूमि अरन रकन ?"

যুবা উত্তর করিলেন, "আমিত আগেই বলিয়াছি, যে সমুদ্র দেখিব বড় সাধ ছিল, সেই জন্যই আসিয়াছি '' পরে অপেকারত মৃত্যুম্বরে কহিতে লাগিলেন, "আহা! কি দেখিলাম! জন্ম-জন্মান্তরেও ভুলিব না!

' দূরাদয়শ্চক্রনিভস্থ তদ্বী
তমালতালীবনরাজিনীলা।
আভাতি বেলা লবণামুরাশেজারানিবজেব কলস্করেথা॥' "

রদ্ধের আইতি,কবিতার প্রতি ছিল না, নাবিকেরা পরস্পার যে কথোপকথন করিতেছিল তাহাই একডানমনঃ হটরা শুনিতে-ছিলেন। এক জন নাবিক অপরকে কহিতেছিল "ও ভাই—এত বড় কাষটা খারাবি হলো—এখন দে মহাসমুদ্রে পড়লেম—কি কোন দেশে এলেম ভাহা যে বুঝিভে পারি না।"

বক্তার শ্বর অত্যন্ত ভরস্চক। রদ্ধ বুঝিলেন যে কোন বিপদ্ আশহার কারণ উপস্থিত হইয়াছে। সশহচিত্তে জিজ্ঞানা করিলেন, "মাঝি কি হয়েছে?" মাঝি উত্তর করিল না! কিন্তু যুবক উত্তরের প্রতীক্ষা না করিয়া বাহিরে আসিলেন। বাহিরে আসিয়া দেখিলেন, যে প্রায় প্রভাত হইয়াছে। চতুর্দিকে অতি গাঢ় কুজ্মাটিকা ব্যাপ্ত হুইয়াছে; আকাশ নক্ষত্র চঁপ্তা উপকুল কোন দিকে কিছুই দেখা যাইতেছে না। বুঝিলেন, নাবিকদিগের দিগ্রুম হইয়াছে। এক্ষণে কোন দিকে যাইতেছে, ভাহার নিশ্চয়তা পাইতেছে না—পাছে বাহির সমুদ্রে পড়িয়া অকুঞ্রে মারা যায়, এই আশহায় ভীত হইয়াছে।

হিম নিবারণ জন্য সমুখে আবরণ দেওরা ছিল, এজন্য নে কার ভিতর হইতে আরোহিরা এ সকল বিষয় কিছুই জানিতে পারেন নাই। কিন্তু নব্য যাত্রী অবস্থা বুঝিতে পারিয়া রন্ধকে সবিশেষ কহিলেন, তথন নে কা মধ্যে মহাকোলাহল পড়িয়া গেল। যে কয়েকটা জ্রীলোক নে কা মধ্যে ছিল, তমুখ্যে কেহ কেহ কথার শক্তে জানিয়াছিল; শুনিবামাত্র ভাহারা আর্ভনাদ করিয়া উঠিল। প্রাচীন কহিল, "কেনারায় পড়! কেনারায় পড়! কেনারায় পড়!"

নথ ঈষৎ হাসিয়া কছিলেন, " কেনারা কোথা ভাষা জানিতে পারিলে এভ বিপদ্ হইবে কেন ?"

ইহা শুনিয়া নৌকারোহীদিগের আরও কোলাহল রিছ হইল।
নব্য যাত্রী কোন মতে ভাহাদিগের ছির করিয়া নাবিকদিগকে
কহিলেন, 'আলকার বিষয় কিছুই নাই; প্রভাত হইয়াছে—চার্টির
পাঁচ দণ্ডের মধ্যে অবশ্য অর্থ্যোদয় হইবেক। চারি পাঁচ দণ্ডের
মধ্যে নেকিব্ কদাচ মারা ঘাইবে না। ভোমরা একণে বাহন বস্ক

কর, স্রোতে নেক। বথার বার বাক্; পশ্চাহ রেজ ছইলে পরামর্শ করা বাইবে।

ু নাবিকেরা এই পরামর্শে সম্মত হইরা তদসুরূপ আচরণ করিতে লাগিল।

অনেক ক্ষণ পর্যান্ত নাবিকেরা নিশ্চেষ্ট হইরা রছিল। বাজীরা ভরে কণ্ঠাগতপ্রাণ। বায়ুমাত্র নাই, স্বভরাং ভাঁছারা ভরক্ষান্দোলন-কম্পা কিছুই জানিতে পারিলেন না। তথাপি সকলেই মৃত্যু নিকট নিশ্চিত করিলেন। পুরুষেরা নিঃশব্দে বুর্গানাম জপ করিতে লাগিলেন, স্ত্রীলোকেরা সূর ভূলিয়া বিবিধ শব্দ বিন্যানে কাঁদিতে লাগিলেন। একটা স্ত্রীলোক গঙ্গাসাগরে সন্তান বিসর্জন করিয়াঁ আসিয়াছিল—সেই কেবল কাঁদিল না।

প্রতীক্ষা করিতে করিতে অনুভবে বৈলা প্রায় এক প্রহর ছইল। এমত সময়ে অকন্মাৎ নাবিকেরা দরিয়ার পাঁচ পীরের নাম কীর্ত্তন করিয়া মহা কোলাহল করিয়া উঠিল। যাত্রীরা मकरलई जिज्डामा कतिया छेठित्नन "कि! कि। माथि कि इहे-" द्राम डेटर्रेट ! द्राम डेटर्रेट ! डाझा! डाझा!" ষাত্রীরা সকলেই ঔৎস্কা সহকারে নে কার বাহির আসিয়া কোথায় আসিয়াছেন কি ব্লুৱান্ত দেখিতে লাগিলেন। দেখিলেন, পূর্যা প্রকাশ ছইয়াছে। কুজবাটিকার অন্ধকার রাশি ছইতে দিঙ্যগুল একেবারে বিযুক্ত হইয়াছে। বেলা প্রায়[,] প্রহ্রাতীত इहेशार्छ। त्य द्यारन त्नीका व्यामिशार्ष्ट. तम श्राह्य महाममूख नरह, নদীর মোহানা মাত্র, কিন্তু তথায় নদীর যেরূপ বিস্তার সেরূপ বিস্তার আর কোথাও মাই। নদীর এক কুল দৌকার অতি নিকট-বন্ত্রী বটে-এমন কি পঞ্চাশৎ ছন্তের মধ্যাগত : কিন্তু অপর কুলের **विद्वराज (मर्थ) यात्र ना। त्य मिटक नत्रन कितान बाह्र, टमरे मिटकरे टार्था यात्र, अनस अनदानि इक्षनद्विद्यामानाश्चनीस स्टे**शा भगम आरस भगम महिल मिनाहियात्छ । निक्रेक जल, महत्राहत

সকর্দ্ধন নদী জনবর্ণ, কিন্তু দূর্দ্ধ বারিরাশি নীলপ্রভ। আরোহীরা নিশ্চিত নিদ্ধান্ত করিলেন যে তাঁহারা মহাসমুদ্রে আসিয়া পড়িয়া-ছেন, তবে সোভাগা এই যে উপকূল নিকটে, আশহার বিষয় নাই। স্থা প্রতি দৃষ্টি করিয়া দিক নিরূপিত করিলেন। সমুখে যে উপকূল দেখিতেছিলেন, সে সহজেই সমুদ্রের পশ্চিম ভট বলিয়া সিদ্ধান্ত হইল। তটমধ্যে নোকার অনতি, দূরে এক নদীর মুখ মন্দ্রণামী কলধোতপ্রবাহবহু আদিয়া পড়িতেছিল। সন্দ্রম স্থা মন্দ্রণামী কলধোতপ্রবাহবহু আদিয়া পড়িতেছিল। সন্দ্রম স্থান দক্ষিণ পাশ্বের্ব রহুহু সৈকত ভূমিখণ্ডে টিট্রিভাদি পক্ষিণণ অগণিত সংখ্যার ক্রীড়া করিডেছিল। এই নদী এক্ষণে "রম্প্রন-প্রের্থ নদী" নাম ধারণ করিয়াছে।

দ্বিতীয় পরিচ্ছেদ।

উপকূলে।

Ingratitude! Thou marble hearted fiend!—

King Lear.

আরোহীদিগের স্ফুর্ত্তিবাঞ্জক কথা সমাপ্ত হইলেন নাবিকেরা প্রস্তাব করিল যে জোরারের আরও কিঞ্জিং বিলম্ব আছে;— এই অবকাশে আরোহিগণ সমাপুষ্য সৈকতে পাকাদি সমাপন কৰুন; পরে জলোচছাস আরম্ভেই স্বদেশাভিমুখে যাতা করিছে পারিবেন। আরোহিবর্গেও এই পরামর্শে সম্মতি দিলেন। তথন নাবিকেরা তরী তীরল্য করিলে আরোহিগণ অবতরণ করিয়া স্নানাদি প্রাতঃক্ষতা সম্পাদনে প্রর্ত্ত হইলেন।

স্থানাদির পর পাকের উদ্যোগে আর এক মূত্র বিপত্তি উপ-ছিত হইল,—নোকায় পাকের কার্চ নাই। ব্যান্তভয়ে উপর হইতে কার্চ সংগ্রহ করিয়া আনিতে কেহই স্থীকৃত হইল না। পরিশেষে সকলের উপবাসের উপক্রম দেখিরা প্রাচীন প্রাগুক্ত যুবাকে সংবাধন করিয়া কছিলেন, "বাপু নবকুমার! তুমি ইছার উপায় না করিলে আমরা এত গুলিন লোক মারা যাই।"

নবকুমার কিঞ্জিৎ কাল চিত্তা করিয়া কহিলেন, "আচছা, আমিই যাব; কুড়ালি দাও, আর দালইয়া এক জন আমার সক্ষে আইস।"

কেহই নবকুগারের সহিত যাইতে চাহিল না।

" থাবার সময় বুঝা যাবে " এই বলিয়া নবকুমার কল্পাল বন্ধন পূর্বক একক কুঠার হত্তে কাঠাছরণে চলিলেন।

ভীরোপরি আরোছণ করিয়া নবকুমার দেখিলেন যে বতদূর দৃষ্টি চলে ডভ দূর মধ্যে কোখাও বসভির লক্ষণ কিছুই নাই। কেবল বন মাত্র। কিন্তু সে বন, দীর্ঘ ব্লকাবলৈশোভিত বা নিবিড্ वन नरह ;— किवन ছानि ছानि क्या क्या छिख्छ मधनाकाद्व কোন কোন ভূমিখণ্ড ব্যাপিয়াছে। নবকুমার ভ্রমধ্যে আহরণ-যোগা কাষ্ঠ দেখিতে পাইলেন না; সুতরাং উপযুক্ত রুক্ষের अञ्चनक्षारम , नमीजिं इहेर्ड अधिक मृत गमन कतिर् इहेन। পরিশেষে ছেদনযোগ্য একটি ব্লক্ষ পাইয়া তাহা হইতে প্রয়ো-জনীয় কাঠ সমাহরণ করিলেন। কাঠ বহন করিয়া আনা আর এক বিষম কঠিন ব্যাপার বোধ ছইল। নবকুমার দরিদ্রের সন্তান ছিলেন ৰা, এ সকল কৰ্মে অভাাস ছিল না, সমাকু বিবেচনা না क्रिया कार्ष आह्तरा आमिशाहित्वन, किन्छ এक्ररा कार्ष्ठ जात्र বছন বড় ক্লেশকর হইল। যাহাই হউক, যে কর্মে প্রব্রুত ছইয়া-एकन, जोकारक व्याप्त कांस इश्रा नवकूमारवृत खर्काव किन ना. এজন্য তিনি কোন মতে কাষ্ঠভার বছিয়া আনিতে লাগিলেন। কিয়দ্র বছেন, পরে ক্ণেক বসিয়া বিশ্রাম করেন, আবার वरहम ; এইक्र्र आमिर्ड नांशितम ।

এই হেতুবশতঃ নবকুমারের প্রত্যাগমনে বিলম্ব ছইতে লাগিল। এদিকে সমভিত্যাহারিগণ তাঁহার বিলম্ম দেখিল

উবিশ্লটিও হইতে লাগিল; তাহাদিগের এইরূপ আশকা হইল, যে নবকুমারকে বাড়ে হতা করিয়াছে। সম্ভাব্য কাল অতীত হইলে এই রূপেই তাহাদিগের হৃদয়ে ছির্সিদ্ধান্ত হইল। অ্থচ কাহারও এমত সাহস হইল না যে তীরে উঠিয়া কিয়দ্র অএসর হইয়া তাঁহার অনুসন্ধান করেন।

त्निकारिता किंगन अवेक्षण कल्लामा किंति किंग के कार्या कर्म-রাশি মধ্যে ভৈরব কল্লোল উত্থাপিত হইল। নাবিকেরা বুঝিল যে " জোয়ার" আসিতেছে। নাবিকেরা বিশেষ জানিত যে এ সকল স্থানে জলোচ্ছু মকালীন ভটদেশে এরপ প্রচণ্ড তর-ক্ষাভিঘাত হয় যে তখন নে কাদি তীরবর্তী থাকিলে ভাষা থগু থও হইয়া যায়। এজন্য তাহারা অভিব্যত্তে নেকার বন্ধন মোচন করিয়া নদী-মধাবর্তী ছইতে লাগিল। নে কা মুক্ত ছইতে না ছইতেই সমাধস্থ সৈকত ভুমি জলপ্লুত ছইয়া গেল, যাত্তিগণ কেবল মাত্র ত্রন্থে নৈ কার উঠিতে অবকাশ পাইরাছিল; তণ্ডলাদি যাহা যাহা চরে স্থিত হইয়াছিল, তৎসমুদায় ভাসিয়া গেল। মুর্ভাগা-বশতঃ তৎকালে পক্ষের প্রথম ভাগ; জলবুদ্ধির হুর্দ্দম বেগ; नां विद्युत (न)का मामलाहेट शांद्रिल ना ; श्रवल जलश्रवांहरवर्श তর্ণী রমুলপুর নদীর মধ্যে লইয়। চলিল। এক জন আরোহী কহিল, " নবকুমার রহিল যে ?" একজন নাবিক কহিল "আঃ ভোর নবকুমার! নবকুমার কি আছে? ভাহাকে শিয়ালে থাইয়াছে।"

জলবেণে নে কা রস্থলপুরের নদীর মধ্যে লইয়া যাইতেছে, প্রভাগমন করিতে বিস্তর ক্লেশ হইবে, এই জন্য নাবিকের। প্রাণ পণে ভাষার বাহিরে আদিতে চেফ্টা করিতে লাগিল। এমন কি, দেই মাঘ মাদে ভাষাদিগের ললাটে স্বেদক্ষতি হইতে লাগিল। এরপ পরিশ্রমদ্বারা রস্থলপুর নদীর ভিতর হইতে বাহিরে আদিতে লাগিল বটে, কিন্তু নে কা যেমন বাহিরে আদিল, অমনি ভথা-কার প্রবন্তর প্রোতে উত্তরমুখী হইয়া ভীরবং বেগে চলিল, নাবিকেরা ভাষার ভিলাদ্ধ মাত্র সংযম করিতে পারিল না। নোকা আর ফিরিল না।

্যথন জলবেগ এমত মন্দীভূত ছইয়া আসিল যে নে কার গতি সংঘত করা যাইতে পারে, তথন যাত্রীরা রম্বপুরের মোছানা অতিক্রম করিয়া অনেক দুর আসিয়াছিলেন। এখন, নবকুমারের জন্য প্রভাবর্ত্তন করা যাইবে কি লা, এবিষয়ের মীমাংসা আবশ্যক ছইল। এই স্থানে বলা আবশ্যক যে নবকুমারের সহযাত্রীরা তাঁছার প্রতিবেশী মাত্র, কেছই আত্মবন্ধু নছে। তাঁছারা বিবেচনা করিয়া দেখিলেন, যে তথা ছইতে প্রতিব্রত্তন করা আর এক ভাটার কর্ম। পরে রাত্রি আগত ছইবে, আর রাত্রে নােকা চালনা ছইতে পারিবে না, অতএব পরদিনের জোয়ারের প্রতীক্ষা করিতে ছইবক। একাল পর্যান্ত সকলকে জনাছারে থাকিতে ছইবেক। দুই দিন নিরাছারে সকলের প্রাণ একাগত ছইবেক। বিশেষ নাবিকেরা প্রতিগমন করিতে অসম্মত; তাছারা কথার বাধ্য লছে। তাছারা বলিতেছে যে নবকুমারকে ব্যাছ্রে ছত্যা করিয়াছে। তাছাই সম্ভব। তবে এত ক্লেশ স্বীকার কিজন্য?

এইরপ বিবেচনা করিয়া যাত্রীরা নবকুমার বাতীত অদেশ গমনই উচিত বিবেচনা করিলেন। নবকুমার সেই ভীষণ সমুদ্রতীরে বনবাসে বিসর্জ্বিত হইলেন।

পাঠক ! তুমি শুনিয়া প্রতিজ্ঞা করিতেছ তুমি কখন পরের উপবাস নিবারণার্থ কাষ্ঠাহরণে যাইবে না ? যদি এমত মনে কর, তবে তুমি পামর—এই ষাত্রীদিণের ন্যায় পামর। আজ্ঞেশ-কারীকে বনবাসে বিসর্জ্জন করা যাহাদিণের প্রকৃতি, তাহারা চিরকাল আজ্মেপকারীকে বনবাস দিবেক—কিন্তু যতবার বন-বাসিত করুক না কেন, পরের কাষ্ঠাহরণ করা যাহার স্বভাব, সেপুনর্কার পরের কাষ্ঠাহরণে যাইবে। তুমি অধম—তাই বলিয়া-ভামি উত্তম না হইব কেন?

ভতীয় পরিচ্ছেদ।

नि जरम्

-Like a veil

Which if withdrawn, would but disclose the frown
Of one who hates us, so the night was shown
And grinly darkled o'er their faces pale
And hopeless eyes

Don Juan.

যে স্থানে নবকুমারকে ভাগে করিলা যাত্রীরা চলিয়া যান, ভাহার অনতিদুরে দেপিতপুর ও দরিয়াপুর নামে তুই ক্ষুদ্র প্রাম এক্ষণে पुछे इश्चः श्रेतुक य मगरव्य वर्गनांग्र आगता **श्र**ेतुक इहेग्नाहि, দে সময়ে তথায় মনুষাবসতির কোন চিহ্ন ছিল না; জরণামর गांत । किन्न वन्नतानात अनात प्रिय राज्य महत्ताहत अनुमदां जिनी. এ প্রদেশে দেরপে নহে। রস্ত্রপুরের মুখ ছইতে সুবর্ণরেখা পর্যান্ত অবাধে ক্ষেত্রক ব্যোজন পথ ব্যাপিত করিয়া এক বালকা-স্তুপশ্রেণী বিরাজিত আছে। আর কিছু উচ্চ হইলে ঐ বালুকা-স্ত প্রেণীকে বালুকাময় কুদ্র পর্বভ্রেণী বলা ঘাইতে পারিত। amen ceter के शिरक वालिशांकि वटन। के मकन वालिशांकित ধবল শিশরমালা মধ্যাক্তর্যাকিরণে দূর ছইতে অপূর্বে প্রভা-ৰিশিক্ট দেখায়। উহার উপর উচ্চরক্ষ জন্মায় দা। ভূপতলে मामाना क्रूज रन कृत्रिया थारक, किन्छ यथा रमर्ग वा गिरता जारा প্রায়ই ছায়াখুন্য ধবল শোভা বিরাজ করিতে থাকে। অধোভাগ-मखनकांती त्रकां नित्र मत्या किया. याहि, वनवां डे, बवर वन श्रकां ह অধিকু।

এই রূপ অপ্রফুল্লকর স্থানে নবকুমার সন্ধিগণ কর্তৃক পরিত্যক্ত হইয়াছিলেন। তিনি প্রথমে কাষ্ঠভার লইয়া নদীতীরে আসিয়া

নে কা দেখিলেন না; তথন তাঁহার অকল্যাৎ অত্যন্ত ভয়সঞার হটল বটে, কিন্তু সঞ্জিগণ যে তাঁছাকে একেবারে পরিত্যাগ कद्या शिशंद्र अया त्यां इहेन मा। वित्वहना क्रिलन, जला-চ্ছাসে দৈকতভূমি প্লাবিত হওয়ায় তাঁহারা নিকটত্থ অন্য কোন म्हार्त रम्का तका कतिमारहन, भीख छाहारक मन्नान कतिया नहे-বেন। এই প্রত্যাশীয় কিয়ৎকণ তথায় বসিয়া প্রতীক্ষা করিতে नागितनः किस त्रीका आहेन मा। त्रीकारताही अ तक रमशा দিল না। নবকুমার কুগার অত্যন্ত পীড়িত হইলেন। আর প্রতীক্ষা করিতে না পারিয়া, দেবিধার সন্ধানে নদীর ভীরে ভীরে ফিরিভে नागितन। काथां कार्या मनान भारतन ना। अजावर्जन করিয়া পূর্বেস্থানে আসিলেন তথন পর্যান্ত নেকা না দেখিয়া বিবেচনা করিলেন, জোয়ারের বেগে নের্কা ভাসাইয়া লইয়া গিয়াছে: এখন প্রতিকূল স্রোতে প্রত্যাগমন করিতে সঙ্গীদিগের कांद्रिक कांद्रिके विनय स्टेटिक किंक क्षिप्रांत्रिक स्मि स्टेन। তথন ভাবিলেন, প্রতিকূল স্রোতের বেগাধিক্যবশতঃ জোয়ারে নেকা ফিরিয়া আসিতে পারে নাই: একণে ভাঁটার অবশ্য ফিরিয়া আদিতেছে। কিন্তু ভাঁটাও ক্রমে অধিক হইল-ক্রমে क्ता (दनावमान इहेबा आमिन; चुर्वाच्य इहेन! यकि तर्नाका কিবিয়া আসিবার হইত, তবে এতক্ষণ ফিরিয়া আসিত !

তথন নবকুমারের প্রতীতি ছইল যে হয়, জলোচ্ছাসসস্ত্ তরক্ষে নৌকা জলমগ্ন ছইয়াছে, নচেৎ সঙ্গিণ তাঁহাকে এই বিজনে পরিত্যাগ করিয়া গিয়াছেন।

পর্বতভলচারী ব্যক্তির উপরে শিথরথও ভাঙ্গিয়া পড়িলে ভাষাকে যেমন একেবারে নিম্পেষিত করে, এ সিদ্ধান্ত জন্মাত্র নবকুমারের হৃদয়, সেইরূপ একেবারে নিম্পেষিত হইল।

এ সময়ে, নবকুষারের মনের অবস্থা যেরূপ ছইল, ডাছার বর্ণনা অসাধ্য। সঙ্কিগণ প্রাণে নফ ছইয়া থাকিবেক, এরূপ সন্দেছে পরিভাপযুক্ত ছইলেন বটে, কিন্তু আপনার বিপদ্ন অবস্থার সমালোচনার সে শোক শীত্র বিশ্বত হইলেন। বিশেষ যথন মনে হইতে লাগিল যে হয়ত সঙ্গীরা তাঁহাকে তাগে করিয়া গিয়াছে, তথন ক্রোধের বেগে শোক দূর হটুতে লাগিল।

নবকুমার দেখিলেন যে প্রাম নাই, আঞার নাই, লোক নাই, আহার্য্য নাই, পের নাই; নদীর জল অসহা লবণাত্মক; অথচ কুবা তৃষ্ণার তাঁহার হাদর বিদীর্ণ হইতেছিল। একে তুরন্ত শীত কাল; তাহাতে রাত্রি আগত। শীত নিবারণ জন্য আঞার নাই, গাত্রবন্ত্র পর্যন্ত নাই। এই তুষার-শীতল-বায়ু-সঞ্চারিত নদী তীরে, হিমবর্যী আকাশতলে, নিরাশ্রমে নিরাবরণে শরন করিয়া থাকিতে হইবেক। হয়ত, রাত্রি মধ্যে ব্যান্ত ভল্লুকে প্রাণ নাশ করিবেক। আদা না করে কলা করিবে। প্রাণনাশই নিশ্চিত।

মনের চাঞ্চলা হৈতু নবকুমার একস্থানে অধিক ক্ষণ বিসরা থাকিতে পারিলেন না। তার তাগে করিয়া উপরে উঠিলেন। ইতন্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন। ক্রমে অন্ধকার হইল। শিশিরাকাশে নক্ষত্রমগুলী নীরবে ফুটিতে লাগিল, ষেমন নবকুমারের স্থানেশে ফুটিতে থাকে তেমনি ফুটিতে লাগিল। অন্ধকারে সর্বত্র জনহীন;—আকাশ, প্রান্তর, সমুদ্র।—সর্বত্র নীরব, কেবল অবিরল-কল্লোলিত সমুদ্রগর্জন সার কদাচিৎ বন্য পশুর রব। তথাপি সেই অন্ধকারে, শীতবর্ষী আকাশতলে, বালুকাস্ত্রপের চতুঃপার্শে, ভ্রমণ করিতে লাগিলেন। কথন উপতাকার, কথন অধিত্যকার, কথন ভূপতলে, কথন ভূপদিখরে ভ্রমণ করিতে লাগিলেন। চলিতে চলিতে প্রতিপদে হিংল্ল পশু কর্ত্বক আক্রান্ত হইবার সম্ভাবনা। কিন্তু এক স্থানে ব্রিমা থাকিলেও সেই আশক্ষা।

ভ্রমণ করিতে করিতে নবকুমারের শ্রম জন্মাইল। সমস্ত দিন অনাহার; এজন্য অধিক অবসর হইলেন। এক স্থানে বালিযাড়ির পাখে পৃষ্ঠ রক্ষা করিয়া বসিলেন। গৃহের স্থাভগু শ্রমা
মানে পাড়িল। যখন শারীবিক ও মানসিক ক্রেশের অবসাদে
চিন্তা উপাছিত হয়, ভ্রখন প্রায়ই নিক্রা আদিয়া সঙ্গে সঙ্গে

উপস্থিত হয়। নবকুমার চিন্তা করিতে করিতে তন্ত্রাভিভূত হইলেন। বোধ হয়, যদি এরপ নিয়ম না থাকিত, তবে সাংসা-রিক কেশের অপ্রতিহত বেগ, সকলে সকল সময়ে সহা করিতে পারিত না।

চতুর্থ পরিচ্ছেদ।

স্তৃপশিখরে।

-"সবিশ্বরে দেখিলা অদূরে, ভীষণ-দর্শন-মূর্ত্তি। "

মেখনাদ্রধ

যথন নবকুমারের নিজাভজ হইল, তথন রজনী গভীরা: এখনও যে তাঁহাকে ব্যাত্তে হত্যা করে নাই, ইহা তাঁহার আকর্ষ্য বোধ হইল ৷ ইতন্ততঃ নিরীক্ষণ করিয়া দেখিতে লাগিলেন বাব্র আসিতেছে কি না। অকন্মাৎ সন্মুথে, বহু দূরে, একটা আলোক দেখিতে পাইলেন। পাছে ভ্রম জিম্মা থাকে, এজন্য নবকুমার মনোভিনিবেশ পূর্ব্বক তৎপ্রতি দৃটি করিতে লাগিলেন। আলোকপরিধি ক্রমে বদ্ধিতায়তন এবং উজ্জ্বলতর হইতে লাগিল-আগ্নেয় আলোক বলিয়া প্রতীতি জন্মাইল। প্রতাতি মাত্র নবকুমারের জীবনাশা পুনকদীপ্ত হইল। মলুবা সমাগম ব্যতাত এ আ্লোকের উৎপত্তি সম্ভবে না। নবকুমার গাত্তো-चान कतितन। यथाय आलाक, महे नित्क , धाविक इहेलन। একবার মনে ভাবিলেন, "এ আলোক ভেডিক?—হইতেও পারে, কিন্তু শ**ভার নিরস্ত থাকিলেই** কোন্জীবন রক্ষা হয়?" এই ভাবিয়া 'निভীকচিত্তে আলোক लक्षा করিয়া চলিলেন। इक, नजा, वांनूकांखृप परम परम छाँशांत भणिरतांध कतिरछ লাগিল। রক্ষলতা দলিত করিয়া, বালুকাভূপ লজিমত করিয়া

নবকুমার চলিলেন। আলোকের নিকটবর্তী হইয়া দেখিলেন, যে এক অত্যুক্ত বালুকাস্তৃপের শিরোভাগে অগ্নি জ্বলিতেছে, তৎপ্রভার শিথরাসীন মনুষান্ত্রি আকাশপটছ চিত্রের নামর দেখা যাইতেছে। নবকুমার শিথরাসীন মনুষোর সমীপবর্তী হইবেন ছিরসকল্প করিয়া, অশিথিলীক্কত বেগে চলিলেন। পরিশেষে স্তৃপারোহণ করিতে লাগিলেন। তখন কিঞ্ছিৎ শকা হইতে লাগিল,—তথাপি অকম্পিত পদে স্তৃপারোহণ করিতে লাগিলেন। আসীন ব্যক্তির সন্মুখবর্তী হইয়া যাহা যাহা দেখিলেন, তাহাতে তাঁহার কোমাঞ্চ হইল। তিঠিবেন কি প্রত্যান্ত্রিন করিবেন তাহা ছির করিতে পারিলেন না।

শিথরাসীন মুম্যু নয়ন মুদিত করিয়া ধ্যান করিতেছিল – নব-কুমারকে প্রথম দেখিতে পাইল না। নবকুমার দেখিলেন তাহার বয়ংক্রম প্রায় পঞ্চাশৎ বৎসর হইবেক। পরিধানে কোন কার্পাসবস্ত্র আছে কি না তাহা লক্ষ্য হইল না; কটিদেশ हरें जो जू अर्था छ नार्क निर्धा जाइछ। गनम्म क काकियाना; আয়ত মুখমগুল শাশুজ জটা পরিৰেন্ডিত। সন্মুখে কান্ডে অগ্নি জ্বলি-তেছিল—সেই অগ্নির দীপ্তি লক্ষ্য করিয়া সবকুমার সে স্থলে আসিতে পারিয়া ছিলেন। নবকুমার একটা বিকট ছুর্গন্ধ পাইতে লাগিলেন; ইহার আসন প্রতি দৃষ্টিপাত করিয়া তাহার কারণ অরুভূত করিতে পারিলেন। জটাধারী এক ছিন্ন-শীর্ষ গলিত শবের উপীর বসিয়া আছেন। আরও সভয়ে দেখিলেন বে সম্মধে নরকপাল রহিয়াছে; তত্মধ্যে রক্তবর্ণ ফরে পদার্থ রহি-য়াছে। চতুর্দ্দিকে স্থানে স্থানে অতি পড়িয়া রহিয়াছে-এমন কি যোগাদীনের কণ্ঠন্থ ক্রোক্ষালা মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র অভিথণ্ড অথিত রহিয়াছে। নবকুমার মন্ত্রমুগ্ধ হইয়া রহিলেন। অগ্রসর **रहेत्य कि शांनजांग कतित्व जाश द्वित्ज भातित्वन नाः তিনি কাপালিকদিগে**র কথা ত্রুত ছিলেন। বুবিংলেন, যে এ বাজি ছুরন্ত কাপালিক।

যথন নবকুমার উপনীত হইয়াছিলেন, তথন কাপালিক মন্ত্র সাধনে বা জপে বা ধ্যানে মগ্ন ছিলেন, নবকুমারকে দেখিয়া জক্ষেপত করিলেন না। অনেক ক্ষণ পরে জিজ্ঞাসা করিলেন "কস্ত্রত্থ" নবকুমার কহিলেন "ব্রাহ্মণ"।

কাপালিক কহিল, "ডিষ্ঠ" এই কহিলা পূর্বকার্যে নিযুক্ত হইল। নবকুমার দাঁড়াইলা রহিলেন।

এই রূপে প্রহরার গত হইল। পরিশেষে কাপালিক গাব্রোত্থান করিয়া নবকুমারকে পূর্ব্ববৎ সংস্কৃতে কহিল "মামসুসর।"

ইহা নিশ্চিত বলা যাইতে পারে যে অন্য সময়ে নবকুমার কদাপি ইহার সঙ্গী হইতেন না। কিন্তু এক্ষণে কুশা তৃষ্ণার প্রাণ কণ্ঠাগত। অভএব কহিলেন, " প্রভুর যেমত আজা। কিন্তু আমি কুমা ভৃষ্ণার বড় কাতর | কোথার গেলে আহার্য্য সামগ্রী পাইব অনুমতি ককন।"

কাপালিক কহিল, "তুমি তৈরবীর প্রেরিড; আমার সঙ্গে আইস। আহার্যাসামগ্রী পাইতে পারিবে।"

নবকুমার কাপালিকের অনুগামী ছইলেন। উভয়ে অনেক পথ বাহিত করিলেন—পথিমধ্যে কেছ কোন কথা কহিল না। পরিশেষে এক পর্ণকুটীর প্রাপ্ত ছইল—কাপালিক প্রথমে প্রবেশ করিয়া নবকুমারকে প্রবেশ করিতে অনুমতি করিল। এবং নব-কুমারের অবোধগমা কোন উপায়ে এক খণ্ড কাচে আম জালিত করিল। নবকুমার তদালোকে দেখিলেন যে ঐ কুটীর সর্কাংশে কিয়াপাতার রচিত। তশ্বধ্যে করেক খানা বাগ্রহর্ম আছে—এক কলম বারি ও কিছু কল মূল আছে।

কাপালিক অগ্নি জ্বালিত করিয়া কছিল. "ফল মূল যাহা আছে আত্মদাঁৎ করিতে পার। পর্ণপাত্র রচনা করিয়া কলস-জল পান করিও। ব্যাত্মচর্ম আছে অভিকৃতি হইলে শায়ন করিও। নির্বিষে তিন্ঠ—ব্যাত্মের ভর ক্রিও না। সময়ান্তরে আমার সহিত সাক্ষাৎ হইবে। যে পর্য্যন্ত সাক্ষাৎ না হয়, সে পর্যন্ত এ কুটার ভাগে করিও না। "

এই বলিয়া কাপালিক প্রস্থান করিল। নবকুমার সেই সামানু ফলমূল আহার করিয়া এবং সেই ঈর্যন্তিক্ত জলপান করিয়া পর্ম পরিতোষ লাভ করিলেন। পরে ব্যাক্তর্যে,শয়ন করিলেন, সমস্ত দিবস জনিত ক্লেশ হেতু শীঘ্রই নিদ্রাভিত্ত ইইলেন।

পঞ্চম পরিছেদ।

ममूज्र जि ।

''————— ষোগপ্রভাবোন চলকাতে তে বিভর্ষি চাকারমনির তানাং মৃণালিনী হৈম্মিবোপরার্গম্ম"

রযুবংশ

প্রাতে উঠিয়া নবকুমার সহজেই বাটী গমনের উপায় করিতে বাস্ত হইলেন; বিশেষ এ কাপালিকের সামিধ্য কোন ক্রমেই শ্রেমুদ্ধর বলিয়া বোধ হইল না। কিন্তু আপাততঃ এ পথহীন বলমধ্য হইতে কি প্রকারে নিজ্বান্ত হইবেন? কি প্রকারেই বা পথ চিনিয়া বাটী যাইবেন? কাপালিক অবশ্য পথ জানে; জিজ্ঞাসিলে কি বলিয়া দিবে না? বিশেষ যতদূর দেখা গিয়াছে ভতদূর কাপালিক তাঁহার প্রতি কোন শর্মাস্ট্রক আচরুশ করে নাই—কেনই বা তবে তিনি ভীত হ্যেন? এ দিকে কাপালিক তাঁহাকে পুনঃ সাক্ষাৎ পর্যান্ত কুটীর ত্যাগ করিতে নিষেধ করিয়াছে, তাহার অবাধ্য হইলে বরং তাহার রোবোৎ-পত্তির সন্তাবনা। নবকুমার ক্রমত ছিলেন যে কাপালিকেরা মন্ত্র-বলে জ্লাম্যা সাধনে সক্ষম—একারণে তাহার অবাধ্য হওয়া অসুচিত। ইত্যাদি বিবেচনা করিয়া নবকুমার আপাততঃ কুটীর নধ্যে অবস্থান করাই ছির করিলেন।

কিন্তু ক্রমে বেলা অপরাত্ম হইয়া আসিল, তথাপি কাপালিক প্রতাগমন করিল না। পূর্বেদিনৈ প্রাযোপবাস, অদ্য
প্রায়েন্ত অনশন, ইহাতে কুশা প্রবল হইয়া উঠিল। কুটার মধ্যে
যে অংশ পরিমাণ ফল মূল ছিল তাহা পূর্বে রাত্রেই ভুক্ত হইয়াছিল—এক্ষণে কুটার তাগে করিয়া ফল মূলান্বেমণ না করিলে
কুশার প্রাণ যায়। অংশ বেলা থাকিতে কুশার পীড়নে নবকুমার ফলান্বেমণে বাহির হইলেন।

নবকুমার ফলারেষণে নিকটস্থ বালুকাস্ত্রপ সকলের চারি দিকে পরিভ্রমণ করিতে লাগিলেন। যে ছুই একটা গাছ বালুকায় জন্মিয়া থাকে, তাহার ফলাস্থাদন করিয়া দেখিলেন যে এক রক্ষের ফল বাদামের ন্যায় অতি সুস্থাদ। তদ্ধারা জুশা নির্ভ করিলেন।

কথিত বালুকান্তৃপশ্রেণী প্রস্থেত অতি অপ্প, অতএব নবকুমার অম্প কাল ভ্রমণ করিয়া তাহা পার ছইলেন। তৎপরে বালুকা-বিহীন নিবীড় বন মধ্যে পড়িলেন। যাঁহারা ক্ষণকাল জন্য অপুর্বেপরিচিত বনমধ্যে ভ্রমণ করিয়াছেন, তাঁছারা জানেন त्य शर्थहीन तम मत्था क्रांगत्थाहे शर्थां खि जन्नाय। नत्रूमात्त्त তাহাই ঘটিল। কিছু দূর আসিয়া আশ্রম কোন্ পঞ রাথিয়া আসিয়াছেন ডাহা ছির করিতে পারিলেন না। গন্তীর জলকল্লোল তাঁছার কর্ণপথে প্রবেশ করিল:—তিনি বুরা-লেন যে এ সাগরগর্জন। ক্ষণকাল পরে অকল্মাৎ বন-মধা হইতে বহিৰ্গত হইয়া দেখিলেন, যে সন্মুখেই সমুদ্ৰ। অনন্ত বিস্তার নীলামুমগুল সম্মুখে দেখিয়া উৎকটানন্দে হৃদয় পরিপ্লুত হইল। সিহতাময় তটে গিয়া উপবেশন করি-লেন। ফেনিল, নীল, অনপ্ত সমুদ্র ! উভয় পাখে যত দূর চকু: বায় তত দূর পর্যান্ত ভরমভদপ্রকিও ফেনার রেখা; ভুপ-क्रं विमन कूम्मनांम अविष्ठ मानांत नाम्य, त्म ववन रक्त-द्विथा ८ इसकां ख टेमकट का का इहेबाट ; कानमक् खना धत्रीत

উপযুক্ত অলকভিরণ। নীলজনমগুল মধ্যে সহস্র সহস্র স্থানেও
সক্ষেত্রপত্ত হৈ ইতিছিল। যদি কখন এমত প্রচণ্ড বায়ু
বছন সম্ভব হয়, যে তাহার বেগে নক্ষত্রমালা সহস্রে সহস্রে
স্থানচ্যত হইয়া নীলাম্বরে আন্দোলিত হইডে থাকে, তবেই সে
সাগর তরক্ষ ক্ষেপের স্বরূপ দৃষ্ট হইড়ে পারে। এ সময়ে
অন্তগামী দিনমণির মৃত্রুল কিরণে নীল জলের একাংশ দ্রবীভূত
স্থবর্ণের ল্যার জ্বলিতেছিল। অতিদূরে কোন ইউরোপীয় বণিক
জাতির সমুদ্রপোত খেতপক্ষ বিস্তার করিয়া রহৎ পক্ষীর ন্যার
জলধিহাদেরে উড়িতেছিল।

* কভক্ষণ বে লবকুমার ভীরে বসিয়া অলন্যমনে জলধিশোভা पृष्टि कविटक नांगितनम, जिम्राह जर्कात जिमि श्रीव्रमान-त्याध-রহিত। পরে একেবারে প্রদোষ তিমির আসিয়া কাল জলের উপর বসিল। তথন নবকুমারের চেতন হইল যে আশ্রম সমান করিয়া जहेट इंहेटवर । जीर्च निश्चाम छात्रि कतिया गांद्वांचान कतितन । দীর্ঘ নিশাস ত্যাগ করিলেন কেন, তাহা বলিতে পারি না-তথন তাঁহার মনে কোন্ভূতপূর্ক সুখের উদর হইতেছিল ভাহা टक विनिद्ध ? गांद्वां श्वां म क्रिय़ म्यूट अब्र मिटक शंकां क्रिविटलन । कितियामाळ प्रिंचिन, अशुर्व मूर्खि! त्रहे शञ्जीतनामी-वाति-• धिजीदा. टेमकज्रूरम, अम्लाखे महारात्नारक फेंग्ड्राई स्रा, अशुर्ख রমণী মূর্ত্তি! কেশভার,----অবেণীসম্বদ্ধ, সংসর্গিত, রাশী-ক্লত. আগুল্ফস্বিত কেশভার; তদথো দেহর্ডু; যেন চিত্র-পটের উপর চিত্র দেখা যাইতেছে। অনকাবলির প্রাচুর্যো মুখমগুল সম্পূর্ণ রূপে প্রকাশ হইতে ছিল না-তথাপি মেগবিচ্ছেদ নিঃসত চন্দ্রবিদার নার্নর প্রতীত হইতেছিল। বিশাললোচনে কটাক অতি স্থির, অতি স্নিমা, অতি গম্ভীর, অধচ জ্যোতিশার; সে कठोक, बुद्दे मांगदहारस क्वीकां भीन हळाकित्र गत्मां प्र सिक्सा-क्कन , मीखि भाई दि हिन। दिनातां गिर्ड क्रक्रामण ७ वाल्यूगन আক্রম করিয়াছিল; ক্ষদেশ একেবারে অদৃশা; বাছ্যুগলের

বিমল জী কিছু কিছু দেখা যাইতেছিল। রমণীদেহ একেবারে নিরাভরণ। মূর্ত্তিমধ্যে যে একটা মোহিনী শক্তি ছিল, তাহ! বর্ণিতে পারা বায় না। অর্দ্ধচক্তানিংস্ত কোমুদী বর্ণ; ঘনক্রফ চিক্রজাল; পরস্পরের সামিধ্যে কি বর্ণ, কি চিকুর, উভয়েরই যে জী বিকশিত ইইতেছিল, তাহা সেই গঞ্জীরনাদী সাগরকূলে, সন্ধ্যালোকে না দেখিলে তাহার মোহিনী শক্তি অনুভূত হয় না।

नवक्षांत, कक्षां এই क्रथ क्र्यं मर्सा रेमवी मृर्खि मिथा निम्भक्षमत्तीत हहेश में फांहेरलन। ठाँहांत वाकामिक तहिछ हहेन ;—खक्क हहेश प्रहिश तहिरलन। तमगी अम्भक्शिन, क्रिनिक मांग्रिन विभाग प्रकृत हित मृष्टि नवक्ष्मारतत मूर्थ नास्त करिश ताथितन। छेख्य मर्सा अर्डम এहे, स्व नवक्ष्मारतत मृष्टि प्रमिष्ठ मारक्त मृष्टित मांग्र, तमगीत मृष्टिष्ठ मं नक्ष्म किছूमां माहे, किन्न जांश्रा विरम्य छेरसा अकाम हहेर्जहिन।

অনস্তর সমুদ্রের জনহীন তীরে, এইরপে বহুক্ষণ ছুই জনে চাহিয়া রহিলেন। অনেক ক্ষণ পরে তহুণীর কণ্ঠস্বর শুনা গোল। তিনি জাতি মুদ্ধারে কহিলেন, '' পথিক, তুমি পথ হারাইয়াছ ?"

এই কণ্ঠস্বরের সঙ্গে নবকুমারের হৃদয়বীণা বাজিয়া উঠিল।
বিচিত্র হৃদয়বল্পের ভন্তাচর সময়ে সময়ে এরপ লয়হীন হইয়া
থাকে, যে যত যতু করা যায়, কিছুতেই পরস্পর মিলিত হয়
না। কিন্তু একটা শন্দে, একটা রমণীকণ্ঠসন্তৃত স্বরে, সংশোধিত
হইয়া যায়। সকলই লয়বিশিষ্ট হয়। সংসার্যাত্রা সেই অবধি
সুধ্ময় সঙ্গীত্রবাহ বলিয়া বোধ হয়। নবকুমারের কর্ণে লেইরপা
এ ধনি বাজিল।

"পথিক, তুমি পথ হারাইরাছ।" এ ধনি নবকুমারের কর্ণে প্রবেশ করিল। কি অর্থ, কি উত্তর করিতে হইবে, কিছুই মনে হইল না। ধনি যেন অন্তত্তন পর্যান্ত প্রবেশ করিল; রোমাবলি মধ্যে যেন হর্ষবিকম্পিত হইরা বেড়াইতে লাগিল; যেন প্রনে দেই ধনি বহিল; র্কপত্তে স্মারিত হইতে লাগিল; मार्गविष्या एक रखी चूछ हहेए नार्गित। मार्गविषया शृथिवी स्मावी: व्यक्ती: व्यक्ती: व्यक्ती: व्यक्ती: व्यक्ती: व्यक्ति: व्

त्रभी कांन छेखत ना भारेश कहिलन, "आरेम।" अर्र विनया छक्नी छिननः शीरत शीरत छिननः भारक्षभ नका रत्र ना। वमस्रभारत मनानिन-मक्षानिख खेख 'म्प्रिक भीरत बीरत. जनका भाषितक्रिश छिननः नवकूमात करनत श्रुक्तीत नाम्य मस्य छिन्दन। अर्थ श्रांत अरुपे कृष्य वन भित्रविकेन कतिरख रहेरवः, वरनत जस्तु गर्मन श्रांत आर्त सम्बर्गिक स्मिथिछ भीरेस्नन ना। वन रवस्तित भन्न सार्थन स्मित्

यके श्रीतरम्बन ।

কাপালিক সঙ্গে।

" কথং নিগড়সংযতাসি ক্রতম্ নয়ামি ভবতীমিতঃ"——

त क्रा**व**ली

নবকুমার কুটীরমধ্যে প্রবেশ করিয়া দার সংযোজন পূর্ব্বক করতলে মন্তক দিয়া বসিলেন। শীব্র আর মন্তকোত্তোলন করিলেন না।

"এ কি দেবী—মানুষী—না কাপালিকের মারা মাতা!" নবকু-মার নিস্পান্দ হটরা হানর মধ্যে এই কথার আন্দোলন করিতে লাগিলেন। কিছুই বুঝিতে পারিলেন না।

জগতীর পদার্থ বা ঘটনা সকলের সম্বন্ধ বিচারাকাজফী চিত্ত-মাত্রেরই এক এক দিন কোন বিচিত্র ঘটনায় চমংকার হেতুক মনোরত্তি সকল নিশ্চেষ্ট হইয়া পড়ে; পুর্বের যাবতীয় স্থিন-সিদ্ধান্ত সকল উন্মৃতিত হয়। নব্তুমারের ডাহাই হইন। স্তরাং তিনি দারকল্প করিয়া যে নিশ্চেষ্ট হইবেন তাহার বিচিত্র কি! এইরপ্লেনামনক্ষ ছিলেন বলিয়া, নবকুমার আর একটা ব্যাপার দেখিতে পান নাই। সেই কুটার মধ্যে তাঁহার আগমন পূর্বাবিধ এক থানি কাঠ জুলিতেছিল। পরে যথন অনেক রাত্রে মরণ হইল যে সাম্মাক্তরতা অসমাপ্ত রহিয়াছে—তথন জলা-বেষণ অনুরোধে চিন্তা হইতে কান্ত হইয়া এ বিষয়ের অসম্ভাবিতা হদয়লম করিতে পারিলেন। শুধু আলো নহে, তণ্ডুলাদি-পাকো-প্রোগী কিছু কিছু সাম্প্রীও আছে। নবকুমার বিশ্বত হইলেন না—মনে করিলেন যে এও কাপালিকের কর্মা—এ স্থানে বিশ্বরের বিষয় কি আছে।

"শস্যঞ্চ গৃহমাগতং" মন্দ কথা নহে। "ভোজ্ঞ উদরাগতং" বলিলে আরও স্পৃত্ত হয়। নবকুমার এ কথার মাহাত্মা না বুঝি-তেন এমত নহে। সায়ংক্তা সমাপনান্তে তণ্ডুল গুলিন কুটীর মধ্যে প্রাপ্ত এক মৃৎপাত্তে সিদ্ধ করিয়া আত্মসাৎ করিলেন।

পরদিন প্রভাতে চর্মান্যা ইইতে গাত্রোপান করিয়াই সমুদ্রতীরাতিমুখে, চলিলেন। পূর্বাদিনের যাতায়াতের গুণে অদ্য
অপে কটে পথ অনুভূত করিতে পারিলেন। তথার প্রাভঃক্তা
সমাপন করিয়া প্রতীক্ষা করিতে লাগিলেন। কাহার প্রতীক্ষা
করিতে লাগিলেন? পূর্বাদ্টা মায়াবিনী পুনর্বার সে স্থলে যে
আসিবেন—এমত আশা নবকুমারের হৃদয়ে কত দূর প্রবল হইয়াছিল বলিতে পারি না—কিন্তু সে স্থান তিনি ত্যাগ করিতে
পারিলেন না। অনেক বেলাতেও তথায় কেহ আসিল না।
তথন নবকুমার সে স্থানের চারি দিকে ভ্রমিয়া বেড়াইতে লাগিলেন। রথা অন্নেবার ফিরিয়া আসিয়া সেই স্থানে উপবেশন
করিলেন। স্থা অন্তগত হইল; অন্ধনার হইয়া আসিয়ে লাগিল;
নবকুমার হতাশ হইয়া কুটারে ফিরিয়া আসিলেন। সায়াহ্বালে
সমুদ্রতীর ইইতে প্রভাগ্রমন করিয়া নবকুমার দেখিলেন যে

কাপালিক কুটার মধ্যে ধরাতলে উপবেশন করিয়া নিঃশকে আছে। নবকুমার প্রথমে স্থাগত জিজ্ঞাসা করিলেন; তাহাতে কাপালিক কোন উত্তর করিল না।

নবকুমার কহিলেন, ''এ পর্যাস্ত অভুর দর্শনে কি জন্য বঞ্জিড ছিলাম ?" কাপালিক কহিল, ''নিজব্রতে নিযুক্ত ছিলাম।"

নবকুমার গৃহ গমনাভিলাষ ব্যক্ত করিলেন। কহিলেন "পথ অবগত নহি—পাথের নাই; বদ্বিভিত বিধান প্রভুর সাক্ষাৎ লাভ হইলে হইতে পারিবে এই ভরসার আছি।"

কাপালিক কেবল মাত্র কৃথিল " আমার সঙ্গে আগমন কর।" এই বলিয়া উদাসীন গাত্রোখান করিলেন। বাটী যাইবার কোন সতুপার হইতে পারিবেক প্রত্যাশার নবকুমারও ভাহার পশ্চাদ্ভী হইলেন।

তথনও সন্ধালোক অন্তর্হিত হয় নাই—কাপালিক অগ্রে অগ্রে নবকুমার পশ্চাৎ পশ্চাৎ যাইতেছিলেন। অকল্মাথ নবকুমারের পৃষ্ঠদেশ কাহার কোমল করম্পর্শ হইল। পশ্চাৎ কিরিয়া যাহা দেখিলেন তাহাতে স্পন্দহীন হইলেন। দেই আগুল্ফলম্বিত-নিবিড়কেশরাশি-ধারিণী বন্যানেবীমূর্ত্তি! পূর্বাবহ নিংশন্দ; নিস্পন্দ। কোথা হইতে এ মূর্ত্তি অকল্মাথ তাহার পশ্চাতে আদিল? নবকুমার দেখিলেন, রমণী মুথে অঙ্গুলি প্রদান করিয়াছে। নবকুমার বুঝালেন যে রমণী বাকাস্ফূর্ত্তি নিষেধ করিতেছে। নিষেধের বড় প্রয়োজনও ছিল না। নবকুমার কি কঞ্জা কহিবেন? তিনি তথায় চমংক্লত হইয়া দাঁড়াইলেন। কাপালিক এ সকল কিছুই দেখিতে পাইল না, অগ্রসর হইয়া চলিয়া গেল। তাঁহারা উদাসীনের শ্রবণাতিক্রান্ত হইলে রমণী মৃদ্ধন্বরে কি কথা কহিল। নবকুমারের কর্ণে এই শন্দ প্রবেশ করিল,

"কোথা বাইতেছ ? যাইও না। ফিরিয়া যাও—পলায়ন কর।" এই কথা সমাপ্ত করিয়াই উক্তিকারিণী সরিয়া গেলেন, প্রত্যুক্তর श्रीमिवांत जमा जिलितम मा। नवकूमांत कित्र-कांन अखिजू जित मात्र में फांकेतम ; श्रीकरण कमात्र श्रमाप्त की इकेट वा श्री क्वेरलम, किस तमगी को निर्म मिरक शंन जांकात किलू हे जित्र को शांकेतम मा। मरन कित्र जांगिरलम—" अ कांकात मात्र। १ मा आमात्र हे जम क्वेरजिस ? या कथा श्रीमिनाम—स्मिष्ठ जांमका श्रम किस किरमत जांमका ? जोजिरकता मकन के कित्र जांगित। जरव कि श्रमाहेव ? कांथांत्र श्रमाहेवांत कांम आहि ?"

নবকুমার এই রূপ চিন্তা করিতেছিলেন, এমত সময়ে দেখিলেন কাপালিক তাঁহাকে সঙ্গে না দেখিয়া প্রত্যাবর্ত্তন করিতেছে। কাপালিক কহিল, "বিলম্ব করিতেছ কেন?"

ষথন লোকে ইতিকর্ত্তব্য স্থির না করিতে পারে, তথন তাহাদিগকে যে দিকে প্রথম আহ্ত করা বার, সেই দিকেই প্রবৃত্ত হয়। কাপাদিক পুনরাহ্বান করাতে বিনা বাক্য ব্যয়ে নবকুমার তাঁহার পশ্চাদ্বর্তী হইলেন।

কিয়দ্ব গমন করিয়া সম্পুথে এক মৃৎপ্রাচীরবিশিন্ট কুটীর দেখিতে পাইলেন। তাহাকে কুটীরও বলা যাইতে পারে. কুদ্র গৃহও বলা যাইতে পারে। কিন্ত ইহাতে আমাদিগের কোন প্রয়োজন নাই। ইহার পালাভেই সিকতাময় সমুদ্রভীর। গৃহ-পার্শ দিয়া কাপালিক নবকুমারকে সেই সৈকতে লইয়া চলিলেন; এমত সময়ে তীরের তুলা বেগে পূর্বেদ্ন্ট রমণী তাঁহার পার্শ দিয়া চলিয়া গেল। গমন কালে তাঁহার কর্ণে বলিয়া গেল শ্রথমও পলাও। নসমাংস নহিলে তাল্পিকের পূজা হয় না তুমি কি জান না?"

নবকুমারের কপালে স্বেদবিগম হইতে লাগিল। ছুর্ভাগা-বশতঃ মুবতীর এই কথা কাপালিকের কর্ণেগেল। গন্তীরস্বরে সে কছিল, "কপালকুগুলে!"

শ্বর নবকুমারের কর্ণে মেঘগর্জনবৎ ধনিত ছইল। কিন্তু কপানকুগুলা কোন উত্তর দিল না। কাপালিক নবকুমারের হস্তধারণ করিয়া লইয়া যাইতে লাগিল। মানুষযাতী করস্পর্শে নবকুমারের শোনিত ধমনীমধ্যে শতগুণ বেগে প্রধাবিত হইল—লুপ্তসাহস পুনর্কার আসিল। কহিলেন, "হস্ত ভাগে কঞ্চন।"

কাপালিক উত্তর করিল না। নবকুমার পুনরপি জিজ্ঞাসা করিলেন, "আমায় কোথায় লইয়া যাইতেছেন.?"

কাপালিক কহিল '' পূজার ছানে।'' নৰকুমার কহিলেন " কেন ?'' কাপালিক কহিল " বধার্থ।''

অতিতীব্রবেণে নবকুমার নিজহস্ত টানিলেন। যে বলে তিনি
হস্ত আকর্থিত করিয়াছিলেন, সচরাচর লোকে হস্তরক্ষা করা
দূরে থাকুক—বেণে ভূপতিত হইত। কিন্ত কাপালিকের অঙ্গনাত্রও
হেলিল না;—নবকুমারের প্রকোষ্ঠ তাহার হস্তমধ্যেই রহিল।
নবকুমারের অন্থিন্থি সকল যেন ভগ্ন হইয়া গেল। মুমূর্যুর
নায় কাপালিকের সঙ্গে সঙ্গে চলিলেন।

দৈকতের মধ্যস্থানে নীত হইরা নবকুমার দেখিলেন পূর্বে দিনের ন্যায় তথায় রহৎকাঠে অগ্নি জ্বলিতেছে। চতুঃপাখে তান্ত্রিকপূজার আয়োজন রহিয়াছে, তন্মধ্যে নরকপালপূর্ণ আদব রহিয়াছে—কিন্তু শব নাই। অনুমান করিলেন তাঁহাকেই শব হইতে হইবে।

কতকগুলিন শুদ্ধ কঠিন লতাগুল্ম তথার পুর্বেই আছরিত ছিল ৮ কাপালিক তদ্ধারা নবকুমারকে দৃঢ়তর বন্ধন করিতে আরম্ভ করিলেন। নবকুমার সাধ্যমত বলপ্রকাশ করিলেন। কিন্তু বলপ্রকাশ কিছুমাত্র ফলদারক ছইল না। তাছার প্রভীতি ছইল যে এ বয়সেও কাপালিক মন্ত ছন্তীর বলধারণ করে। দুবকুমারের বলপ্রকাশ দেখিয়া কাপালিক কছিল,

" মূর্য! কি জন্য বল প্রকাশ কর! ভোমার জন্ম আজি সার্থক ছইল। ভৈরবীর পূজার ভোমার এই মাংস পিও অপিত ছইবেক, ইহার অধিক ভোষার তুলা লোকের আর কি সে∫ভাগা **হইতে** পারে?'

কাপালিক নবকুমারকে দৃচ্ভর বন্ধন করিয়া সৈকভোপরি কেলিয়া রাখিলেন। এবং বধের আকালিক পূজাদি ক্রিয়ায় ব্যাপ্ত হইলেন।

শুষ্ক লতা অতি কঠিন—বন্ধন অতিদৃঢ়—মৃত্যু আসন্ন! নবকুমার हेक्टिमर हत्र हिन्छ निविष्ठे कितिलन। अक वांत्र अवाज्ञि मतन পড়িন; নিজ সুখের আলয় মনে পড়িল, এক বার বহুদিন অন্তর্হিত জনক এবং' জননীর মুখ মনে পড়িল, ছুই এক বিন্দু অঞ্জল সৈকত বালুকার শুবিয়াগেল। কাপালিক বলির প্রাক্কালিক ক্রিয়া ममालनारिन्त वधार्थ थड़ना लहेबांत जना जामन जाग कतिया छैठिन। কিন্তু যথার খড়ারক্ষণ করিয়াছিলেন তথার খড়া পাইলেন না। আশ্চর্যা! কাপালিক কিছু বিশ্বিত হইল তাহার নিশিত ম্মরণ ছিল যে অপরাফ্লে খজা আনিয়া উপযুক্ত ছানে রাথিয়া हिल्लन अवर श्रानास्त्रव करतन नाहे, उत्व थ्या काथांत्र रान? কাপালিক ইতন্ততঃ অনুসরান করিলেন। কোথাও পাইলেন না। ভথন পূৰ্ত্তকথিত কুটীৱাভিমুখ ছইয়া কপালকুগুলাকে ডাকি-লেন; কিন্তু পুনঃ পুনঃ ডাকাতেও কপালকুগুলা কোন উত্তর দিল না। তথন কাপালিকের চক্ষু লোছিত, ভাযুগ আঁকুঞ্চিত ছইল। তিনি দ্ৰুত পাদবিকেপে গৃহাভিমুখে চলিলেন; অবকাশে বন্ধনলভা ছিন্ন করিতে নবকুমার আর এক বার যতু পাইলেন-किन्छ म यजु निक्क इरेल।

এমত সমরে নিকটে বালুকার উপর অতি কোমল পদগুনি ছইল—এ পদগুনি কাপালিকের নহে। নবকুমার নরন ফিরাইরা দেখিলেন সেই মোহিনী—কপালকুগুলা। ভাষার করে থজা ছুলিভেছে।

কপালকুওলা কহিলেন "চুপ! কথা কহিও না—থজা আমারই কাছে—আমি চুরি করিয়া রাখিয়াছি।" এই পলিয়া কপালকুগুলা অতি শীন্ত হত্তে নবকুমারের লতাবন্ধন থড়া দ্বারা ছেদন করিতে লাগিলেন। নিমেষ মধ্যে তাহাকে মুক্ত করিলেন। কছিলেন, "পলায়ন কর; আমারু পশ্চাৎ আইস, পথ দেখাইয়া দিতেতি।"

এই বলিরা কপালকুগুলা তীরের ন্যার বেগে পথ দেখাইরা চলিলেন। নবকুষার লক্ষদান করিষা তাঁহার পশ্চাৎ অনুসরণ করিলেন।

मश्रमं शतिराक्ति।

अरबग्रा ।

And the great lord of Luna
Fell at that deadly stroke;
As falls on Mount Alvernus
A thunder-smitten oak.

Lans of Ancient Rome.

এ দিকে কাপালিক গৃহ মধ্যে তন্ন তন্ন করিয়া অনুসন্ধান করিয়া না থজা লা কপালকুগুলাকে দেখিতে পাইয়া সন্দিশ্ধচিতে সৈকতে প্রভাবৈর্ত্তন করিল। তথায় আসিয়া দেখিল যে নবকুমার ভথায় নাই। ইহাতে অত্যন্ত বিশ্বয় জন্মাইল। কিয়হ ফণ পুরেই ছিন্ন লভা বন্ধনের উপর দৃষ্টি পজিল। তথন স্বরূপ অনুভূত করিতে পারিয়া কাপালিক নবকুমারের অবেষণে ধাবিত হইল। কিন্ধ বিজ্ঞান মধ্যে পলাভকেরা কোন্ দিকে কোন্ পথে গিয়াছে ভাহা ছির করা ছুঃলাধ্য, অন্ধকারবশতঃ কাহাকে, দৃষ্টিপথবন্তী করিতে পারিল লা। এজনা বাক্য শন্ধ লক্ষ্য করিয়া ক্ষণেক ইতন্ততঃ জ্রমণ করিতে লাগিল। কিন্তু সকল সময়ে কণ্ঠধৃনিও শুনিতে পাওয়া গেল লা। অভন্নব বিশেষ

করিয়া চারি দিক্ পর্যাবেক্ষণ করার অভিপ্রায়ে এক উচ্চ বালিয়াড়ির শিধরে উঠিল। কাপালিক এক পাশ্ব দিয়া উঠিল; তাহার অন্যতর পাশ্বে বর্ষার জনপ্রবাহে স্তৃপমূল ক্ষয়িত হইয়াছিল তাহা সে জানিত না। শিথরে আরোহণ করিবামাত্র কাপালিকের শরীরভরে সেই পতনোমুথ স্তৃপশিখর ভগ্ন হইয়া অতি ঘোররবে তুপভিত হইল। পতনকালে পর্বতিশিখরচ্যুত মহিষের নায় কাপালিকও তৎসঙ্গে পড়িয়া পেল।

অফ্রম পরিচ্ছেদ।

আত্রা।

Romeo and Juliet.

সেই অমাবস্যার ঘোরান্ধকার যামিনীতে ছুই জনে উদ্ধাসে বন মধ্যে প্রবেশ করিলেন। বন্য পথ নবকুমারের অপরিজ্ঞাত; কেবল সহচারিণী বোড়শীকে লক্ষ্য করিয়া ভর্ম সম্বর্তী হওয়া ব্যতীত তাঁহার জন্য উপায় নাই। কিন্তু জন্ধকারে বন মধ্যে রমণীকে সকল সময় দেখা যায় না; যুবতী এক দিকে ধাবমানা হইলে, নবকুমার জন্য দিকে যান; রমণী কহিলেন, "আমার জঞ্জ ধর।" নবকুমার তাঁহার অঞ্চল ধরিয়া চলিলেন। ক্রমে তাঁহারা পাদক্ষেপ মন্দ করিয়া চলিতে লাগিলেন। জন্ধকারে কিছুই লক্ষ্য হয় না; কেবল কখন কোথায় নক্ষ্তালোকে কোন বালুকাস্ত্রেপর শুল্ল শিশ্বর অস্পাই দেখা যায়—কোথাপ্ত প্রক্ষের অবরব জ্ঞানগোচর হয়।

কপালকুওলা পথিককে সমভিব্যাহারে সইয়া, নিভ্ত কাননা-

ভান্তরে উপনীত ছইলেন। তথন রাত্রি দিতীর প্রছর। সমুধে অন্ধনারে বন মধ্যে এক অত্যুক্ত দেবালয়চ্ড়া লক্ষিত হইল; ভানিকটে ইস্টকনির্ম্মিতপ্রাচীরবেষ্টিভ একটি গৃহও দেখা গেল। কপালকুগুলা প্রাচীর দ্বারের নিকটিছ হইয়া তাহাতে করাঘাত করিতে লাগিলেন; পুন: পুন: করাঘাত করাতে ভিতর হইতে এক ব্যক্তি কহিল, "কেও কপালকুগুলা বুকি?" কপালকুগুলা কহিলেন, "দার খোল।"

উত্তরকারী আসিয়া দার খুলিয়া দিল। যে বাক্তি দার খুলিয়া দিলেক, সে ঐ দেবালয়াধিষ্ঠাত্তী দেবতা সেবক বা অধিকারী । বৈরুদে পঞ্চাশং বংসর অতিক্রান্ত করিয়াছিল। কপালকুগুলা তাহার বিরুদ্ধেশমন্তক কর দারা আকর্ষিত করিয়া আপন অধরের নিকট তাহার শ্রেবণেন্দ্রিয় আনিলেন। এবং ছুই চারি কথায় নিজ সন্ধার অবস্থা বুঝাইয়া দিলেন। অধিকারী বহু ক্ষণ পর্যান্ত করতললয়শীর্ষ হইয়া চিন্তা করিতে লাগিলেন। পরিশেষে কহিলেন "এ বড় বিষম ব্যাপার। মহাপুক্ষ মনে করিলে সকল করিতে পারেন। যাহা হউক মায়ের প্রসাদে তোমার আমন্ধল ঘটিবে না। দে বাক্তি কোথায় ?'

কপালকুগুলা, " আইস" বলিয়া নবকুমারকে আহ্বান করি— লেন। নবকুমার অন্তরালে দাড়াইয়াছিলেন, আহুত হইয়া গৃহ মধ্যে প্রবেশ করিলেন। অধিকারী তাঁহাকে কহিলেন, " আজি এই থানে লুকাইয়া থাক, কালি প্রত্যুষে তোমাকে মেদিনী-পুরের পথে রাখিয়া আদিব।"

ক্রমে কথার কথার অধিকারী জানিতে পারিলেন যে এপর্যান্ত নবকুমারের আহারাদি হয় নাই। ইহাতে অধিকারী তাঁহার
আহারের আরোজন করিতে প্রব্ত হইলে, নবকুমার আহারে
নিতান্ত, অস্বীকৃত হইরা কেবল মাত্র বিশ্রামন্ধানের প্রার্থনা
জানাইলেন। অধিকারী নিজ রন্ধনশালায় নবকুমারের শ্রাম্

'সমুক্রতীরে প্রত্যাগমন করিবার উদ্যোগ করিলেন। অধিকারী তাঁহার প্রতি সম্বেহ নয়নে দৃষ্টিপাত করিয়া কহিলেন,

" ষাইও না, কণেক দাঁড়াও, এক ভিক্ষা আছে।" কপালকুণ্ডলা। 'কি ?''

অধিকারী। " ভোমাকে দেখিরা পর্যান্ত মা বলিরা থাকি, দেবীর পাদ স্পর্শ করিরা শপথ করিতে পারি, যে মাভার অধিক ভোমাকে স্নেহ করি। আমার ভিক্ষা অবহেলা করিবে না?"

কপা। " করিব না।"

অধি। " আমার এই ভিক্ষা, তুমি আর সেখানে ফিরিয়া ষাইও না।"

कशा। " (कम ?"

অধি। "গেলে ভোমার রক্ষা নাই।"

কপা। "তাহাত জানি।"

অধি। " তবে আবার কেন জিজাসা কর কেন ?"

क्षा। "ना शिवा कार्यात्र यहित ?"

অধি। " এই পথিকের সঙ্গে দেশান্তরে যাও।"

কপালকুওলা নীরব হইয়া রছিলেন। অধিকারী কছিলেন, "মা, কি ভাবিতেছ?"

কপা। " যথন তোমার শিষ্য আসিয়াছিল, তখন তুমি কহি-য়াছিলে, যে, মুবভীর এরূপ মুবা পুরুবের সহিত যাওয়া অনু-চিত; এখন যাইতে বল কেন ?"

অধি। "তথন তোমার জীবনের আশহা করি নাই, বিশেষ তথন যে সহুপায়ের সস্তাবনা ছিল না, এখন সে সহুপার ছইডে পারিবেক। আইস মায়ের অনুমতি লইয়া আর্মি।"

এই বলিয়া অধিকারী দীপহত্তে দেবালয়ের দারে গিয়া দারোদ্যাটন করিলেন। কপালকুগুলাও তাঁহার স্ফুল্লে গোলেন। মন্দির মধ্যে মানবাকারপ্রমাণা করালকালীমূর্ত্তি সংস্থাপিতা ছিল। উভয়ে ভক্তিভাবে প্রণাম করিলেন। অধি- কারী, আচমন করিয়া পুশাপাত্র হইতে একটি অচ্ছিন্ন বিল্পত্ত লটয়া মন্ত্রপুত করিলেন, এবং তাহা প্রতিমার পাদোপরি সংস্থা-পিত করিয়া তৎপ্রতি চাহিয়া রহিলেন। ক্ষণেক পরে, অধিকারী কপালকুগুলাকে কহিলেন,

"মা, দেখ, দেবী অর্ঘ্য গ্রহণ করিয়াছেন : বিলবপত্র পড়ে নাই, যে মানস করিয়া অর্ঘ্য দিয়াছিলাম, তাহাতে অবশ্য মঞ্চল। তুমি এই পথিকের সঙ্গে সক্ষন্দে গমন কর ; কিন্তু আমি বিষয়ী লোকের রীজি চরিত্র জানি। তুমি যদি কেবল গলগ্রহ হইয়া ইহার সঙ্গে যাও, তবে এ ব্যক্তি অপরিচিত পুরতী সঙ্গে লীইয়া লোকালয়ে লজ্জা পাইবেক। তোমাকেও লোকে স্থা করিবেক। তুমি বলিতেছ এ ব্যক্তি ব্রাহ্মণসন্তান, গলাতেও যজ্ঞোপবীত দেখিতেছি। এ যদি তোমাকে বিবাহ করিয়া লাইয়া যায়, তবে সকল মঞ্চল। নচেং আমিও তোমাকে ইহার সহিত্য যাইতে বলিতে পারি না।"

"বি—বা—হ!" এই কথাটি কপালকুগুলা অতি ধীরে ধীরে উচ্চারণ করিলেন। বলিতে লাগিলেন, "বিবাহের নাম ত তোমাদিগের মুখে শুনিয়া থাকি, কিন্তু কাছাকে বলে সবি-শেষ জানিনা। কি করিতে ছইবেক?"

অধিকারী ঈষন্মাত্র হাস্য করিয়া কহিলেন, " বিবাহ স্ত্রীলো-কের এক মাত্র ধর্ম্মের সোপান; এই জন্য স্ত্রীকে সহধর্মিণী বলে। জগন্মাতাপ্ত শিবের বিবাহিতা।"

ছ্লাধিকারী মনে করিলেন সকলই বুঝাইলেন। কপালকুগুলা মনে করিলেন সকলই বুঝিলেন। বলিলেন,

"তাহাই হউক। কিন্তু তাঁহাকে ত্যাগ করিয়া যাইতে আমার মন সরিতেছে না। তিনি যে আমাকে এত দিন প্রতিপালন করিয়াছেন।"

, অধি। "কি জন্য প্রতিপালন করিয়াছেন তাহা জান না। জীলোকের সতীত্ব নাশ না করিলে যে তাত্ত্রিক সিদ্ধ হয় নং তাহা তুমি জান না। আমিও তদ্রাদি পাঠ করিয়াছি। মা, জগদশা জগতের মাতা। ইনি সতীর সতীত্ব—সতীপ্রধানা। ইনি সতীত্বনাশ সংযুক্ত পূজা কথন গ্রহণ করেন না। এই জনাই আমি মহাপুক্ষের অনভিমত সাধিতেছি। তুমি পলায়ন করিলে কদাশি ক্ষতন্ত্ব হইবে, না। কেবল এ পর্যন্ত সিদ্ধির সময় উপন্থিত হয় নাই বলিয়া তুমি রক্ষা পাইয়াছ। আজি তুমি যে কার্যা করিয়াছ—তাহাতে প্রাণেরও আশহা। এই জন্য বলিতছি পলায়ন কর। ভবানীরও এই আজ্ঞা। অভ এব যাও। আগার এখানে রাখিবার উপায় থাকিলে রাখিতাম, কিন্তু সেভর্সা যে নাই তাহা ত জান।"

কপা। "বিবাহই ছউক।"

এই বলিয়া উভয়ে মন্দির হইতে বহির্গত' হইলেন। এক কক্ষ মধ্যে কপালকুগুলাকে বসাইয়া অধিকারী নবকুমারের শ্যাণ্ সম্মিশনে গিয়া তাঁহার শিওরে বসিলেন। জিজ্ঞাসা করিলেন "মহাশয় নিজিত কি ?"

নবকুমারের নিজা যাইবার অবস্থা নহে। নিজ দশা ভাবিতে-ছিলেন। বলিলেন " আজা না।"

অধিকারী। কছিলেন, "মহাশয় পরিচয়টা লইতে একবার আদিলাম। আপনি ব্রাহ্মণ?"

নব। "আজাহাঁ?"

অধি। "কোন্ শ্ৰেণী?"

নব। 'বোটার শ্রেণী।"

অধি। ''আমরাও রাটার ব্রাহ্মণ—উৎকল ব্রাহ্মণ বিবেচনা করিবেন না। বংশে কুলাচার্য্য, তবে এক্ষণে মায়ের পদাশ্রয়ে আছি। মহাশয়ের নাম ?''

নব। "নরকুমার শর্মা।"

र्थाप्त। " निवाम?"

্ নব। 'সপ্তথাম।"

অধি। 'ভাপনার কোন্ গাঁই।"

मत्। "वन्त्रशीहि।"

অধি। "কর সংসার করিয়াছেন ?"

নব। "এক সংসার মাত্র।"

নবকুমার সকল কথা খুলিয়া বলিলেন না। প্রকৃত পক্ষে তাঁছার এক সংসারও ছিল না। তিনি রামগোবিন্দ ঘোষালের কন্যা পদ্মাৰতীকে বিবাহ করিয়াছিলেন। বিবাহের পর পদ্মা-वजी किছু मिन शिंखांनरत्र तिहरतन। मध्य मध्य मध्य नारत्र যাতায়াত করিতেন, যথন তাঁছার বয়স ত্রয়োদশ বংসর, তথন তীকার পিতা সপরিবারে পুক্ষোত্তম দর্শনে গিয়াছিলেন। এই সময়ে পাঠানেরা আকবর শাহ কর্ত্তক বল্পদেশ হইতে দূরীভূত হইরা উড়িব**ািয় সদলে বসতি করিতেছিল। তাহাদি**-গের দমনের জন্য আকবর শাহ বিধিমতে যতু পাইতে লাগি-লেন। যথন রামগোবিন্দ ঘোষাল উড়িয়া হইতে প্রভাগমন করেন, তথন মোগল পাঠানের যুদ্ধ আরম্ভ হইয়াছে। আগমন কালে তিনি পথিমধ্যে পাঠান সেনার হত্তে পতিত হয়েন। পাঠানেরা তৎকালে ভদ্রাভদ্রবিচারশূন্য; ভাষারা নিরপরাধী পথিকের প্রতি অর্থের জন্য বল প্রকাশের চেষ্টা করিতে লাগিল। রামগোবিন্দ কিছু উঞাস্বভাব; পাঠানদিগের কটু কহিতে লাগি-त्नन । इंश्तं कल अहे इहेल (य मर्शतिवादि अवक्ष इहेत्नन ; श्रति-শেষে জাভীয় धर्म विमर्जन शृक्वक मश्रविवाद मूमनमान इहेश নিষ্ঠতি পাইলেন।

রামগোবিন্দ ঘোষাল সপরিবারে প্রাণ লইয়া বাঁটা আসিলেন বটে, কিন্ত মুসলমান বলিয়া আজীয় জনসমাজে এককালীন পরি-তাক্ত হইলেন। এ সময় নবকুমারের পিতা বর্ত্তমান ছিলেন, তাঁহাকে স্বতরাং জাতিভ্রমী বৈবাহিকের সহিত জাতিভ্রমী। পুত্রবধূকে তাাগ করিতে হইল। আর নবকুমারের সহিত তাঁহার স্ক্রীর সাক্ষ্য হইল না। স্বজনতাক্ত ও সমাজচাত হইয়া রামগোবিন্দ ঘোষাল অধিক দিন স্বদেশে বাস করিতে পারিলেন না। এই কারণেও বটে. এবং রাজপ্রসাদে উচ্চপদস্থ হইবার আকাজ্ফায়ও বটে, তিনি সপরিবারে রাজপাট ঢাকানগঁরে গিয়া বসতি করিতে লাগিলেন। মর্মান্তর প্রহণ করিয়া তিনি সপরিবারে মহম্মদীয় নাম ধারণ করিয়াছিলেন। ঢাকায় যাওয়ার পরে শশুরের বা বনিতার কি অবস্থা হইল তাহা নবকুমারের জানিতে পারিবার কোন উপায় রিছিল না এবং এ পর্যান্ত কথন কিছু জানিতেও পারিলেন না। এই জন্য বলিতেছি নবকুমারের " এক সংসারও" নহে।

অধিকারী এ সকল রভান্ত অবগত ছিলেন না। তিনি বিবেচনা করিলেন, "কুলীনের সন্তানের ছুই সংসারে আপত্তি কি?" প্রকাশো কহিলেন, "আপনাকে একটা কথা জিজাসা করিতে আসিয়াছিলাম। এই থে কন্যা আপনার প্রাণরক্ষা করিয়াছে— এ পরিছতার্থ আত্মপ্রাণ নফ্ট করিয়াছে। যে মহাপুরুষের আপ্রয়েই ইহার বাস, তিনি অতি ভয়য়রমভাব। তাঁহার নিকট প্রত্যাগমন করিলে, তোমার যে দশা ঘটতেছিল ইহার সেই দশা ঘটিকেক। ইহার কোন উপায় বিবেচনা করিতে পারেন কি না ন্

নবকুমার উঠিয়া বদিলেন। কছিলেন, "আমিও সেই
আশকা করিভেছিলাম। আপনি সকল অবগত আছেন,—ইহার
উপার ককন। আমার প্রাণদান করিলে যদি কোন প্রত্যাপকার
হয়,—তবে তাহাতেও প্রস্তুত আছি। আমি এমত সক্ষণ্প করিতেছি যে আমি সেই নরঘাতকের নিকট প্রত্যাগম্ন করিয়া আজ্বসমর্পণ করি। তাহা হইলে ইহার রক্ষা হইবেক।" অধিকারী
হাস্য করিয়া কহিলেন, "তুমি বাতুল। ইহাতে কি ফল দর্শিবে?
তোমারও প্রাণ-সংহার হইবে—অথচ ইহার প্রতি মহাপ্রক্রবের
ক্রোধোপশম হইবেক না। ইহার এক মাত্র উপার আছে।"

नव। "(म कि डेश्रीय़ ?"

কবি। "তোমার সহিত ইহার পলায়ন। কিন্তু সে অতি দুর্ঘট। তামার এথানে থাকিলে দুই এক দিন মধ্যে ধৃত হইবে। এ দেবালয়ে মহাপুক্ষের সর্বাদা যাতায়াত। স্তরাং কপালকুগুলার অদ্যৌ অশুভ নিশ্চিত দেখিতেছি।" ত

নবকুমার আগ্রহ সহকারে জিজ্ঞাসা করিলেন, "আমার সহিত পলায়ক তুর্কট্র কেন ?"

অধি। '' এ কাছার কন্যা,—কোন্ কুলে জন্ম, ভাছা আপনি কিছুই জানেন না। কাছার পত্নী,—কি চরিত্রা, ভাছা কিছুই জানেন না। আপনি ইছাকে কি সন্ধিনী করিবেন ? সন্ধিনী করিয়া লইয়া গেলেও কি আপনি ইছাকে নিজ গৃছে স্থান দিবেন ? আর যদি স্থান না দেন ভবে এ জনাথিনী কোথা যাইবে ?"

এহকার বলিভেছেন, "ধন্য রে কুলাচার্য্য !"

নবকুরার ক্ষণেক চিন্তা করিয়া কছিলেন " আমার প্রাণ রক্ষয়-ত্তীর জন্য কোন কার্য্য আমার অসাধ্য নছে। ইনি আমার আত্ম-পরিবারস্থা ছইয়া থাকিবেন।"

অধি। "ভাল। কিন্তু যথম আপদার আত্মীয় স্বজন জিজাসা করিবে যে এ কাহার স্ত্রী, কি উত্তর দিবেন ?"

নববুমার পুনর্বার চিন্তা করিয়া কছিলেন, "আপনিই ইছার পরিচয় আমাকে দিন। আমি সেই পরিচয় সকলকে দিব।"

অধি। "ভাল। কিন্তু এই পক্ষান্তরের পথ বুবক যুবতী অনন্যস্থার হইয়া কি প্রকারে যাইবে? লোকে দেখিয়া শুনিয়া কি বলিবে? আত্মীয় স্বজনের নিকট কি বুঝাইবে? আর আমিও এই কন্যাকে মা বলিয়াছি, আমিই বা কি প্রকারে ইহাকে অজ্ঞাত-চরিত্র যুবার সহিত একাকী দুরদেশে পাঠাইয়া দিই?"

আবার বলি, ধন্য রে কুলাচার্য্য! ১^{ু।} নবকুমার ক**হিলেন, " আপনি সঙ্গে আমুন।**"

অধি। "আমি সঙ্গে ষাইব? ভবানীর পুজা কে করিবে?"

নবৰুমার ক্ষু হইয়া কহিলেন, " তবে কি কোন উপায় করিতে পাবেন না?"

অধি। "এক মাত্র উপায় হইতে পারে,—সে আপনার 'প্রদার্যাগুণের অপেকা করে,'?'

নব। "দে কি? আমি কিসে অঞ্চীকার?" কি উপায় বলুন।"
অধি। "শুনুন। ইনি ব্রাহ্মণকন্যা। ই হাটীর প্রান্ত আমি সবিশেষ অবগত আছি। ইনি বাল্যকালে হুরস্ত খ্রীন্টিয়ান তন্ত্বর কর্তৃক
অপহাত হইরা তাহাদিগের হারা যানতগ্ন কালে এই সমুদ্রতীরে
ত্যক্ত হয়েন। সে সকল রক্তান্ত পশ্চাৎ ই হার নিকট আপনি
সবিশেষ অবগত হইতে পারিবেন। কাপালিক ই হাকে প্রাপ্ত
হইয়া আপন যোগসিদ্ধিমানসে প্রতিপালন করিয়াছেন।
অচিরাৎ আত্মপ্রয়োজন সিদ্ধ করিতেন। ইনি এ পর্যান্ত অসূচা;
ইহার চরিত্র পরম পবিত্র। আপনি ইহাকে বিবাহ করিয়া গৃহে
লইয়া যান। কেহ কোন কথা বলিতে পারিবেক না। আমি
যথাশান্ত বিবাহ দিব।"

নবকুমার শয়া হইতে দাঁড়াইরা উঠিলেন। অতি ক্রতপাদ বিক্ষেপে ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন। কোন উত্তর করি-লেন না। অধিকারী কিয়ংক্ষণ পরে কছিলেন,

"আপনি একণে নিজা যান। কলা প্রত্যুষে আপনাকে আমি জাগরিত করিব। ইচ্ছা হয়, একাকী যাইবেন। আপনাকে মেদিনীপুরের পথে রাখিয়া আদিব।"

এই বলিয়া অধিকারী বিদার হইলেন। গমন কালে মনে, মনে করিলেন, "রাচ্দেশের ঘটকালী কি ভুলিয়া গিয়াছি না কি?" একুকার কহেন, "ফলেন পরিচীয়তে।"

নবম পরিচ্ছেদ।

দেবনিকেতদে।

কণু। অলং কদিতেন; স্থিরাভব, ইতঃপদ্ধান মালোকর।
শকুন্তব্য

পুরুষ পাঠক, আমাকে মার্জ্জনা করিবেন। আপনি যদি
কপালকুণুলাকে সমুদ্রতীরে দেখিতেন, তবে এক দিনে তথপ্রতি
আসক্তচিত্ত হইতেন কি না বলিতে পারি না। প্রাণরক্ষা মাত্র
উপকারের অনুরোধে ভাহার পানিগ্রহণে সম্মত হইতেন কি না
বলিতে পারি না। বোধ করি নহে, কেন না কপালকুণুলা কক্ষকেশী সন্নাদিনী মাত্র। কিন্তু নবকুমার পরের জনা কাঠাহরণ করেন;—এ পৃথিবীর কাঠুরিয়ারা সন্নাদিনীদিণের মর্ম
রুঝে। ক্রতম্ব সহ্যাত্রীদিণের জনা নবকুমার মাথায় কাঠভার
বহিয়াছিলেন,—ক্রভোপকারিনী সন্নাদিনীর জনা যে অতুল রূপরাশি হৃদ্রে বহিতে চাহিবেন, ভাহার বিচিত্র কি?

প্রাতে অধিকারী তাঁহার নিকট আসিলেন। দেখিলেন. এখ-নও নবকুমার শয়ন করেন নাই। জিজ্ঞাসা করিলেন, " এখন কি কর্ত্তবা ?"

নবকুমার কহিলেন, " আজি হইতে কপালকুণ্ডলা আমার ধর্মপত্নী। •ইহার জন্য সংসার ভাগে করিতে হয়, ভাহাও করিব। কে কন্যা সম্প্রদান করিবে?"

ঘটক চূড়ামণির মুখ হর্ষোৎফুল্ল হইল। মনে মনে ভাবিলেন, ''এত দিনে জগদম্বার ক্লপায় আমার কপালিনীর বুঝি গভি হইল।'' প্রকাশো বলিলেন, '' আমি সম্প্রদান করিব।''

অধিকারী নিজ শরনকক্ষমধ্যে পুনঃপ্রবেশ করিলেন। একটা খুন্দির নধ্যে কয়েক খণ্ড অভিজীর্ণ ভালপত্র ছিল। ভাহাতে ভাঁহার ভিথি নক্ষত্রাদি নির্দ্ধিষ্ট থাকিত। ভংসমুদায় সবিশেষ সমালোচনা করিয়া জাসিয়া কহিলেন, " আজি যদিও বৈবাহিক দিন নছে—তথাচ বিবাহে কোন বিশ্ব নাই। গোধু—লিলগ্নে কন্যা সম্প্রদান করিব। তুমি অদ্য উপবাস করিয়া থাকিবা মাত্র। কেপিলক আচরণ সকল বাটী গিয়া করাইও। এক দিনের জন্য ভোমাদিগের লুকাইয়া রাখিতে পারি, এমত স্থান আছে। আজি যদি তিনি আসেন ভবে তোমাদিগের সন্ধান পাইবেন না। প্রে বিবাহান্তে কালি প্রাতে সপত্নী বাটী বাইও।"

নবকুমার ইহাতে সন্মত হইলেন। এ অবস্থায় যত দূর সস্তবে তত দূর যথাশাস্ত্র কার্য্য হইল। গোধূলি লগ্নে নবকুমাধ্রের সহিত কাপালিকপালিত সন্নাসিনীর বিবাহ হইল।

কাপালিকের কোন সম্বাদ নাই। পর্রদিন প্রভূবে তিন জনে যাত্রার উদ্যোগ করিতে লাগিলেন। অধিকারী মেদিনীপুরের পথ পর্যান্ত তাঁহাদিগের রাখিয়া আসিবেন।

যাত্রাকালে কপালকুগুলা কালী প্রণামার্থ গেলেন। ভক্তি— ভাবে প্রণাম করিয়া, পুষ্পপাত্র হইতে একটা অভিন্ন বিলপত্র প্রতিমার পাঁদোপরি স্থাপিত করিয়া তৎপ্রতি নিরীক্ষণ করিয়া বহিলেন। পত্রটী পড়িয়া গেল।


কপালকুগুলা নিতান্ত ভজ্জিপরায়ণা। বিল্বল প্রতিমাচরণ-চ্যুত হইল দেখিয়া ভীতা হইলেন ;—এবং অধিকারীকে সম্বাদ দিলেন। অধিকারীও বিষয় হইলেন। কছিলেন,

" এখন নিৰুপায়। এখন পতিমাত্ৰ তোমার ধর্ম।, পতি আশানে গেলে তোমাকে সঙ্গে সঙ্গে যাইতে, হইবে। অভএব নিঃশব্দে চল।"

সকলে নিঃশত্তে চলিলেন। অনেক বেলা হইলে মেদিনীপ্র-বের পথে সাসিয়া উপস্থিত হইলেন। তথন অধিকারী বিদায় হইলেন। কপালকুগুলা কাঁদিতে লাগিলেন। পৃথিৱীতে যে জন তাঁহার একমাত্র সূত্রৎ সে বিদায় হইতেছে। অধিকারীও কাঁদিতে লাগিলেন। চক্ষের জল মুছিয়া কপালকুগুলার কাণে কাণে কহিলেন, "মা! তুই জালিস পরমেশ্বরীর
প্রসাদে ভারে সন্তানের অর্থের অভাব নাই। হিজলীর ছোট বড়
সকলেই তাঁহার পূজা দের। তোঁর কাপড়ে যাহা বাঁধিয়া
দিয়াছি, ভাহা ভোর স্থামীর নিকট দিয়া ভোকে পালকী করিয়া
দিতে বলিস।—সন্তান বলিয়া মনে করিস্।"

অধিকারী এই বলিয়া কুঁাদিতে কুঁাদিতে গেলেন। কপাল-কুগুলাও কাঁদিতে কাঁদিতে চলিলেন।

ইতি প্রথমঃ খণ্ডঃ সমাপ্তঃ।



কপালকুণ্ডলা।

দ্বিতীয় খণ্ড।

প্রথম পরিচ্ছেদ।

वर्षक्रभरथ ।

	There—now	lean	on me	,
Place your	foot here			

Munfred.

কোন জর্মান লেখক বলিয়াছেন ''মুসুষ্যের জীবন কাব্যবিশেষ।'' কপালকুগুলার জীবনকাব্যের এক সর্গ সমাপ্ত হইল। পরে কি হুইবে ১

যদি ভবিষাৎ সম্বন্ধে মনুষা অন্ধ না হইত, তবে সংসার্যাত্রা একেবারে সুখহীন হইত। ভাষী বিপদের সম্ভাবনা নিশ্চিত দেখিতে পাইয়া, কোন সুখেই কেহ প্রব্রুত্ত হইত না। মিল্টন যদি জানিতেন তিনি অন্ধ হইবেন, তবে কথন বিদ্যাভাগি করিতেন না: শাহাজাহান যদি জানিতেন প্রক্লজেব তাঁহাকে প্রাচীন বয়সে কারাবন্ধ রাখিবেন, তবে তিনি কথন দিল্লীর সিংহাসন স্পর্শ করিতেন না। ভাস্করাচার্য্য যদি জানিতেন যে, তাঁহার একমাত্র কন্যা চির্বিধ্বা হইবে, তবে তিনি কথন দার-পরিপ্রহ করিতেন না। নবকুমার বা তাঁহার ভ্তন পত্নী যদি জানিতেন, যে তাঁহাদিগের বিবাহে কি কলোৎপত্তি হইবে, তবে কথন তাঁহাদিগের বিবাহে হইত না।

নবকুমার মেদিনীপুরে আসিয়া অধিকারীর দানত্ত ধনবলে क्षांमकूलनांत्र जना अक जन मांगी, अक जन त्रक्रक ও मिविका-वाहक निर्वूक कतिया, उँ। हारक निविकारित हर भारति है। অর্থের অপ্রাচুর্য্য হেতৃক স্বয়ং পদত্রজে চলিলেন। মবকুমার পূর্ব্ব দিনের পরিশ্রমে ক্লান্ত ছিলেন, মধ্যাক্ত ভোজনের পর বাহ-কেরা তাঁহাকে অনেক পশ্চাং করিয়া গেল। ক্রমে স্ক্রা ছইল। শীত কালের অনিবিড় মেষে আকাশ আচ্ছন্ন হইয়াছে। সন্ধ্যাও অতীত হইন। পৃথিবী অন্ধকারময়ী হইন। অপ্প অপ্প রুষ্টিও পড়িতে লাগিল। নবকুমার কপালকুগুলার সহিত একত্র হইবার জন্য বাস্ত হইলেন। মনে মনে স্থির জ্ঞান ছিল, যে প্রথম সরা-ইয়ে তাঁহার সাক্ষাৎ পাইবেন, কিন্তু সরাইও আপাততঃ দেখা ষার না। প্রার রাত্রি চারি ছয় দণ্ড হইল। নবকুমার ক্রেত পাদ বিক্ষেপ করিতে করিতে চলিলেন। অকন্মাৎ কোন কঠিন দ্রব্যে তাঁহার চরণ স্পর্শ হইল। পদভরে সে বস্তু থড় খড় মড় মড় শব্দে ভালিয়া গেল। नवकूमांत्र माড़ाहित्नन; পूनर्वात श्रम ठानना कतितन ; श्रूमर्कात क्रेक्स इहेन। शमम्श्रुष्ठे वञ्च इत्छ कतिश ত্লিয়া লইলেন। দেখিলেন, ঐ বস্তু ভক্তাভাদার মত।

আকাশ মেঘাল্ডর হইলেও সচরাচর এমত অন্ধকার হর না যে আনারত স্থানে স্থূল বস্তুর অবয়ব লক্ষ্য হয় না। সম্মুখে একটা রহৎ বস্তু পড়িয়াছিল; নবকুমার অনুভব করিয়া দেখিলেন যে দেভম শিবিকা; অমনি তাঁহার হৃদরে কপালকুগুলার বিপদ্ আশকা হইল। শিবিকার দিকে যাইতে আবার ভিন্ন প্রকার পদার্থে তাঁহার প্দস্পর্শ হইল। এ স্পর্শ কোমল মনুষ্যশারীরস্পর্শের নায় বোধ হইল। বিসয়া হস্ত মর্দ্দন করিয়া দেখিলেন, মনুষ্যশারীর বটে। স্পর্শ অভান্ত শীতল; তৎসঙ্গে দ্রব পদার্থের স্পর্শ অনুভূত হইল। নাড়ীতে হাত দিয়া দেখিলেন, স্প্রক্ নাই, প্রাণবিয়োগ ইইয়াছে। বিশেষ মনঃসংযোগ করিয়া দেখিলেন, বেন, বেন, নিঃখাস প্রশাসের শব্দ শুনা হাইতেছে। নিখাস

আছে তবে নাড়ী নাই কেন? এ কি রোগী? নাসিকার নিকট হাত দিয়া দেখিলেন, নিশ্বাস বহিতেছে না। তবে শব্দ কেন? হয় ত কোন জীবিত ব্যক্তিও এখানে আছে। এই ভাবিয়া জিজাসা করিলেন "এখানে কেহ জীবিত ব্যক্তি আছে?"

मृक्ष्यात अक উত্তর इहेन " वाहि।"

নবকুমার কহিলেন, "কে তুমি ?"

উত্তর হইল "তুমি কে?" নবকুমারের কর্ণে স্বর স্ত্রীকণ্ঠজাত বোধ হইল। ব্যঞ্জ হইয়া জিজ্ঞাসা করিলেন "কপালকুণ্ডলা না কি?"

স্ত্রীলোক কহিল, "কপালকুগুলা কে তা জানি না—আর্দি পথিক, আপাততঃ দম্মহন্তে নিছ্গুলা হইয়াছি।"

ব্যক্স শুনিয়া নবকুমার ঈষৎ প্রসন্ন ছইলেন। জিজাসিলেন "কি ছইয়াছে?"

উত্তরকারিণী কহিলেন, "দম্যতে আমার পাল্কি ভালিয়া দিয়াছে, আমার এক জন বাহককে মারিয়া কেলিয়াছে; আর সকলে প্রাইয়া গিয়াছে। দম্যুরা আমার অক্সের অলকার সকল লইয়া আমাকে পাল্কিতে বালিয়া রাখিয়া গিয়াছে।"

নবকুমার অন্ধবিদ করিয়া দেখিলেন, ষথার্থই একটা জীলোক শিবিকাতে বস্তু দারা দৃঢ়তর বন্ধনগুক্ত আছে। নবকুমার শীব্রহস্তে তাহার বন্ধন মোচন করিয়া কহিলেন, "তুমি উঠিতে পারিবে কি?" জ্রীলোক কহিল, "আমাকেও এফ ঘা লাঠি লাগিয়াছিল; এজন্য পারে বেদনা আছে; কিন্তু বোধ হক্ত অপ্প সাহায্য করিলে উঠিতে পারিব।"

নবকুমার হস্ত বাড়াইয়া দিলেন। রমণী তৎসাহায্যে গাতো-পান করিলেন। নবকুমার জিজ্ঞাসা করিলেন, "চলিতে পারিবে কি ?"

জ্রীলোক উত্তর না করিয়া জিজ্ঞাসা করিলেন, "আপনার পশ্চাতে কেহ পথিক আসিতেছে দেখিয়াছেন?" নবকুমার কহিলেন ' না।"

ন্ত্রীলোক পুনরপি ভিজ্ঞাসা করিলেন. "চটী কড দূর ?"
নবকুমার কহিলেন "কত দূর বলিতে পারি না—কিন্তু বোধ হয়
নিকট।"

স্ত্রীলোক কছিল, "অন্ধকারে একা কিনী মাঠে বসিয়া কি করিব, আপনার সঙ্গে চটা পর্যান্ত যাওয়াই উচিত। বোধ হয়, কোন কিছুর উপর ভর করিতে পারিলে, চলিতে পারিব।"

নবকুমার কছিলেন, "বিপৎকালে সঙ্কোচ মুঢ়ের কাষ।
সামার কাঁধে ভর করিয়া চল।"

* জ্রীলোকটা মূড়ের কার্য্য *করিল না। নবকুমারের স্কল্পেই ভর করিয়া চলিল।"

যথার্থই চটা নিকটো ছিল। এ সকল কালে চটার নিকটেও ছুদ্ধিয়া করিতে দক্ষারা সঙ্কোচ করিত না। অনধিক বিলয়ে নবকুমার সমভিব্যাহারিণীকে লইয়া তথায় উপনীত হইলেন।

নবকুমার দেখিলেন যে ঐ চটাতেই কপালকুগুলা অবস্থিতি করিতেছিলেন। তাঁহার দাস দাসী তজ্জন্য এক খানা ঘর নিযুক্ত করিয়াছিল। নবকুমার স্বীয় সঙ্গিনীর জন্য তংপাশ্ববর্তী এক খানা ঘর নিযুক্ত করিয়া তাঁহাকে তল্মধ্যে প্রবেশ করাইলেন। তাঁহার আজ্ঞামত গৃহস্বামীর বনিতা প্রদীপ জ্বালিয়া আনিল। ঘখন দীপরশ্বিসোতঃ তাঁহার সঙ্গিনীর শরীরে পড়িল, তখন। নবকুমার দেখিলেন যে ইনি অসামান্যা স্ক্রী। রূপরাশিতরঙ্গে, তাঁহার ফোবনশোভা, প্রাবণের নদীর ন্যায় উপলিয়া পড়িতেভিল।

ष्ठिठीय श्रीतरण्डमं।

शास्त्र निर्वारम।

" देक्श (यांवि शक्तिकिम्नाः

উদ্ধবদুত।

জামি বলিয়াছি নবকুমারের সন্ধিনী অসামান্য রূপসী। এ ছলে, যদি প্রচলিত প্রথানুসারে তাঁহার রূপবর্গনে প্রস্তুত্ব না হই, তবে পুরষ পাঠকেরা বড়ই ক্লুল্ল হইবেন। আর মাঁহারা স্বয়ং সুন্দরী তাঁহারা পড়িয়া বলিবেন, "তবে বুঝি মাগী প্রাচিপ্রাচি!" সুত্রাং এই কামিনীর রূপ বর্গনে আমাকে প্রস্তুত্ত হইল। কিন্তু কি লইয়াই বা তাঁহার বর্গনা করি? কখন কখন বউতলার মা সরস্বতী আমার স্কন্ধে চাপিয়া থাকেন। তাঁহার অনুগ্রহে কতকগুলিন কলমূলের ডালি সাজাইয়া রূপ বর্ণনার কার্য্য এক প্রকার সাধন ক্রিতে পারি, কিন্তু পাছে দাড়িম্ব রস্ত্রা ইত্যাদি নাম শুনিয়া পাঠক মহাশয়ের জঠরানল জ্লিয়া উঠে, এই আশক্ষার সে চেন্টার বিরত রহিলাম।

यमि এই उमनी निर्फायर भिर्माति भिष्ठी इहेरजन, उत्व विन्छाम, ''शूक्र्य পाठेक! हिन आश्रेनात गृहिनीत नाम स्मती। आत समती शीठेकांतिनि! हिन आश्रेनात मर्शन्य हासात नाम क्रियजी।" छोडा इहेरन क्रिय वर्गनात এक भिष्य हहेछ। बूर्जागात्रभेजः हिन मर्स्वाक्र सम्बद्धी नरहन, सूछताः नित्र हहेर्छ। इहेन।

ইনি যে নির্দোষ স্থলরী নহেন তাহা বলিবার কারণ এই যে, প্রথমতঃ ইহাঁর শরীর মধ্যমাক্ষতির অপেকা কিঞ্ছিৎ দীর্ঘ; দিতীয়তঃ অধরে ঠ কিছু চাপা; তৃতীয়তঃ প্রকৃত পক্ষে ইনি গৌরাজিনী নহেন।

শরীর नेबद्दीर्घ बढ़ि, किन्तु इन्छभन क्षत्रामि मर्क्सान ग्रुरगान

এবং সদ্পূর্ণীভূত। বর্ষাকালে বিটপীলতা যেমন আপন পত্ত-द्रांभित वाहरना पनमन करत, देशांत मतीत एकम्न आंभन भूर्न-ভাষ দলমল করিভেছিল; সুতরাং ঈষদ্দীর্ঘ দেছও পূর্ণভাহেতৃক অধিকতর শোভার কারণ হইয়াছিন। বাহাদিগকে প্রক্রতপকে গোরাঙ্গিণী বলি, তাঁহাদিগের মধ্যে কাৃহারও কাহারও বর্ণ भूर्नहत्त्व क्लोगूमीत नामा, काशांत्र काशांत्र क्रियाना উষার ন্যায়। ইহার বর্ণ এডছুভয়বর্জিড, সুতরাং ইহাকে প্রক্রত পক্ষে গৌরাঙ্গিণী বলিলাম না বটে, কিন্তু মুগ্ধকরী শক্তিতে উহার বর্ণ ফুলে নহে। ইনি শাংমবর্ণ। ''শাংমা মা'' বা ''শাংমা-कुलद्व" त्य मार्गमनदर्गत छेमोहत्। ७ तम मार्गमनर्ग नत्ह। जश्च कां खटनत य मार्गमवर्ग अ रमहे मार्गम । भूर्गहत्स कत्रत्मथा, ज्यथवा ट्यायुमिकतिष्टिनी छेवा, यनि श्वातांत्रिनीमिश्वत वर्गश्रविमा হয়, তবে বসন্তপ্রস্ত নবচ্তদলরাজির শোভা এই ল্যামার বর্ণের অমুরূপ বলা যাইতে পারে। পাঠক মহাশয়দিগের মধ্যে অনেকে গে রাঙ্গিণীর বর্ণের প্রতিষ্ঠা করিতে পারেন, কিন্তু যদি কেহ এরূপ শ্যামার মন্ত্রে মুগ্ধ হয়েন তবে তাঁহাকে বর্ণজ্ঞান-শুন্য বলিতে পারিব না। এ কথায় যাঁহার বিরক্তি জন্মায়, ভিনি এক বার, নবচুতপল্লববিরাজী ভ্রমরজ্রেণীর ন্যায়, সেই ; উজ্জ্বলশ্যামললাটবিলম্বী অলকাবলি মনে কৰুন; সেই সপ্তমীbक्राक्रजनगठिजनम् अनकम्भर्गी जायूग गतन करून : तमडे शंक्राराज्यान करशानरमा भरन करून ; उत्राधावर्जी शादावरू कृष्ट ওষ্ঠারুর মনে করুন ভাহা হইলে এই অপরিচিতা রমণীকে সুন্রীপ্রধানা বলিয়া অনুভূত হইবে। চক্ষু চুইটি অভি বিশাল নহে, কিন্তু সুৰক্ষিমপল্লবরেখাবিশিষ্ট—আর অভিশয় উজ্জ্ল। তাঁহার কটাক্ষ স্থির, অথচ মর্মভেদী। তোমার উপর দৃষ্টি পড়িলে তুমি তৎক্ষণাথ অনুভূত কর, যে এ স্ত্রীলোক ভোমার অন্তস্তল পর্যান্ত দেখিতেছে। দেখিতে দেখিতে সে মর্মভেদী দৃষ্টির ভাবান্তর হয়; চকু যেন সুকোমল কেহম্য রসে গলিয়া যায়।

আবার কথন বা ভাছাতে কেবল সুথাবেশজনিত ক্লান্তিপ্রকাশ মাত্র, বেন সে নয়ন ময়্থের অপ্রশ্বা। কথন বা লালসাবিক্লারিত, মদনরসে টলমলায়মান। আবার কথন লোলাপাছে ক্রে কটাক্ষ—রেন মেঘমধ্যে বিজ্ঞান্তাম;—সেই বার য়ুবজনহানরে শেলাঘাত। মুথকান্তি মধ্যে ছুইটি অনির্বাচনীয় শোভা;
প্রথমতঃ সর্বাত্রগামী বুদ্ধির প্রভাব, দ্বিভীয় মহতী আত্মগরিমা।
তৎকারণে যথন তিনি মরাল্পীবা বৃদ্ধিম করিয়া দাঁড়াইতেন,
তথন সহজেই বোধ হইত ইনি রম্ণীকুলরাজ্ঞী।

সুন্দরীর বরঃক্রম সপ্তবিংশতি বৎসর—ভাজ মাসের ভরা নদী। ভাজ মাসের নদীজলের ন্যায়, ইছার রূপরাশি টলটল করি—তিছিল—উথলিয়া পড়িভেছিল। বর্ণাপেক্ষা, নয়নাপেক্ষা, সর্বা-পেক্ষা, সেই সেপিক্ষার পারিপ্লব সুথকর। পূর্ণযোবনভরে সর্বেশরীর সতত ঈষচ্চঞ্চল; বিনা বায়তে নব শরতের নদী যেমন ঈষচ্চঞ্চল ভেমনি চঞ্চল; সে চাঞ্চল্য মুক্ত্ম্মুক্ত মূতন মূতন শোভাবিকা—শের কারণ। নবকুমার নিমেষশুন্য চক্ষে সেই মূতন মূতন শোভাবিকা—দেখিতেছিলেন।

সুন্দরী, নবকুমারের চক্ষু নিমেষশূন্য দেখিয়া কহিলেন, " এ)-

নবকুমার ভদ্রলোক; অপ্রতিত হইয়া মুখাবনত করিলেন। নবকুমারকে নিফত্তর দেখিয়া অপরিচিত। পুনরপি হাসিয়া কহিলেন.

" আপনি কথন কি স্ত্রীলোক দেখেন নাই, না আপনি আমাকে বড় সুন্দরী মনে করিডেছেন ?"

সহজে এ কথা কহিলে, তিরস্কার স্বরূপ বাৈধ হইত, কিন্তু রমণী বে হাসির সহিত বলিলেন, তাহাতে বাঙ্গ বাতীত আর কিছুই বােধ হইল না। নবকুমার দেখিলেন এ অতি মুখরা; মুখরার কথায় কেন না উত্তর করিবেন ? কহিলেন,

"আমি জীলোক দেখিয়াছি। কিন্তু এরূপ সুন্দরী দেখি নাই।"

त्रमनी मगर्स्य जिल्लामा कतितमम, " এकंगे अना ?"

নবকুমারের হৃদয়ে কপালকুগুলার রূপ জাগিতেছিল; তিনিও সগর্বে উত্তর করিলেন, " একটিও না এমত বলিতে পারি না।"

্র প্রস্তারে লেগছের আঘাত পড়িল। উত্তরকারিণী ক**হিলেন**,— " ওরু ভাল। সেটা কি আপেনার গৃহিণী ?"

मव। " किन ? शृहिनी किन मान जीविटिक ?"

खो। "वाकानोता आश्रम शृहिगीरक मर्खारशका मून्यती त्वरथ।"

নব। '' আমি বাঙ্গালি; আপনিও ত বাঙ্গালির ন্যায় কথা কীহিততেছেন, আপনি তবে কোন্দেশীয় ?''

যুবতী আপন পরিচ্ছদের প্রতি দৃষ্টি করাইয়া কছিলেন, "অভাগী বান্ধালী নহেঁ। পদ্চিম প্রদেশীয়া মুসলমানী।" নবকুমার পর্যাবেক্ষণ করিয়া দেখিলেন, পরিচ্ছদ পদ্চিম প্রদেশীয়া মুসলমানীর নার বটে। ক্ষণপরে তব্ধণী বলিতে লাগিলেন, "মহাশয়, বাক্বিদন্ধে আমার পরিচয় লইলেন্;—আপন পরিচয় দিয়া চরিতার্থ কব্দন। যে গৃহে দেই অদ্বিতীয়া রূপসী গৃহিণী, সে গৃহ কোথায়?"

নবকুমার কহিলেন, " আমার নিবাদ সপ্তথাম।"

বিদেশিনী কোন উত্তর করিলেন না। সহসা তিনি মুখাবনত করিয়া, প্রদীপ উজ্জ্বল করিতে লাগিলেন।

ক্ষণেক পারে মুখ না তুলিয়া বলিলেন, "দাসীর নাম মডি। মহাশ্যের নাম কি শুনিতে পাই না?"

নবকুমার বলিলেন, " নাম নবকুমার শর্মা।" প্রদীপ নিবিয়া গেল।



তৃতীয় পরিচ্ছেদ।

क्रमती जन्मर्गत ।

-'' ধর দেবি মোহন মুরতি। দেহ আজ্ঞা, সাজাই ও বর বপু আনি নানা আভরণ!"

(मधमामबधा

নবকুমার গৃহস্থামিনাকে ডাকিয়া অন্য প্রদীপ আনিতে বলিলেন। অন্য প্রদীপ আনিবার পূর্বে একটা দীর্ঘ নিশাপ শব্দ শুনিতে পাইলেন। প্রদীপ আনিবার ক্ষণেক পরে ভূতা-বেশী এক জন মুসলমান আসিয়া উপস্থিত হইল। বিদেশিনী ভাছাকে দেখিয়া কহিলেন.

"সে কি, ডোমারদিণের এত বিলম্ব ছইল কেন? আর সকল কোথা?"

ভূতা কহিল, ''দাসেরা সকল মাতোয়ারা হইয়াছিল, তাহা-দিগের গুছাইয়া আনিতে আমরা পালকীর পশ্চাতে পড়িয়া-ছিলাম। পরে ভগ্ন শিবিকা চিনিয়া এবং আপনাকে না দেখিয়া আমরা একেবারে অজ্ঞান হইয়াছিলাম। কেছ কেছ সেই স্থানে আছে; কেছ কেছ অন্যান্য দিকে আপনার সন্ধানে গিয়াছে; আমি এ দিকে সন্ধানে আসিরাছি।"

यि कहित्वन. " जारामितात नहेता आहेम।"

নফর সেলাম করিয়া চলিয়া গেল: বিদেশিনী কিয়ৎকাল কর-লগ্নকপোলা ছইয়া বসিয়া রছিলেন।

নবকুমার বিদায় চাছিলেন। তথন মতি স্বপ্নোথিতার নায় গাত্রোথান করিয়া, পূর্ববিৎ ভাবে জিজ্ঞাসা করিলেন. " আপনি কোথায় অবস্থিতি করিবেন ?"

नव ! "इहांत्रहे शहतत घहत ।"

মতি । "আগনার সে ঘরের কাছে এক থানি পালকী দেখিলাম, আপনার কি কেছ সঞ্চী আছেন ?"

' আমার জ্রী সঙ্গে।''

মতি বিবি আবার বা**লে**র অবকাশ পাইলেন। ক**হি**লেন, ''তিনিই কি অদ্বিতীয় রূপসী ?"

नव। " पिथित त्रिशिष्ठ भौतित्वम ""

মতি। "দেখা কি পাওয়া যায়?"

নব। (চিন্তা করিয়া) "ক্ষ**তি কি**?"

মতি। "তবে একটু অনুপ্রাহ করুন। অন্বিতীয় রূপদীকে দেখিতে বড় কেতিক হইতেছে। আগ্রা গিয়া বলিতে চাহি। কিন্তু এখনই নহে—আপনি এখন যান। ক্লণেক পরে আনি আপনাকে সম্বাদ করিব।"

নবকুমার চলিয়া গেলেন। ক্ষণেক পরে অনেক লোক জন দাস দাসী ও বাহক সিন্ধুকাদি লইয়া উপস্থিত হইল। এক থানি শিবিকাও আসিল; ডাহাতে এক জন দাসী। পরে নবকুমারের নিকট সম্বাদ আসিল " বিবি স্মারণ করিয়াছেন।"

নবকুমার মতিবিবির নিকট পুনরাগমন করিলেন। দেখিলেন, এবার আবার রূপান্তর। মতিবিবি, পূর্বে পরিচ্ছল ত্যাগ করিয়া স্বর্ণমুক্তাদিশোভিত কাককার্যায়ুক্ত বেশ ভূষা ধারণ করিয়া স্বর্ণমুক্তাদিশোভিত কাককার্যায়ুক্ত বেশ ভূষা ধারণ করিয়া যাছেন;—নিরলঙ্কার দেহ অলঙ্কারে খচিত করিয়াছেন। যেখানে যাহা ধরে—ছুক্তলে, কবরীতে, কপালে, নয়নপাশ্বে, কর্ণে, কঠে, হৃদরে, বাহুমুগে, সর্বাত্তে স্বর্ণ মধা ছইতে হীরকাদি রত্ত্ব রালদিততেছে। নবকুমারের চক্ষু অস্থির হইল। অধিকাংশ স্ত্রীলোক বহুস্বর্ণহিত হইলে প্রায় কিছু প্রীহীনা হয়;—অনেকেই সজ্জিতা প্রতিকার দশা প্রাপ্ত হয়েন;—কিন্তু মতি বিবিতে দে প্রীহীনতা বা দশা দৃত হইবার সন্তাবনা ছিল না। প্রভূতনক্ষরমানা ভূষিত আকাশ্বের ন্যায়—মধুরায়ত শরীর সহিত অলঙ্কার বাহুল্য স্বন্ধত ব্যেধ হইল বরং তাহাতে আরও দৌম্ব্রাপ্রভা

বর্দ্ধিত হইল। মতি বিবি নবকুমারকে কহিলেন, "মছাশন্ন, চলুন, আপনার পত্নীর নিকট পরিচিত ছইয়া আসি।"

এই কথা মতিবিবি পূর্ত্ত্বিৎ বাঙ্গানুরাগোর সহিত কছিলেন, কিন্তু নবকুমার শুনিলেন তাহার কণ্ঠের স্থর কিছু বিক্ত। নব-কুমার মতিবিবিকে সঙ্গে করিয়া লইরা চলিলেন। যে দাসী শিবিকারোছণে আসিরাছিল, সেও সঙ্গে চলিল। ইছার নাম পেষ্মন্।

কপালকুগুলা দোকান ঘরের আর্দ্র মৃত্তিকায় একাকিনী বিসয়ছিলেন। একটা ক্ষাণালোক প্রদাপ জ্বলিতেছে মাত্র— অবদ্ধনিবিড়কেশরানি পালান্তাগ অন্ধকার করিয়া রহিয়াছিল। মতিবিবি প্রথম বখন তাঁহাকে দেখিলেন, তখন অধরপাশ্রে ও নয়নপ্রান্তে ঈষং হাসি ব্যক্ত হইল। ভাল করিয়া দেখিবার জন্য প্রদাপটা তুলিয়া কপালকুগুলার মুখের নিকট আনিলেন। তখন সেহাসি হাসি ভাব দূর হইল;—মতির মুখ গন্তীর হইল;— আনিমিক্ লোচনে দেখিতে লাগিলেন। কেহ কোন কথা কহেন না;—মতি মুক্ষা, কপালকুগুলা কিছু বিশ্বিতা।

ক্ষণেক পরে মতি আপন অঙ্গ হইতে অলঙ্কাররাশি মোচন করিতে লাগিলেন। নবকুমার জিজ্ঞাসা করিলেন, "কি করিতেছ ?" মতি কহিলেন, " দেখুন না।" মতি আত্মারীর হইতে অলঙ্কাররাশি মুক্ত করিয়া একে একে কপালকুগুলাকে পরাইতে লাগিলেন। কপালকুগুলা কিছু বলিলেন না। নবকুমার কহিতে লাগিলেন, " ও কি হইতেছে?" মতি তাহার কোন উত্তর করিলেন না।

অনহারসমাবেশ সমাপ্ত হইলে, মতি নবক্ষারকে কহিলেন.
"আপনি সভাই বলিয়াছিলেন। এ ফুল রাজোদ্যানেও ফুটে
না। পরিতাপ এই যে রাজধানীতে এ রূপরাশি দেখাইতে
পারিলাম না। এ সকল অলহার এই অক্লেরই উপযুক্ত—এই
জন্য পরাইলাম। আপনিও কখন কখন পরাইয়া মুখরা বিদেশিলীকে মনে ক্রিবেন।"

নবঁকুমার চমৎক্রত হইরা কছিলেন, "সে কি ? এ যে বছ্নুজ্য অলকার। আমি এ সব লইব কেন ?"

মতি কহিলেন "ঈশর প্রসাদাং, আমার আর আছে। আমি নিরাভরণা হইব না। ইহাকে পরাইয়া আমার যদি সুধবোধ হয়, আপনি কেন বাংঘাত করেন ?"

মতিবিবি ইহা কহিয়া দাসীসজে চলিয়া গৈলেন। বিরলে আসিলে পেব্যন্ মতিবিবিকে জিজাসা করিল,

" বিবি, এ ব্যক্তি কে ?" ঘ্রন্থালা উত্তর ক্রিলেন, " মেরা খসম !"

छ जूर्थ शतिराष्ट्रम ।

निविकाद्यां इटन।

——— খুলিসু সন্তব্যে কঙ্কন, বলর, ছার, সিঁথি, কণ্ঠমালা, কুগুল, সূপুর, কাঞ্চি।

(नचनाम वधः।

গহনার দশা কি হইল বলি শুন। মতিবিবি গহনা রাখিবার জনা একটা রেপ্যেজড়িত হস্তিদন্তের কেটা পাঠাইয়া দিলেন। দস্থরা তাঁহার ত্লম্পে সামগ্রীই লইয়াছিল—নিকটে যাহা ছিল ভদ্যতীত কিছুই পায় নাই।

নবকুমার দুই এক থানি গছনা কপালকুগুলার অঞ্চে রাখিয়া অধিকাংশ কেণ্টায় ভুলিয়া রাখিলেন। পরদিন প্রভাতে মতি বিবি বর্দ্ধানাভিমুখে, নবকুমার সপত্নী সপ্তথামাভিমুখে, যাত্রা করিলেন। নবকুমার কপালকুগুলাকে শিবিকাতে ভুলিয়া দিয়া ভাঁছার সঙ্গে গছনার কোঁটা দিলেন। বাছকেরা সহজেই নব-কুমারকে পশ্চাৎ করিয়া চলিন। কপালকুগুলা শিবিকাদার পুলিয়া চারি দিক্ দেখিতে দেখিতে বাইতেছিলেন; এক জন ভিক্ক ভাঁছাকে দেখিতে পাইয়া ভিক্ষা চাহিতে চাহিতে পাল-কির সঙ্গে সজে চলিল।

কপালকুণ্ডলা কছিলেন, " আযার ত কিছু নাই. তোমাকে কি দিব?"

ভিকুক্ কপালকুগুলার অঙ্গে যে তুই এক খানা অলকার ছিল, তৎপ্রতি অঙ্গুলি নির্দ্ধেশ করিয়া কছিল, "সে কি মা! ডোমার, গারে হীরা মুক্তা—ভোমার কিছু নাই ?"

কপালকুণ্ডলা জিজ্ঞাসা করিলেন, " গছনা পাইলে তুমি সম্ভট ছও ?"

ভিক্ষুক কিছু বিশ্বিত হইল। ভিক্ষুকের আশা অপরিমিত। ক্ষণমাত্র পরে কহিল, '' হই বই কি ?''

কপালকুগুলা অকপটছদয়ে কোটা সমেত সকল গছনা গুলিন ভিক্কুকের হত্তে দিলেন। অক্টের অলকার গুলিনও খুলিয়া দিলেন।

ভিক্ক কথেক বিহ্বল হইয়া রহিল। দাস দাসী কিছুমাত্র আদিতে পারিল না। ভিক্তকের বিহ্বল ভাব কণিক মাত্র। তথনই এ দিক্ ও দিক্ চাহিয়া উদ্ধাসে গহনা লইয়া পলায়ন করিল। কপালকুওলা ভাবিদেন, ভিক্ক দেড়িইল কেন?

र्शक्षम श्रीतरक्षम ।

च्यटमदर्भ ।

শব্দাথ্যেরং যদপি কিল তে য: স্থীনাং পুরস্তাৎ কর্ণে লোল: কথয়িত্মভূদাননস্পর্যনোভাৎ।

মেঘদূত।

নবকুমার কপালকুগুলাকে লইয়া অদেশে উপানীত হইলেন।
নবকুমার পিতৃহীন; তাঁহার বিধবা মাতা গৃহে ছিলেন, আরু—
কুই ভগিনী ছিল। জোঁচা বিধবা; তাঁহার সহিত পাঠক
মহাশরের পরিচর হইবে না। দিতীয়া শ্যামাসুন্দরী সধবা হইরাও
বিধবা, কেন না তিনি কুলীনপত্নী। তিনি কুই এক বার আমাদিগের দেখা দিবেন।

অবস্থান্তরে নবকুমার অজ্ঞাতকুলশীলা তপিম্বনীকে বিবাহ
করিয়া গৃহে আনায়, তাঁহার আত্মীয় মজন কত দূর সন্তুটি প্রকাশ
করিতেন তাহা আমরা বলিয়া উঠিতে পারিলাম না। প্রকৃত পক্ষে
এ বিষয়ে তাঁহাকে কোন ক্রেশ পাইতে হয় নাই। সকলেই
তাঁহার প্রতাগেমন পক্ষে নিরাশাস হইয়াছিল। সহযাত্রীরা প্রতাগামন করিয়া রটনা করিয়াছিলেন যে নবকুমারকে ব্যান্তে হতা।
করিয়াছে। পাঠক মহাশয় মনে করিবেন যে, এই সত্যবাদিরা
আত্মপ্রতীতি মতই কহিয়াছিলেন;—কিন্তু ইহা স্বীকার করিলে
তাঁহাদিগের কল্পনাশক্তির অবমাননা করা হয়। প্রতাগত
যাত্রীর অনেকে নিশ্চিত করিয়া কহিয়াছিলেন যে, নবকুমারকে
ব্যান্ত্রমুথে পড়িতে তাঁহারা প্রত্যক্ষই দৃষ্টি করিয়াছিলেন।—
কখন কথন ব্যান্ত্রটার পরিমাণ লইয়া তর্ক বিতর্ক হইল; কেহ
কহিলেন ব্যান্ত্রটা আট হাত হইবেক—কেহ কহিলেন " না প্রায়
চৌদহাত।" পূর্বি পরিচিত প্রাচীন যাত্রী কহিলেন, " যাহা
হউক, আদি বড় রক্ষা পাইয়াছিলাম। ব্যান্ত্রটা আমাকেই অঞ্

ভাড়া করিয়াছিল; আমি পলাইলাম; নবকুষার তত লাহসী পুৰুষ লছে; পলাইতে পারিল লা।%

যখন এই সকল রটনা নবকুমারের মাতা প্রভৃতির কর্ণগোচর ইইল, তখন পুরমধ্যে এমত ক্রিম্পন ধূলি উঠিল, যে কয় দিন তাহার ক্ষান্তি হইল না। এক মাত্র পুত্রের মৃত্যুসহাদে নবকুমারের মাতা একেবারে মৃত্পায় হইলেন। এমত সময়ে যখন নবকুমার সন্ত্রীক হইয়া বাটী আগমন করিলেন, তখন তাঁহাকে কে জিজ্ঞাসাকরে, যে তোমার বধু কোন জাজীয়া বা কাহার কন্যা ? সকলেট স্মাহ্রাদে অন্ধ হইল। নবকুমারের মাতা মহাসমাদরে বধু বরণ করিয়া গৃহে লইলেন।

যথন নবকুমার দেখিলেন যে কপালকুণ্ডলা তাঁহার গৃহমধ্যে সাদরে গৃহিতা ছইলেন, তথন তাঁহার আদন্দ সাগর উথলিয়া উঠিল। অনাদরের ভয়ে তিনি কপালকুণ্ডলা লাভ করিয়াও কিছু মাত্র আছাদ বা প্রণয় লক্ষণ প্রকাশ করেন নাই;—অথচ তাঁহার হুদরাকাশ কপালকুণ্ডলার মূর্ত্তিছেই ব্যাপ্ত হইয়া রহিয়াছিল। এই আশহাতেই তিনি কপালকুণ্ডলার পাণিগ্রহণ প্রভাবে অকশ্বাৎ সমত হুরেন নাই; এই আশহাতেই পাণিগ্রহণ করিয়াও গৃহাগমন পর্যান্তও বারেক মাত্র কপালকুণ্ডলার সহিত প্রণয় সম্ভাব্য করেন নাই; পরিপ্লবোম্মুখ অনুরাগ সিল্পুতে বীটিমাত্র বিক্তিপ্ত হইতে দেন নাই। কিন্তু সে আশহা দূর ছইল; জল রাশির গতি মুখ হইতে বেগনিরোধকারী উপল মোচনে যেয়প ফুর্দম স্থোভোবেগ ছালে, সেই রূপ বেগে নবৃকুন্মারের প্রণয় সিল্পু উথলিয়া উঠিল।

এই প্রেমাবিভাব সর্বাদা কথার বাক্ত হইত না, কিন্তু নবকুমার কপালকুগুলাকে দেখিলেই যেরূপ অজললোচনে তাহার প্রতি অনিমিক্ চাহিরা থাকিতেন, তাহাতেই প্রকাশ পাইত; যেরূপ -নিম্পারোজনে, প্রয়োজন কণ্পনা করিয়া কপালকুগুলার কাছে আসিতেন, তাহাতে প্রকাশ পাইত; বেরূপ বিনা প্রসঙ্কে কপালকুওলার প্রদল উত্থাপনের চেন্ডা পাইডেন, ভাহাতে প্রকাশ পাইড; যেরপ দিবানিলি কপালকুওলার সুখসক্ষ্পভার অয়েষণ করিতেন, ভাহাতে প্রকাশ পাইড; সর্বাদা জন্যমনস্কভা স্ক্রক পদবিক্ষেপেও প্রকাশ পাইড। তাঁহার প্রকৃতি পর্যন্ত পরিবর্তিত হইতে লাগিল। যেখানে চাপলা ছিল, সেখানে প্রসত্নভা জন্মাইল; যেখানে অপ্রসাদ ছিল, সেখানে প্রসত্নভা জন্মাইল; নরকুমারের মুখ সর্বাদাই প্রফুল্ল। হুদয় স্নেহের আধার হওরাতে অপর সকলের প্রতি স্নেহের আধিকা জন্মিল; বিরজ্জিলকের প্রতি বিরাগের লাখব হইল, মনুষ্য মাত্র প্রেমের পাত্র হুইজ; পৃথিবী সংকর্মের জনা মাত্র স্ক্রটা বোধ হইতে লাগিল। ভাবং সংসার স্কুলর বোধ হইতে লাগিল। প্রণয় এইরপ! প্রণয় কর্মাকে মধুর করে, অসংকে সহ করে, অপুণ্যকে পুণ্যবাদ্ করে, অন্ধারকে আলোকময় করে!

আর কপালকুগুলা? ভাহার কি ভাব। চল পাঠক ভাহাকে

यष्ठे পরিচ্ছেদ।

অবরোধে।

কিমিতাপাসাভিরণানি যৌবনে
ধূতংস্বল্পা বার্দ্ধকশোভি বল্ফলন্।
বদপ্রদাবে ক্ষৃটচন্দ্র তারকা
বিভাবরী ষদ্যক্রনার কপেতে॥



কুমারসভব :

সকলেই অবগত আছেন, যে পূৰ্ব্বকালে সপ্তপ্ৰাম মহাসমৃদ্ধিশালিনী নগরী ছিল। এককালে যবদ্বীপ হইতে রোমকপর্যান্ত
স্বলেশের বণিকেরা বাণিজ্ঞার্য এই মহানগরীতে মিলিত হইত।

কিন্তু বন্ধীয় দশম একদাশ শতাদীতে সপ্তপ্রামের প্রাচীন সমৃদ্ধির লাঘব জান্মাছিল। ইহার প্রধান কারণ এই বে, তন্ত্রগরীর প্রাস্ত্র-ভাগ প্রকালিত করিয়া যে প্রোতঃস্থতী বাহিত হইত, এক্ষণে ভাহা শহীর্ণশরীরা হইয়া আসিতে ছিল; স্বতরাং রহদাকার জনমান সকল আরু নগরী পর্যান্ত আসিতে পারিত না। একারণ বানিজ্য বাহল্য ক্রমে লুপ্ত হইতে লাগিল। বাণিজ্যগোরবা নগরীর বাণিজ্য নাশ হইলে সকলই যায়। সপ্তপ্রামের সকলই গোল। একাদশ শতাদীতে হুগলী স্তুল সেচিবে তাহার প্রতিযোগী হইয়া উঠিতেছিল। তথায় পর্ত্ত্ গীসেরা বাণিজ্য আরম্ভ করিয়া সপ্তপ্রামের মনলক্ষীকে আকর্ষিতা করিতেছিলেন। কিন্তু তথ্নও সপ্তপ্রাম একেবারে হড্ডী হয় নাই। তথায় এপর্যান্ত কোজদার প্রভৃতি প্রধান রাজপুরুষদিগের বাস ছিল; কিন্তু নগরীর অনেকাংশ জীন্ত্রন্ট এবং বস্তিহীন হইয়া পল্লীপ্রামের আকার ধারণ করিয়াছিল।

সপ্ত প্রামের, এক নির্জ্জন ঔপনগরিক ভাগে নবকুমারের বাস।
এক্ষণে স্প্ত প্রামের ভয়দশার তথার প্রায় মনুষ্য সমাগম ছিল
না; রাজপথ সকল লভাগুলাদিতে পরিপুরিত হইয়াছিল।
নবকুমারের বাটার পশ্চান্ডাগেই এক বিস্তৃত নিবিড় বন। বাটার
সন্মুখে প্রায় ক্রোশার্দ্ধ দূরে একটা কুদ্র খাল বছিত; সেই খাল
একটা কুদ্র প্রাপ্তর বেফ্টন করিয়া গৃহের পশ্চান্ডাগন্থ বনমধ্যে
প্রবেশ করিয়া ছিল। গৃহটা ইস্টক রচিত; দেশকাল বিবেচনা
করিলে ভাহাকে নিভান্ত সামান্য গৃহ বলা মাইতে পারিত না।
দোভালা বটে, কিন্তু ভয়ামক উচ্চ নহে; এখন একভালায়
সেরপ উচ্চতা অনেক দেখা যায়।

এই গৃহের সোধোপরি ছুইটা নবীনবয়সা স্ত্রীলোক দাঁড়াইয়া চতুর্দ্দিক্ অবলোকন করিতে ছিলেন। সম্ক্যাকাল উপস্থিত। চতুর্দ্দিকে যাহা দেখা যাইতেছিল, তাহা লোচনরঞ্জন বটে। নিকটে একদিকে, নিবিড্বন; ভন্নধ্যে অসংখ্য পক্ষীগণ কলরব করিতেছে। অন্যদিকে কুদ্র থাল, রূপার স্তার ন্যায় পড়িরা রহিয়াছে। দূরে, মহানগরীর অসংখ্য সৌধমালা, নববসন্ত-পবনস্পর্শ-লোলুপ নাগরিকগণে পরিপুরিত ছইয়া শোভা করি-তেছে। অন্যদিকে, অনেকদুরে নে কাভরণা ভাগিরথীর বিশাল-বক্ষে সন্ধ্যাতিমির ক্ষণে ক্ষণে গাঢ়তর ছইতেছে।

যে নবীনারর প্রাসাদোপরি দাঁড়াইরাছিলেন, তথাগে এক জন চন্দ্রবিথাবর্ণভা; অবিন্যস্ত কেশভার মধ্যে প্রায় অর্ক্লুকা-রিতা। অপরা কৃষণাঙ্গনী; তিনি সমুখী, ষোড়শী; তাঁহার ক্রুব্র দেহ, মুখখানি কৃদ্র; তাহার উপরার্চ্চে চারিদিক্ দিয়া কৃদ্র কুঞ্জিত কুরুলদাম বেড়িয়া পড়িয়াছে; ষেন নীলোৎপল-দল রাজি উৎপলমধ্যকে যেরিয়া রহিয়াছে। নয়নমুগল বিক্লারিত, কোমল-খেতবর্গ, সফরী সদৃশ; অঙ্গুলি গুলিন কৃদ্র কৃদ্র, সঙ্গিনীর কেশতরক্ষ মধ্যে নাস্ত হইয়াছে। পাঠক মহাশয় বুঝিয়াছেন, ষে চন্দ্রব্রিথাবর্ণশোভিনী কপালকুগুলা; তাঁহাকে বলিয়া দিই, কৃষণাজিনী তাঁহার ননন্দা শ্যামা সুন্দরী।

শ্যামাস্থলরী ভ্রাতৃজায়াকে কথন "বউ" কথন আদর করিয়া, "বন্" কথন "মূণো" সম্বোধন করিয়াছিলেন। কপাল-কুগুলা নামটা বিকট বলিয়া, গৃহছেরা তাঁহার নাম মৃণায়ী রাখিয়া-ছিলেন; এইজন্য "মূণো" সম্বোধন। আম্রাও এখন কথন কথন ইহাকে মৃণায়ী বলিব।

- বলে পদ্মরাণী, বদন্থানি, রেতে রাথে চেকে।
 ফুটার কলি, জুটার অলি, প্রাণপতিকে দেখে।।
 আবার— বনের লভা, ফোলে পাড়া, গাছের দিকে ধায়।
- আবার— বনের লভা, কেলে পাডা, গাছের দিকে ধায়। নদীর জল, নাম্লে চল, সাগরেভে যায়।।
- কিছি—শরমটুটে, কুমুদকুটে, চাঁদের আলো পেলে। বিশ্বের কনে রাখতে নারি কুলশ্যা গেলে।

সরি----একি জালা, বিধির খেলা, ছরিষে বিষাদ। পর পরশে, সবাই রসে, ভালে লাজের বাঁধ।।

তুই কিলো একা তপদ্মিনী থাকিবি ?"

মূঝ্যী উত্তর করিল, " কেল কি তপদাা করিতেছি ?"

শামাপুন্দরী ছুই করে মূঝ্যীর কেশ-তরক্ষমালা তুলিয়া কহিল,
"তোমার এ চুলের রাশি কি বাধিবে না ?"

মৃথারী কেবল ঈবংহাসিয়া শ্যামাসুন্দরীর হাত হইতে কেশ-গুলিন টানিয়া লইলেন।

শ্যামাস্করী আবার কছিলেন, "ভাল আমার সাধটী পুরুত। একবার আমাদের গৃহস্থের মেষের মত সাজ। কড দিন যোগিনী থাকিবে?"

মৃ। "যথন তোমার ভাইরের সহিত সাক্ষাৎ হর নাই তথন ত আমি যোগিনীই ছিলাম।"

শ্যা। '' এখন আর থাকিতে পারিবে না "

मृ। " दक्स थां कित ना।"

শ্যা। " কেন ? দেখিবি । ভোর যোগ ভাঙ্গিব। পরশপাতর কাহাকে বলে জান ?"

मृश्रशी कहितन " ना।"

শ্যা। " পরশ পাতরের স্পর্শেরাক্ষও সোনা হয়।"

মৃ। "তাতে কি?"

मा। " स्टिश्चमाञ्चरवत् अतम्भाष्ठत् जारह।"

मृ। " সে কি ?"

শায়। "পুৰুষ। পুরুষের বাভাসে যোগনীও গৃহিনী হইয়া যায়। ভোৱে সেই পাতর ছোঁয়াব। ছোঁয়াব,

> বাঁধার চুলেররাশ, পরার চিকণ বাস, খোঁপার দোলার ভোর ফুল। কপালে সিঁধির ধার, কাঁকালেতে চক্সহার.

कारन टाइ मिव ट्यां फ्रांकून म

কুকুম চন্দন চুয়া. বাটা ভোরে পাণ গুরা, রাঙ্গামুথ রাঙ্গা হবে রাগে। সোণার পুতলি ছেলে, কোলে তোর দিব ফেলে, দেখি ভাল লাগে কি না লাগে ছ

এইটিও ছেলে বেলার শ্লোক।"

মৃশারী কহিলেন, ''ভাল, বুঝিলাম। পরশাপাতর যেন ছোঁরালে, সোণা হলেম। চুল বাঁধিলাম; ভাল কাপিড় পরিলাম; খোঁপায় ফুল দিলাম। সিঁথি চক্রহার পরিলাম; কানে দূল দূলিল; চন্দন, কুছুম, চুয়া, পাণ, গুয়া, সোণার পুতলি পর্যান্ত ইইল। মনে কর সকলই হইল। তাহা হইলেই বা কি সুখ ?''

मा। " वन मिथ कूनने कूटित कि सूथ?"

मृ। " लारकत प्रत्थ सूथ ; कूरलत कि ? "

শ্যামাসুদ্রীর মুথকান্তি গঞ্জীর হইল; প্রভাত বাতাহত নীলোৎ-পলবং বিক্ফারিত চক্ষু দ্বং ছুলিল; বলিলেন "ফুলের কি? তাহাত বলিতে পারি না। কথন ফুল হইরা ফুটিনাই। কিন্তু বুঝি যদি তোমার মত কলি হইতাম তবে ফুটিয়া সুথ হইত।".

শামা কুলীনপত্ন।

আমরাও এই অবকাশে পাঠক মহাশয়কে বলিয়া রাখি যে ফুলের ফুটিরাই সুখ। পুষ্পারস, পুষ্প গন্ধ, বিতরণই তার সুখ। আদান প্রদানই পৃথিবীর সুখের মূল; তৃতীয় মূল নাই। এ কথা কেবল স্নেহ সম্বন্ধেই যে সতা এমত নহে। ধন, মান, সম্পদ, মহিমা, বিদার, বৃদ্ধি, সকলেরই সুখদানশক্তি কেবল মাত্র আদান প্রদান ঘটিত। মূল্যী বন মধ্যে থাকিয়া এ কথা কথন হাদয়ক্ম করিতে পারেন নাই—অত এব কথার কোন উত্তর দিলেন না।

শ্যামাসুদ্রী তাঁহাকে নীরব দেখিয়া কহিলেন "আচ্ছা— ডাই যদি না ছইল;—ভবে শুনি দেখি ভোমার সুথ কি ?"

मृथाशी किश्र क्ल जाविशा विज्ञालन " विलाख शांति ना। वांध

করি সমুদ্র তীরে সেই বলে বলে বেড়াইতে পারিলে আমার স্থ জলো।"

শামাসুন্দরী কিছু বিশ্বিত। হইলেন। তাঁহাদিগের ষত্ত্ব যে মৃথ্যয় উপক্তা হয়েন নাই, ইহাতে কিঞিৎ কুত্রা হইলেন; কিছু ক্যা হইলেন। কছিলেন, "এখন ফিরিয়া যাইবার উপায়?"

মৃ। " উপায় নাই"

मा। " ভবে कतिरव कि ?"

মৃ৷ " অধিকারী কহিতেন, ' যথা নিষুক্তোন্মি তথা করোমি" শ্যামা স্ক্রী মুখে কাপড় দিয়া হাসিয়া কহিলেন '' যে আজ্ঞা ভট্টাচার্যা মহাশয়! কি ছইল ?''

মৃথায়ী নিশ্বাস ত্যাগ করিয়া কছিলেন, " বাছা বিধাত। করাইবেন তাছাই করিব। যাহা কপালে আহছ তাছাই ঘটিবে?"

শ্যা। "কেন, কপালে আর কি আছে? কপালে সুথ আছে। তুমি দীর্ঘনিশ্বাস কেল কেন ?"

মৃশ্বরী কহিলেন, "শুন। যে দিন ডোমার ভাতার সহিত যাত্রা করি, বাত্রাকালে আমি ভবানীর পায়ে ত্রিপত্ত দিতে গেলাম। আমি মার পাদপদ্মে ত্রিপত্ত না দিরা কোন কর্মা করিভাম না। যদি কর্মো শুভ হইবার হইভ, ভবে মা ত্রিপত্ত ধারণ করিভেন; যদি অমন্ধল ঘটবার সম্ভাবনা থাকিড, ভবে ত্রিপত্ত পড়িয়া যাইড। ভোমার ভ্রাভার সহিত অজ্ঞাভ দেশে আসিতে শঙ্কা হইভে লাগিল; ভালমন্দ জানিতে মার কাছে গেলাম। ত্রিপত্ত মা ধারণ করিলেন না—অভএব কপালে কি আছে জানি না।"

मृथाशी नीवव रहेटलन । नामां रूक्ती निरुद्धि छेठिटलन ।

विकीतः थयः नगाराः।

কপালকুণ্ডলা।

তৃতীয় খণ্ড।

প্রথম পরিচ্ছেদ।

चूडशूर्ख।

" কফৌরং খলুভ্ভাভাবঃ।" বলাবলী।

যখন নবকুমার কপালকুগুলাকে লইয়া চটা হইতে যাত্রা করেন, তথন মতিবিবি পথান্তরে বর্দ্ধমানাভিমুখে যাত্রা করিলেন। যত-ক্ষণ মতিবিবি পথবাহন করেন ততক্ষণ আমরা তাঁহার, পূর্মরত্রান্ত কিছু বলি। মতির চরিত্র মহাদোষ কলুষিত, মহদ্দাণেও শোভিত। এরপ চরিত্রের বিস্তারিত রভান্তে পাঠক মহাশর অসম্ভট্ট হইবেন না।

যথন ই হার পিতা মহম্মনীয় ধর্মাবলম্বন করিলেন, তথন ই হার হিচ্মুনাম পরিবর্ত্তিত হইরা লুৎক্-উরিসা নাম হইল। মতিবিবি কোম কালেও ই হার নাম নহে। তবে কথন কথন ছ্মাবেশে দেশবিদেশ ভ্রমণ কালে ঐ নাম প্রহণ করিতেন। ই হার পিতা ঢাকায় আসিয়া রাজকার্য্যে নিযুক্ত হইলেন। কিন্তু তথায় অনেক নিজ দেশীয় লোকের সমাগম। দেশীয় সমাজে সমাজচ্যত হইয়া সকলের থাকিতে ভাল লাগে না। অতএব তিনি কিছুদিনে স্বাদারের নিকট প্রতিপত্তি লাভ করিয়া তাঁহার সূক্ত অনেকা-দেক ওমরাছের নিকট পত্র সংগ্রহণুর্ব্বক সপরিবারে আগ্রা

আসিলেন। আকবরশাহের নিকট কাহারও গুণ জবিদিত থাকিত না; শীদ্রই ডিনি ই হার গুণগ্রহণ করিলেন। লুৎফ-উন্নিদার পিতা শীত্রই উচ্চপদস্থ হইয়া আগ্রার প্রধান ওমরাহ भिर्पा गंगा रहेरलम । এদিকে লুৎফ্-উন্নিদা ক্রমে বরঃপ্রাপ্ত হইতে नांशितन। आधार् आंत्रश जिनि भारतीक, मः ऋछ, नृजा, গীত. রসবাদ ইতালৈতে সুশিক্ষিতা হইলেন। রাজধানীর অসংখ্য রূপবতী-গুণবতী দিগের মধ্যে অগ্রগণ্যা হইতে লাগিলেন। ছুর্ভাগ্য वण्डः विमानमञ्जा उँदिन योषृण णिका इरेशिहन, नीजि-- সম্বন্ধে তাহার কিছুই হয় নাই। লুৎফ্-উশ্লিসার বয়স পূর্ণ ছইলে প্রকাশ পাইতে লাগিল যে, তাঁছার মনোরতি সকল তুর্দ্দিবেগ-ं वजी। देखिशमयत्नत्रं किछूमां ब कमजा अनाहे, देम्हा अनाहे। সদসতে সমান গুরুত্তি। একার্য্য সং, একার্য্য অসং এমত বিচার क्रिया जिनि कौन कर्मा अब्रख इटेजिन ना ; योहा जीन नागिज, তাহাই করিতেন। যখন সংকর্মে অন্তঃকরণ সুখী হইত, তখন मध्कर्म कृतिका: यथन व्यमश्रक्ष व्यक्तक्ष प्रथी इहेक, उथन অসংকর্ম করিতেন। যেবিন কালের মনোরতি ছুর্দ্দম হইলে যে সকল দোষ জন্মায়, ভাছা লুংফ্-উল্লিমা সম্বন্ধে জন্মাইল। उाँहात शूर्वियांगी वर्जमान ;— अमतारहता दक्ह छाँहारक विवाह ক্রিতে সম্মত হইলেন না। তিনিও বড় বিবাহের অনুরাগিনী इहेलन ना। मत्न मत्न जाविष्ठन, कूमूरम कूमूरम विशादिनी ख्यतीत शक्ताक्त त्कन कताहेव ? धार्या कार्गाकृति, त्मारा ্ কালিমাময় কলঙ্ক রটিল। তাঁহার পিতা বিরক্ত হইয়া তাঁহাকে আপন গৃহ হইতে বহিষ্ত করিয়া দিলেন।

লুংক্-উন্নিসা গোপনে যাহাদিগের ক্লপাবিতরণ করিতেন, তথাগ্যে ধুবরাজ সেলিম এক জন। একজন ওমরাহের কুলকলঙ্ক জন্মাইলে, পাছে আপন অপক্ষপাতি পিতার কোপানলে পভিতে হয়, এই আশঙ্কায় সেলিম এপর্যন্ত লুংক্-উন্নিসাকে আপন অবরোধ বাসিনী করিতে পারেন নাই। একণে স্যোগ

পাইলেন। রাজপুতপতি মানসিংহের ভগিনী, ধুবরাজের প্রধানা মহিষী ছিলেন। মুবরাজ লুৎফ্-উলিসাকে তাঁহার প্রধান সহচরী করিলেন। লুভফ্-উলিসা প্রকাশ্যে বেগমের স্থী, পরোক্ষেন মুবরাজের উপপত্নী হইলেন।

लुश्क-डेबिमांत नारंत तुष्टिमडी महिला एव जल्लामित्महे ताककूमारतत समग्राधिकांत कतिरान, हेश महाखरें छेललिए इहेरड পারে। দেলিমের চিত্তে তাঁহার প্রভুত্ব এরপ প্রতিযোগশুনা হইয়া উঠিল যে লুংফ্-উল্লিসা উপযুক্ত সময়ে তাঁহার পাটরানী इरेट्र इंश ठाँ होत हित्र शिष्ट का इरेन। टक्रन लुटक-डेब्रिमांव স্থিরপ্রতিজ্ঞা এমত নহে, রাজপুরবাসী সকলেরই ইছা সম্ভব বোধ হইল। এইরূপ আশার স্বপ্নে লুংফ্-উল্লিসা জীবন বাহিত করিতে ছিলেন, এমত সময়ে নিজা ভঙ্গ হইল। আকবর শাছের কোষা-ধাক্ষ (আকৃতিমাদ-উদ্দেশিলা) খাজা আয়াদের কন্যা মেছের-উল্লিসা যবনকুলে প্রধানা কুল্রী। এক দিন কোবাধ্যক রাজ-কুমার সেলিম ও অন্যান্য প্রধান ব্যক্তিকে নিমন্ত্রণ করিরা গৃছে আ'নিলেন। সেই দিন মেহের-উল্লিসার সহিত সেলিমের সাক্ষাৎ इटेल, এবং সেই দিন সেলিম মেছের-উল্লিমার নিকট চিত্ত বাখিয়া গেলেন। তাহার পর যাহা যাহা ঘটিয়াছিল, ভাহা ইতিহাস পাঠক মাত্রেই অবগত আছেন। শের আফগান নামক একজন মহাবিক্রমশালী ওমরাহের সহিত কোষাধ্যকের কন্যার সম্বন্ধ পূর্বেই হইয়াছিল। দেলিম অনুরাণান্ধ হইয়া দে সম্বন্ধরহিত করিবার জন্য পিতার নিকট যাচমান হইলেন। নিরপেক্ষ পিতার নিকট কেবল ভিরক্ষত হইলেন মাত্র। সুভরাং সেলিমকে আপা-ততঃ নিরস্ত হইতে হইল। আপাততঃ নিরস্ত হইলেন বটে; কিন্তু আশা ছাডিলেন না: শের আফগানের সহিত মেহের-উল্লিসার বিবাহ ছইল। কিন্তু সেলিমের চিত্তরতি সকল লুৎফ-উল্লিসার নথদৰ্পণে ছিল: —তিনি নিশ্চিত বুঝিয়াছিলেন, যে শের আফ গানের সহত্র প্রাণথাকিলেও তাঁহার নিস্তার নাই

শাহের মৃত্যু হইলেই ভাঁহারও প্রাণান্ত হইবে;— মেহের উলিসা দেলিমের মহিনী হইবেন : লুও্ঁফ-উলিসা সিংহাসনের আশা ভাগ করিলেন।

নহম্মদীর সম্রাট-কুল-গোরব আকবরের প্রমায়ঃ শেষ হইয়া আসিল। যে প্রচণ্ড স্র্যোর প্রভায় তুরকী হইতে ব্রহ্মপুত্র পর্যান্ত প্রদীপ্ত হইয়াছিল, সে স্থ্য অন্তগামী হইল। এ সময়ে লুত্ক-উল্লিসা আত্মা প্রাধানা রক্ষার জন্য এক ছুঃসাহ্সিক সকল্প করিলেন।

রাজপুতপতি রাজা মানসিংহের ভগিনী সেলিমের প্রধানা মহিনী। থক্স তাঁহার পুত্র। একদিন তাঁহার সহিত আকবর শাহের গীড়িত শরীর সম্বন্ধে লুত্ক-উদ্ধিসার কথোপকথন হুইতে ছিল: রাজপুত কনা। একানে বাদশাহ পূড়ী হুইবেন. এই কথার প্রসন্ধ করিয়া লুত্ক-উদ্ধিসা ভাঁহাকে অভিনন্দন করিতেছিলেন, প্রত্যুত্তরে থক্সর জননী কহিলেন, "বাদশাহের মহিনী হুইলে মনুষা জন্ম সার্থক বটে, কিন্তু যে বাদশাহ-জননী সেই সর্ব্বোপরি।" উত্তর শুনিবামাত্র এক অপূর্ব্বচিন্তিত অভিসন্ধি লুৎক্-উদ্দিসার হৃদয়ে উদয় হুইল। তিনি প্রত্যুত্তর করিলেন, "তাহাই হুউন না কেন? দেওত আপনার ইচ্ছাধীন।" বেগম কহিলেন, " সে কি ?" চতুরা উত্তর করিলেন, " শুবরাজ পুত্র থক্সকে সিংহাসন দান কক্সন।"

বেগম কোন উত্তর করিলেন না। সে দিন এ প্রসঙ্গ পুনক'খাপিত হইল না, কিন্তু কেহই একথা তুলিলেন না। স্থামির পরিবর্ত্তে
পুত্র যে সিংহাসনারোহণ করেন ইহা বেগমের অনভিমতা নহে:
মেহের-উন্নিসার প্রতি সেলিমের অনুরাগ লুংফ্-উন্নিসার যেরূপ
হুদরশেল, বেগমেরপ্র সেইরূপ। মানসিংহের ভগিনী আধুনিক
তুর্কমান কনার যে আজ্ঞানুবর্তিনী হইরা থাকিবেন, তাহা ভাল
লাগিবে কেন : লুংফ্-উন্নিসারপ্ত এ সঙ্কলেপ উদ্যোগিনী হইবার
গাঢ় তাৎপর্য ছিল। অন্যদিন পুনর্বার এপ্রসঙ্গ উত্থাপিত
হইল। উত্যের মৃত দ্বির হইল।

সেলিমকৈ ত্যাণ করিয়া থক্সকে আকবরের সিংহাসনে ছাপিত করা অসম্ভাবনীর বলিয়া বোধ, হইবার কোন কারণ ছিল না। এ কথা লুংক্-উন্নিমা বেগমের বিলক্ষণ হৃদয়ন্দম করাইলেন। তিনি কহিলেন, "মোগলের সাড্রাজ্য রাজপুতের বাত্বলে ছাপিত রহিয়াছে; সেই রাজপুত জাতির চ্ড়া রাজা মানসিংহ; তিনি থক্ষর মাতুল; আর মুসলমানদিগের প্রধান ধাঁ আজিম; তিনি থক্ষর মাতুল; আর মুসলমানদিগের প্রধান ধাঁ আজিম; তিনি থক্ষর মাতুর; ইহারা মুইজনে উদ্যোগী হইলে, কে ইহাদিগের অমুবর্ত্তী না হইবে? আর কাহার বলেই বা ধুবরাজ সিংহাসন প্রহণ করিবেন? রাজা মানসিংহকে একার্যো ব্রতী করা, আপনার তার। ধাঁ আজিম ও জন্যান্য মহম্মনীয় ওমরাহগণকে লিপ্ত করা আমার ভার। আপনার আশীর্কাদে কৃত্বার্যা হইব, কিন্তু এক আশকা, পাছে, সিংহাসন আরোহণ করিয়া থক্ষ এ মুশ্চারিণীকে পুরবহিক্ত করিরা কেন? "

বেগম সহচরীর অভিপ্রায় বুঝিলেন। হাসিয়া কহিলেন, "তুমি আথার যে ওমরাহের গৃহিণী হইতে চাও, সেই ভোমার পানি গ্রহণ করিবে। ভোমার স্বামী পঞ্জ হাজারি মন্সরদার হইবেন।"

লুৎফ্-উরিসা সন্তুষ্ট হইলেন। ইহাই তাঁহার উদ্দেশ্য ছিল।
বদি রাজপুরী মধ্যে সামান্যাপুরস্ত্রী হইয়া থাকিতে হইল, তবে
প্রতিপুষ্পবিহারিণী মধুকরীর পক্ষচ্ছেদ করিয়া কি সুথ হইল?
বদি স্বাধীনতা ত্যাগ করিতে হইল, তবে বাল্যস্থী মেহেরউরিমার দাসীত্বে কি সুথ? তাহার অপেক্ষা কোন প্রধান রাজপুক্ষের সর্ক্ষয়ী ঘুরণী হওয়া গোরবের বিষয়।

শুধু এই লোভে লুংফ্-উন্নিসা এ কর্মে প্রবৃত্ত হইলেন না। দেলিম যে তাঁহাকে উপেক্ষা করিয়া মেছের-উন্নিসার জন্য এত বাস্ত, ইহার প্রতিশোধও তাঁহার উদ্দেশ্য।

খা আজিম প্রভৃতি আগ্রা দিল্লীর ওমরাছের। লুভফ উলিসার বিলক্ষণ বা্ধ্য ছিলেন। অনেকেই পূর্বকালে লুংফ্-উলিসার প্রণর ভাগী ছিলেন। খাঁ আজিম যে জামাতার ইন্ট সাধনে উচ্চাক্ত হই-নেন, ইহা বিচিত্র নছে। তিনি এবং আর আর এমরাহগণ সমাত হইলেন। খাঁ আজিম লুৎফ-উন্নিসাকে কহিলেন, "মনে কর যদি 'কোন অসুযোগে আমরা ক্লভকার্য্য না হই, তবে ভোমার আমার রক্ষা নাই। অভএব প্রাণ বাঁচাইবার একটা পথ রাখা ভাল"

লুৎক্-উন্নিসা কহিলেন, " আপনার কি পরামর্শ?" খাঁ আজিম কহিলেন। "উড়িয়া ভিন্ন অন্য আশ্রয় নাই। কেবল সেই স্থানে মোগলের শাসন তত প্রথর নহে। উড়িয়ার সৈন্য নামানিনের হস্তগত থাকা আবশ্যক। তোমার প্রাতা উড়িয়ার মন্সর্দার আছেন; আমি কলা প্রচার করিব তিনি যুদ্ধে আহত হুইয়াছেন। তুমি তাঁহাকে দেখিবার ছলে কলাই উড়িয়ার যাত্রা কর। তথার যৎকর্ত্তব্য তাহা সাধন করিয়া শীব্র প্রত্যাগমন কর।"

লুৎফ্-উন্নিসা এ পরামর্শে সন্মত হইলেন। তিনি উড়িষাার আসিরা যথন প্রত্যাগমন করিতেছিলেন, তথন তাঁহার সহিত পাঠক মহাশয়ের সাক্ষাৎ হইরাছে।

দ্বিতীয় পরিচ্ছেদ। পথারুরে।

" যে মাটাতে পড়ে লোকে উঠে তাই ধরে। বারেক নিরাশ হয়ে কে কোথায় মূরে॥ তুফানে পতিও কিন্তু ছাড়িব না হাল। আজিকে বিফল হলো, হতে পারে কাল।।"

মবীন তপথিনী।

বে দিন নবকুমারকে বিদায় করিয়া মতি বিবি বা লুংক্-উল্লিসা বর্জমানাভিমুখে যাত্রা করিলেন, সে দিন তিনি বর্জমান পর্যান্ত যাইতে' পারিলেন না। অন্য চটাতে রহিলেন। সম্বার সময়ে পেষ্যনের সহিত একত্রে বসিয়া কণে পকথন হইতেছিল, এমত কালে মতি সহসা পেষ্যনকে জিজাসা করিলেন,

'' (अयगन ! आंभात सामीति (क्यन (पिश्ति ? "

পেষ্মন্, কিছু বিস্মিত ছইয়া কছিল, "-কেমন আগর দেখিব ?" মতি কছিলেন " সুন্দর পুরুষ বটে কি না ?" '

নবকুমারের প্রতি পেষ্মনের বিশেষ বিরাগ জান্মাছিল। যে অলস্কার গুলিন মতি কপালকুগুলাকে দিয়াছিলেন, তংপ্রতি, পেষ্মনের বিশেষ লোভ ছিল: মনে মনে ভরসা ছিল এক দিন চাছিয়া লইবেন। সেই আশা নিমূল ছইয়াছিল, সুতরাং কপাল-কুগুলা এবং তাঁছার স্বামী উভয়ের প্রতি তাঁছার দাকণ বিরক্তি। অভএব কামিনীর প্রশ্নে উত্তর করিলেন.

" দরিদ্র ব্রাহ্মণ আবার সুন্দর কুৎসিড় কি ?"

মতি সহচরীর মনের ভাব বুঝিয়া হাস্য করিলেন, কহিলেন, "দরিদ্রোক্ষণ যদি ওমরাহ হয়, তবে সুন্দর প্রক্ষ হইবে কিনা?"

পে। "দে আবার কি?"

মতি। ''কেন, তুমি কি জান না যে বেগম স্বীকার করিয়া-ছেন, যে থক্জ বাদশাহ হইলে আমার স্বামী ওমরাই হইবে ?"

পে। "ভা ভ জানি। কিন্তু ভোমার পুর্বেম্বামী ওমরাহ হইবেন কেন?"

*মতি ৷ " তবে আমার আর কোন স্বামী আছে ?"

পে। " যিত্রি নৃতন হইবেন।"

মতি ঈষৎ হাসিয়া ক**হিলেন.** " আমার নাায় সতীর তুই স্বামী, এ বড় অন্যায় কথা।—এ কে যাইতেছে ?"

যাহাকে দেখিরা মতি কহিলেন, ''ও কে যাইতেছে।'' পেষ্মন ভাহাকে চিনিল; সে আগ্রা নিবাদী, খাঁ আজিমের আঞ্জিত নাজ্জি। উভয়ে বাস্ত হইলেন। পেষ্মন্ তাহাকে ডাকি- লেন, সে ব্যক্তি আসিয়া লুংফ্-উল্লিসাকে অভিবাদন পূৰ্ত্ত্তি এক খানি পত্ত দান করিল: কছিল,

, ''পত্র লইরা উড়িষ্যা যাই**ড়েছিলা**ম। পত্র জরুরি।" পত্র পড়িয়া মতিবিবির আশা ভরসা সকল অন্তর্হিত হইল। পত্রের মর্ম্ম এই.

" আমাদিগের যতু বিকল হইরাছে। মৃত্যুকালেও আকবরশাহ সাপন বুদ্ধিবলে আমাদিগের পরাভূত করিরাছেন। তাঁহার
প্রলোকে গতি হইরাছে। তাঁহার আজাবলে, কুমার সেলিম
এক্ষণে জাইগানীর শাহ হইরাছেন। তুমি থক্তর জন্য ব্যস্ত হইবে
না। এই উপলক্ষে কেছ ভোমার শত্রুতা সাধিতে না পারে,
এমত চেষ্টার জন্য তুমি শীন্ত আগ্রায় ফিরিয়া আসিবা।"

আকবর শাহ যে প্রকারে এ ষড়যন্ত্র নিক্ষল করেন, ভাহা ইতিহাসে বর্ণিভ আছে; এ স্থলে ভতুলোখের আবশ্যক নাই।

পুরস্কার পূর্বক দূতকে বিদায় করিয়া মতি, পেষ্মনকে পত্র শুনাইলেন। পেষ্মন্কহিল,

" এক্ষণে উপায় ?"

মতি। " এখন আরু উপায় নাই।"

পে। (ক্ষান্ত চিক্সা কৰিয়া) "ভাল ক্ষতিই কি? যেমন ছিলে, তেমনিই থাকিবে, মোগল বাদশাহের পুরস্ত্রী মাত্রেই অন্য রাজ্যের পাট্রাণী অপেক্ষাও বড়।"

মতি। (ঈষণ হাসিয়া) "তাছা আর হয় না। আর সেরাজপুরে থাকিতে পারিব না। শীদ্রই মেহের-উল্লিসার সাইত জাহাগীরের বিবাহ হইবে। মেহের-উল্লিসাকে আমি কিশোর বয়োবিধি ভাল জানি; একবার সে পুরবাসিনী হইলে সেই বাদশাহ হইবে; জাহাগীর বাদশাহ নাম মাত্র থাকিবে। আমি বে তাহার সিংহাসনারোহণের প্ররোধের চেন্টা পাইয়াছিলাম, ইহা ভাহার অবিদিত থাকিবে না। তখন আমার দশা কি হইবে?"

পেষমন্ প্রায় রোদনোমুখী ছইয়া কছিল, "তবে কি হইবে?"
মতি কহিলেন, "এক ভরদা আছে। মেহের-উন্নিদার চিত্ত
জাঁহাগীরের প্রতি কিরূপ? তাহার ষেরূপ দার্চা তাহাতে যদি
সে জাঁহাগীরের প্রতি অনুরাগিনী না ছইয়া স্বামীর প্রতি ষ্থার্থ
মেহশালিনী হইয়া থাকে. তবে জাঁহাগীরু শত শের আফগান
বধ করিলেও, মেহের-উন্নিসাকে পাইবেন না। 'আর যদি মেহের-উন্নিসা জাঁহাগীরের যথার্থ অতিলামিণী হয়, তবে আর কোন
ভরসা নাই।"

পে। " মেহের-উল্লিসার মন কি প্রকারে জানিবে ?"


মতি হাসিয়া কহিলেন. " লুৎফ্ উল্লিসার অসাধা কি ? মেছের-উল্লিসা আমার বালসুখী;—কালি বর্দ্ধমানে গিয়া তাঁহার নিকট তুই দিন অবস্থিতি করিব।"

পে। "যদি মেছের-উল্লিসা বাদশাছের অনুরাগিণী হন? তাহা হইলে কি করিবে?"

ম। "পিতা কহিয়া থাকেন, 'ক্ষেত্রে কর্ম বিধিয়তে।' উভয়ে ক্ষণেক নীরব হইয়া রহিলেন। ঈষং হাসিতে ফ্তির ওঠাধর ক্ষিত হইতে লাগিল। পেয্মন জিজ্ঞাসা করিল, "হাসিতেছ কেন?"

মতি কছিলেন. "কোন সূতন ভাব উদয় ছইতেছে।" পে। "কি নৃতন ভাব?"

মতি ভাহা পেষ্মন্কে বলিলেন না। আমরাও ভাহা পাঠ-ককে বলিব না। পশ্চাং প্রকাশ পাইবে।



তৃতীয় পরিচ্ছেদ।

প্রতিযোগিনী গৃছে।

শ্যামাদনে । নহি নহি নহি প্রাণনাথো মহাতে। উলবদ্ত।

এ সময়ে শের আফগান বঙ্গালেশের সুবালারের অগীনে বর্দ্ধা:নের কর্মাধাক হইয়া অবস্থিতি করিতেছিলেন।

শৈ থিতিবিবি বর্দ্ধনানে আদিয়া শের আফগানের আল্যে উপনীত হইলেন। শের আফগান সপরিবারে উহিংকে অভান্ত সমাদরে ভথায় অবস্থিতি করাইলেন। থখন শের আফগান এবং তাঁহার স্ত্রী মেহের-উন্নিসা আগ্রায় অবস্থিতি করিভেন ভখন মতি ভাঁহা-দিগের নিকট বিশেষ পরিচিতা ছিলেন। মেহের-উন্নিসার সহিত তাঁহার বিশেষ প্রণয় ছিল। পরে উভয়েই দিল্লীর সা্রাজ্য লাভের জন্য প্রতিযোগিনী হইয়াছিলেন। এক্ষণে একত হওয়ায মেহের-উন্নিসা মনে ভাবিতেছেন, 'ভারতবর্ষের কর্তৃত্ব কাহার অদ্যেই বিগাতা লিখিযাছেন? বিগাতাই জানেন, আর সেলিম জানেন। আর কেহ যদি জানেত সে এই লুৎক্-উন্নিসা, দেখি, লুৎক্-উন্নিসা কি কিছু প্রকাশ করিবে না?' মতি বিবিব ও মেহের-উন্নিসার মন জানিবার চেফা।

নেছেন-উন্নিদা তংকালে ভারতবর্ষ মধ্যে প্রধানা রূপবঙী এবং গুনবতী বলিয়' থাতি লাভ করিয়াছিলেন। বস্তুতঃ তাুদৃশ বমণী ভূমওলে অতি অলপট জন্ম গ্রহণ কবিষাছেল। দেশিবর্ষা ইতিহাসকীর্ত্তিতা স্ত্রীলোকদিগের মধ্যে তাঁছার প্রাণানা ঐতিহাসিক মাত্রেই স্থাকার করিয়া থাকেন। কোন প্রকার বিদ্যায় ভাংকালিক পুরুষদিগের মধ্যে বড় অনেকে তাঁহার অপেক্ষা শ্রেষ্ঠ ছিলেন না। নৃত্যা গীতে মেহের-উন্নিদা অদ্বিতীয়া, কবিতা রচনায় বা চিগ্র লিখনেও তিনি সকলের মনোমুগ্ধ করিতেন। তাঁছার স্বেদ্ধ করিং। বাঁহার সেশিক্ষা অপেক্ষাও মোহময়ী ছিল। মতিও

গ্রসকল গুণে হীনা ছিলেন না। অদ্য এই সুই চমৎকারকারিণী পর— স্পারের মন জানিতে উৎস্ক হইলেন।

মেহের-উদ্লিস। থাস কামরায় বৃসিয়া তসনীর লিখিতেছিলেন ।
মতি মেহের-উদ্লিসার পৃষ্ঠের উপর বসিয়া চিত্র লিখন দেখিতে
ছিলেন, এবং ভাস্থূল চর্কাণ করিতেছিলেন। মেহের-উদ্লিসা
জিজ্ঞাসা করিলেন, যে " চিত্র কেমন হইতেছে ?" মতিবিবি উত্তর
করিলেন " ভোমার চিত্র যে রূপ হইয়া থাকে তাহাই হইতেছে।
অন্য কেছ যে ভোমার ন্যায় চিত্রনিপুণ নহে, ইহাই ছুঃখের

নেছে। "তাই যদি সভা হয় ত ছুঃথের বিষয় কেন ?"

ম। "অন্যের তোমার মত চিত্রনৈপুণ্য থাকিলে ভোমার এ মুখের আদর্শ রাখিতে পারিত।"

মেছে। "কবরের মাটিতে মুখের আদর্শ থাকিবে ," মেছের-উল্লিসা এই কথা কিছু গাস্তীর্য্যের সহিত কহিলেন।

ম ! "ভগিনি—আজ মনের স্ফুর্ত্তির এত অপ্পতা কেন ?"
মেহে। " স্ফুর্ত্তির অপ্পতা কই ? তবে যে তুমি আমাকে
কাল প্রাতে ভাগে করিয়া যাইবে তাছাই বা কি প্রকারে ভুলিব ?
আর ছুই দিন থাকিয়া তুমি কেনই বা চরিভার্থ না করিবে ?"

ম। " সুথে কার অসাধ। সাধ্য হউলে আমি কেন যাইন? কিন্তু আমি পরের অধীন; কি প্রকারে থাকিন?"

মেছে। " আমার প্রতি তোমার ত ভালবাসা আর নাই, থাকিলৈ তুমি কোন মতে রহিয়া যাইতে। আসিয়াছ ত রহিতে পার না কেন?" •

ম। "আমি ত সকল কথাই বলিয়াছি। আমার সংহাদর মোগল সৈনো মন্সব্দার—তিনি উড়িয়ার পাঠানদিগের সহিত মুদ্ধে আহত হইয়া শকটাপর হইয়াছিলেন। আমি ভাঁহারই বিপথ সমাদ পাইয়া বেগমের অনুমতি লইয়া তাঁহাকে দেখিতে আসিয়াছিলাম। উড়িয়ায় অনেক বিলম্ব করিয়াছি. একণে আর

বিলঘ করা উচিত ন**েছ। তোমার সহিত** অনেক দিন দেখা হয় নাই, এই জন্য তুই দিন রহিয়া গোঁলাম।"

মেছে। " বেগমের নিকট্কোন্দিন পে∱ছিবার বিষয় স্বীকার করিয়া আসিয়াছ ?"

মতি বুঝিলেন, 'মেহের-উন্নিসা বাঙ্গ করিতেছেন। মার্চ্জিত অথচ মর্মভেদী বাঙ্গে মেহের-উন্নিসা যে রূপ নিপুন, মতি সে রূপ নহেন। কিন্তু অপ্রতিভ হইবার লোকও নহেন। তিনি উত্তর করিলেন,

"দিন নিশ্চিত করিয়া তিন মাসের পথ যাতায়াত করা কি ু সম্ভবে? কিন্তু অনেক কাল বিলম্ব করিয়াছি; আর বিলম্বে অসন্তোবের কারণ জন্মাইতে পারে।"

মেহের-উন্নিদা নিজ ভুবনমোহন হাসি হাসিয়া কছিলেন, "কাহার অনভোষের আশকা করিতেছ? যুবরাজের না তাঁহার মহিষীর?"

মতি কিঞ্জিৎ অপ্রতিভ হইগা কহিলেন " এ লজ্জাহীনাকে কেন লজ্জা দৈতে চাও? উভয়েরই অসন্তোষ হইতে পারে।"

মে। "কিন্তু জিজাসা করি,—তুমি স্বয়ং বেগম নাম পারণ করিতেছ না কেন? শুনিয়াছিলাম কুমার সেলিম তোমাকে বিবাহ করিয়াখাস বেগম করিবেন। তাহার কত দূর ?"

ম। ''আমিত সহজেই পরাধীনা। যে কিছু স্বাধীনতা আছে, তাহা কেন নফ করিব। বেগমের সহচারিণী বলিষা অনারাসে উড়িষণায় আসিতে পারিলাম; সেলিমের 'বেগম হইলে কি উড়িষণায় আসিতে পারিতাম?"

মে। " যে দিল্লীশ্বরের প্রধানা মহিষী হইবে তাহার উড়ি-যায় আদিবার প্রয়োজন ?"

ম। "সেলিমের প্রধানা মহিনী হইব, এমত স্পর্দ্ধা কথন করি না। — এ হিন্দুস্থান দেশে কেবল মেছের-উদ্মিসাই দিল্লীশ্বরের প্রাণেশ্বরী হইবার উপযুক্ত।" মেছেন্থ-উন্নিদা মুখ নত করিলেন। ক্ষণেক নিকুত্তর থাকিয়া কছিলেন—" ভণিনি—আমি একত মনে করি না যে তুমি আমাকে পীড়া দিবার জন্য এ কথা বলিলে, কি আমার মন জানিবার জন্য বলিলে। কিন্তু ভোমার নিকট আমার এই ভিক্ষা, আমি যে শের আফগানের বনিতা, আমি যে কায়মনোবাকো শের আফগানের দাসী— ভাষা তুমি বিশ্বৃত হইয়া কথা কহিও না।"

লজ্জাহীনা মতি এ তিরস্কারে অপ্রতিত হইলেন না। বরং আরও সুযোগ পাইলেন, কছিলেন, "তুমি যে পতিগতপ্রাণাতি হা আমি বিলক্ষণ জানি। সেই জন্যই ছলক্রমে একথা তোমার সমুখে পাড়িতে সাহস করিয়াছি। সেলিম যে এ পর্যান্ত তোমার সেশির্যের মোহ ভুলিতে পারেন নাই, এই কথা বলা আমার উদ্দেশ্য। সাবধান থাকিও।"

মে। "এখন বুঝিলাম। কিন্তু কিসের আশকা?" মতি কিঞ্জিৎ ইতস্ততঃ করিয়া কহিলেন " বৈধবোর আশকা।"

এই কথা বলিয়া মতি মেহের-উন্নিদার মুখপানে তীক্ষ দৃষ্টি করিয়া রহিলেন কিন্তু ভয় বা আহ্লাদের কোন চিহ্ল তথায় লেখিতে পাইলেন না। মেহের-উন্নিদা সদর্পে কহিলেন

'বৈধব্যের আশকা! শের আফগান আত্মরক্ষার অক্ষম নছে। বিশেষ আকবর বাদশাহের রাজনধ্যে তাঁছার পুত্রও বিনা দোষে পরপ্রাণ নম্ভ করিয়া নিস্তার পাইবেন না।''

ম । "সত্য কথা, কিন্তু সম্প্রতিকার আগ্রার সম্বাদ এই যে, আকবর শাহ গত হইয়াছেন। সেলিম সিংহাসনার চু হইয়া-ছেন। দিল্লীশ্বরের কে দমন করিবে ?"

মেহের-উনিসা আর কিছু শুনিলেন না। তাঁহার সর্বাদ্ধ
শিহরিয়া কাঁপিতে লাগিন। আবার মুখ নত করিলেন—লোচনমুগলে অক্রধারা বহিতে লাগিন। মতি জিজ্ঞাসা করিলেন,
''কাঁদ কেনং''

্মেছের-উলিসা নিশাস ত্যাগ করিয়া কছিলেন ' সেলিম ভারতবর্ষের সিংছাসনে, আমি কোথায় ?''

মতির মনস্কাম সিদ্ধ ছইল। তিনি কহিলেন, "তুমি কি আজও যুবরাজকে একেবারে বিশ্বত হইতে পার নাই?"

মেহের-উন্নিসা ,গদ গদ স্বরে কছিলেন ''কাছাকে বিশ্বত হইব? আত্মজীবন বিশ্বত হইব, তথাপি মুবরাজকে বিশ্বত হইতে পারিব না। কিন্তু শুন ভগিনি—অকস্মাৎ মনের কবাট শুলিল; তুমি এ কথা শুনিলে; কিন্তু আমার শপথ, একথা যেন কিন্তিরে না যায়।"

মতি কহিল, "ভাল তাহাই হটবে। কিন্তু যথন সেলিমী শুনিবেন যে আমি বৰ্দ্ধানে আসিয়াছিলাম, তথন তিনি অবশা জিজাসা করিবেন যে মেহের-উলিসা আমার কথা কি বলিল? তথন আমি কি উত্তর করিব?"

মেহের-উন্নিসা কিছু ক্ষণ ভাবিরা কহিলেন "এই কহিও যে মেহের-উন্নিসা হৃদয়মধ্যে তাঁহার প্যান করিবে। প্রয়োজন হইলে তাঁহার জ্না আগ্রপ্রাণ পর্যান্ত সমর্পণ করিবে। কিন্তু কখন আপন কুলমান সমর্পণ করিবে না। দামীর স্বামী জীবিত থাকিতে সেকখন দিল্লীশ্বরকে মুখ দেখাইবে না। আর যদি দিল্লীশ্বর কর্ত্ত্বক তাহার স্বামীর প্রাণান্ত হয়, তবে স্বামিহন্তার সহিত ইহজনো তাহার মিলন হইবেক না।"

এই কহিয়া মেহের-উলিসা সে স্থান হইতে উঠিয়া গেলেন।
মতিবিবি চমৎক্ষতা হইয়া রহিলেন। কিন্ত নতি বিবিরই জয়
হইল। মেহের-উলিসার চিত্তের ভাব মতিবিবি জানিলেন;
মতিবিবির আশা ভরসা মে:হর-উলিসা কিছুই জানিতে পারিলেন
না। যিনি পরে আত্মবুদ্ধিপ্রভাবে দিল্লীশ্বেরও ঈশ্বরী হইয়াছিলেন, তিনিও মতির নিকট পরাজিতা হইলেন। ইহার কারণ
মেহের-উলিসা প্রণয়শালিনী; মতিবিবি এ স্থলে কেবলমাত্র
স্থার্থপরায়ণা।

মনুষ্য হৃদরের বিচিত্র গতি মতি বিবি বিলক্ষণ বুঝিতেন।
নেহের-উন্নিসার কথা আলোচনা করিয়া তিনি যাহা সিদ্ধান্ত করিনেন, কালে তাহাই যথাথাঁভূত হইল। তিনি বুঝিলেন যে
মেহের-উন্নিসা জাহাগীরের যথাথাঁ-অনুরাগিণী; অতএব নারীদর্পে এখন যাহাই বলুন, পথমুক্ত হইলে মন্তের গতি রোধ করিতে
পারিবেন না। বাদশাহের মনস্থামনা অবশ্য সিদ্ধ করিবেন।

এ সিদ্ধান্তে মতির আশা ভর্মা সকলই নির্মূল হইল। কিন্তু তাহাতে কি মতি নিভান্তই ছুঃখিত হইলেন? তাহা নছে। বরং দিবং স্থানুভবও হইল। কেন যে এমন অসম্ভব চিক্তপ্রমাদ জান্মিল তাহা মতি প্রথমে বুনিতে পারিলেন না। তিনি আগ্রার পথে যাত্রা করিলেন। পথে কয়েক দিন গেল। সেই করেক দিনে আপন চিত্তভাব বুনিলেন।

চতুর্থ পরিচ্ছেদ।

বুজিনিকেতনে।

পত্নীভাবে আর ভুমি ভেবো না আমারে:

বীরাজন। কাব্য।

মতি আগ্রায় উপনীতা হইলেন। আর তাঁহাকে মতি বলিবার আবশ্যক করে না। কয় দিনে তাঁহার চিত্তরতি সকল একেবারে পরিবর্ত্তিত হইয়াছিল।

র্জাহাগীরের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। জাঁহাগীর তাঁহাকে পূর্ববিৎ সমাদর করিয়া তাঁহার সহোদরের সমাদ ও পথের কুশল জিজ্ঞাসা করিলেন। লুৎফ্-উন্নিসা থাহা মেছের-উন্নিসাকে বলিয়াছিলেন তাহা সত্য হইল। অন্যান্য প্রসঙ্গের পর বর্দ্ধানের কথা শুনিয়া, জাঁহাগীর জিজ্ঞাসা করিলেন, "মেছের- উল্লিমার নিকট ফুই দিন ছিলে বলিতেছ . মেছের-উল্লিমা আমার কথা কি বলিল ?"

ুলুৎফ্ উন্নিসা অকপট হৃদয়ে মেহের-উন্নিসার অনুরাগের পরিচর দিলেন। বাদশাহ শুনিয়া নীরবে রহিলেন, তাঁহার বিক্ফারিত লোচনে তুই এক বিন্দু স্লাঞ্চ বহিল।

লুংফ্-উন্নিসা কহিলেন, " জাঁহাপনা! দাসী শুভ সন্থাদ দিয়াছে ৷ দাসীর এখনও কোন পুরস্কারের আদেশ হয় নাই।"

বাদশাহ হাদিয়া কহিলেন, ''বিবি! তোমার আকাজফা অপিরিমিত।"

लू। " जाँशांशना, मात्रीत कि मार्थ ?"

বাদ। " দিল্লীর বাদশাহকে তোমার গোলাম করিয়া দিয়াছি; আরও পুরস্কার চাহিতেছ ?"

লুৎক্-উন্নিসা হাসিয়া কহিলেন, " জ্রীলোকের অনেক সাধ।"

বাদ। " আবার কি সাধ হইয়াছে ? "

লু। "আংগে রাজাতা হউক, যে দাসীর আবেদন আহি হইবে।"

नोम। " यमि तोजकोट्यात विश्व ना इश।"

লু। (জাসিবা) ''একের জান্য দিল্লীশ্বরের কার্য্যে বিঘ হয়না।''

वाम। " তবে স্বীক্লত হইলাম :-- সাধ্বী কি শুনি।"

লু। " সাধ হইয়াছে একটা বিবাহ করিব।"

জাঁহাগীর উচ্চহাস্য করিয়া উঠিলেন। কহিলেন, "এ কুতন তর সাধ বটে। কোথাও সম্বন্ধের স্থিরতা হইয়াছে?"

লু। " তা ছইয়াছে। কেবল রাজাজার সাপেক। রাজা সম্ভি প্রকাশ না ছইলে কোন সম্ভ ছির নহে।"

বাদ। " আমার সশ্মভির প্রয়োজন কি ? কাছাকে এ সুথের সাগরে ভাসাইবে অভিপ্রায় করিয়াছ ?"

लू। ''नामी निल्लीश्वरत्त रमना कतिशां ए निल्ला विरातिनी नरह।

দাসী আপন স্বামীকৈই বিবাহ করিবার অনুমতি চাহিতেছে ?"

वान। "वटि। अ श्रुतांकेन नकरत्त्र मना कि क्रिटर?"

लू। " मिल्लीश्रदी रगरहत-উत्तिमारक मित्रा याहेव।"

वान। "मिल्लीश्वर्ता त्यत्हत्र-डेर्बिना तक ?"

लू। " विनि इहरवन।"

জাহাগীর মনে ভাবিলেন যে মেছের-উল্লিসা যে নিশ্চিত দিল্লী-শ্বরী হইবেন তাহা, লুৎফ্-উল্লিসা গ্রুব জানিয়াছেন। তৎ-কারণে নিজ মনোভিলাষ বিক্ষল হইল বলিয়া রাজাবরোধ হইতে বীতরাগে অবসর হইতে চাহিতেছেন।

এইরপ বুনিয়া জাহাগীর ছুঃথিত হইয়া নারবে রহিলেন। লুৎফ্-উল্লিসা কহিলেন,

" মহারাজের কি এ সম্বন্ধে সম্মতি নাই ?"

বাদ। " আমার অসমতি নাই। কিন্তু স্বামীর সহিত আবার বিবাহের আবশ্যকতা কি ?"

লু। '' কপাল ক্রমে প্রথম বিবাহে স্থামী পত্নী বলিয়া গ্রহণ করিলেন না। এক্ষণে জাঁহাপনার প্রসাদ ভাগে ক্রিতে পারি-বেন না।'

বাদশাহ রহস্যে হাস্য করিয়া পরে গম্ভীর হইলেন।

কহিলেন, "প্রেরসি! তোমাকে আমার অদের কিছুই নাই। তোমার যদি দেই প্রবৃত্তি হয়, তবে তদ্ধপই কর। কিন্তু আমাকে কেন ত্যাগ করিয়া যাইবে? এক আকাশে কি চন্দ্র সূর্য্য উভঃয়ই বিরাজ করেন না? এক রস্তে কি ছুটী ফুল ফুটে নাঁ?"

লুংফ্-উরিসা বিক্ষারিত চক্ষে বাদশাহের প্রতি দৃষ্টি করিরা কহিলেন, "কুদ্র ফুল ফুটিরা থাকে, কিন্তু এক মৃণালে কুইটি কমল ফুটে না। আপনার রত্নসিংহাসনতলে কেন কটক হইরা থাকিব? সোধাহাইক, এক্ষণে দাসী বিদার হয়। পামরীর এমন কোন সাধ নাই যে জাঁহাগীর শাহের ইচ্ছার নিবারণ না হয়।"

लू क-छितिमा आणामन्तित श्रष्टांन कतितन उर्राहोत अहे-

রূপ নলোবাঞ্ছা যে কেন জন্মিন ভাষা ভিনি 'জাঁহানীরের' নিকট ব্যক্ত করেন নাই। অনুভবে যেরূপ বুঝা যাইতে পারে জাঁহা-গীর সেইরূপ বুঝিয়া কান্ত হইলেন। নিগৃঢ় তত্ত্ব কিছুই জানি-লেন না। লুৎক্-উন্নিসার হৃদয় পাযাণ। সেলিমের রমণীহৃদয়-জিং রাজকান্তিএ কখন তাঁহার মনঃ মুগ্ধ করে নাই। কিন্তু এই বার পাযাণ্যখ্যে কীট প্রবেশ করিয়াছিল।

পঞ্চম পরিচ্ছেদ।

আত্মন্দরে।

জনম অবধি হম রূপ নিহারত্ব ময়ন না তিরপিত তেল।
সোই মধুর বোল প্রবণহি ভনত্ব প্রতিপথে পরণ না গেল।
কভ নগু যামিনীরততে গোষাইত্ব না বুকিত্ব কৈছন না কেল।
লাখ লাখ য়ুগ হিয়ে হিয়ে রাখত্ব তরু হিয়া জুড়ন না গেল।
গত যত রসিক জন রসে অত্বামন অত্বত্ব কাছ নাদেখ।
বিদ্যাপতি কহে প্রাণ জুড়াইতে লাগে না মিলল এক।

বিদ্যাপতি

লুতক্-উন্নিসা আলয়ে আসিয়া প্রফুল্ল-বদনে পেষ্মন্ধে ডাকিয়া বেশভূষা পরিত্যাগ করিলেন। স্থবর্ণ মুক্তাদি পচিত বসন পরিত্যাগ করিয়া পেষ্মনকে কহিলেন যে "এই পোষাকটি তুমি লও।"

শুনিয়া পেষ্মন্ কিছু বিশারাপরা হইলেন। পোষাকটি বহুমূল্যে সম্প্রতি মাত্র প্রস্তুত হইরা ছিল। কহিলেন, '' পোষাক আমার কেন? আজিকার কি সন্থাদ?"

नू रक्-छेब्रिमा कहिरलम, " एक मद्रोत वर्षे।"

পে'। "ডা ত'র্ঝিতে পারিতেছি। মেছের-উল্লিসার ভর কি সুচিয়াছে ?"

লু। " ঘুচিরাছে। একণে সে বিষয়ের কোন চিন্তা নাই।" পেশ্যন অভান্ত আহ্লাদ প্রকাশ করিয়া কহিলেন, " ভবে একণে বেগমের দাসী, হইলাম!"

লু। "বদি তুমি বেগমের দাসী হইতে চাও, তবে আমি মেহের-উন্নিসাকে বলিয়া দিব।"

পে। "সে কি? আপনি কহিতেছেন যে মেহের-উলিসা বাদশাহের বেগম হইবার কোন সম্ভাবনা নাই।"

লু। " আমি এমত কথা বলি লাই। আমি বলিয়াছি সে বিষয়ে আমার কোন চিন্তা নাই।"

পে। "চিন্তা নাই কেন? আপনি আগ্রায় একমাত্র অধী-শ্বরী না হইলে যে সকলই রখা হইল।"

লু। " আগ্রার সহিত সম্পর্ক রাখিব না।"

পে। "দেকি? আমি যে বুঝিতে পারিতেছি না, আজি-কার শুভ সমাদ টা তবে কি বুঝাইয়াই বলুন।"

লু। '' শুভ সম্বাদ এই যে আমি এ জীবনের মত আগ্রা ভাগে করিয়া চলিলাম।''

পে। "কোথায় যাইবেন?"

লু। "বাঙ্গালার গিয়া বাস করিব। পারি যদি কোন ভঞ লোকের গৃহিণী হইব।"

পে। 'এরপ বান্ধ সূতন বটে, কিন্তু শুনিলে প্রাণ শিহরিয়া উঠে।"

লু। "বান্ধ করিতেছি না। আমি সভা সভাই আগ্রা তাগ করিয়া চলিলাম। বাদশাহের নিকট বিদায় লইয়া আসিয়াছি।"

পে। "এমন কুপ্রবৃত্তি আপনার কেন জ্মাল ?"

লু। "কুপ্রৱত্তি নহে। অনেক দিন আগ্রায় বেড়াইলাম, কি ফল লাভ হইল? সুখের তৃষা বাল্যাবধি বড়ই প্রবল ছিল।

দেই ভূষার পরিভৃত্তি জনা ব**ল্পদেশ** ছাড়িয়া এ পর্বত্ত "আসি-লাম। এ রতু কিনিবার জন্য 'কি ধন না দিলাম? কোন্ তুষ্কর্ম না করিয়াছি? আর যে যে উদ্দেশে এতদূর করিলাম ভাহার কোন্টাই বা হত্তগত হয় নাই ? প্রথম্যা, সম্পাদ, ধন, গৌরব, প্রতিষ্ঠা, সকলই ত পর্যাপ্ত পরিমাণে ভোগ করিলাম। যে ইন্সিয়ের জন্য আর সকল ভোগই বিসর্জ্জন করিতে পারি, সে ইন্দ্রিরও অবাধে পরিতুষ্ট করিয়াছি। এত করিয়াও কি হইল ? আজি এই থানে বসিয়া সকল দিন মনে মনে গণিয়া বলিতে পারি যে, এক দিনের তরেও সুখী হই নাই, এক মুস্ত্ত জন্যও কখন সুখভোগ করি নাই। কখন পরিভৃত্তি হয় নাই। কেবল ভূষা বাড়ে মাত্র। চেষ্টা করিলে আরও সম্পাদ, আরও ঐশ্বর্যা লাভ করিতে পারি, কিন্তু কি জন্যে ? এ সকলে যদি সুখ থাকিত তবে এত দিন এক দিনের তরেও সুখী হইতাম। এই সুখাকাজফা পার্বতী নিঝ-রিণীর ন্যায়,—প্রথমে নির্দ্মল ক্ষীণ ধারা বিজন প্রদেশ ছইতে বাহির হয়, আপন গর্ত্তে আপনি লুকাইয়া রহে, কেহ জানে না, আপানা আপানি কল কল করে, কেছ শুনে না। ক্রমে যত যায়, তত দেহ বাড়ে, তত পক্ষিল হয়, শুধু তাহাই নয়; তথন আবার বায়ু বছে, তরঙ্গ হয়, মকর কুস্তীরাদি বাস করে। আরও শরীর বাড়ে, জল আবেও কর্দিমময় হয়, লবণময় হয়, অগণা সৈকতচর মকভূমি নদীহৃদয়ে বিরাজ করে, বেগ মন্দীভূত হইয়া যায়, তথন সেই সকর্দ্ম নদী শরীর অনস্ত সাগবে কোথায় লুকায় কে বলিবে ?"

পে। "আমি ইহার ত কিছুই বুঝিতে পারিলাম না। এ সবে তোমার সুথ হয় না কেন?"

লু। "কেন হয় নাতা এত দিনে বুরিয়াছি। তিন বৎসর রাজপ্রাসাদের ছারায় বসিয়া যে সৃথ না হইয়াছে, উড়িষ্যা হইতে প্রভাগিমনের পথে এক রাত্রে সে সুথ হইয়াছে। ইহাতেই বুরিয়াছি।"

·(প। "कि वृतिशिष्ट?"

লু। " আমি এডকাল হিন্দুদিগের দেবস্ত্রির মত ছিলাম। বাহিরে স্বর্ণ রত্তাদিতে খচিত: ভিতরে পাষাণ। ইন্দ্রির স্থা-বেষণে আগুনের মধ্যে বেড়াইয়াছি, কখন আগুন স্পর্শ করি নাই।, এখন একবার দেখি যদি পাষাণ মধ্যে খুঁজিয়া একটা রক্তাশিরা ধমনী বিশিষ্ট অন্তঃকরণ পাই?"

পে। "এওত কিছু বুঝিতে পারিলাম না।"

লু। "এ হীরার অঙ্গুরী ভোষায় কে দিয়াছে?"

পে। " শাহবাজ খী।"

लू। " आंत्र भिर्म श्री क्षी ?"

পে। " আজিম খী।"

लू । " आंत त्क त्क त्कांमां अनकांत निर्माह ह"

পে। (ফানির।) "করীম খাঁ, কোকলতাম, রাজা জীবন সিংহ, রাজা প্রতাপাদিতা, মুসা খাঁ—কত লোক দিয়াছে কাহার নাম করিব। এখন যা পরিয়া আগ্রার পরিচারিকা মণ্ডলে প্রাধান্য স্বীকার করাই, সে স্বয়ং জাহাজীরের দান।"

লু। "ইছার মধ্যে কাছাকে আমি ভাল বাসিতায় ?"

পে। (হাসিয়া) "সকলকেই।"

लू। " এত গেল মুখের কথা। মনের কথা कि -"

পে । (চুপি চুপি) " কাছাকেও না ।"

লু। "ভবে পাষাণী নই ভ কি ?"

পে। "তা এখন যদি ভাল বাসিতে ইচ্ছা হয়, তবে ভাল বাস না কেন ?"

লু। "মানস ভ বটে। সেই জন্য আগ্রা তাগি করিয়া যাইতেছি।"

পে। "তারই বা প্রয়োজন কি? আগ্রায় কি মানুষ নাই, যে চুয়াড়ের দেশে যাইবে? এখন যিনি ভোমাকে ভাল বাদেন তাঁহাকেই কেন ভাল বাস না? রূপে বল, ধনে বল, ঐশর্বো বল, যাহাতে বল, দিল্লীর বাদশাহের বড় পৃথিবীতে কে আছে.?" পু। "আকাশে চন্দ্ৰ সূৰ্যা থাকিতে জল অধোগামী কেন ?" পে? "কেন?"

लू। " ननांहे निथन !"

লুংফ্-উল্লিসা সকল কথা খুলিয়া বলিলেন না। পাৰাণ মধ্যে। অগ্নি প্ৰবেশ করিয়াছিল। পাৰাণ দ্ৰব ছইতে ছিল।

यष्ठे शतिराष्ट्रम ।

চরণ তলে।

কার মনঃ প্রাণ আমি সঁপিব ভোমারে।
ভূঞ্জ আসি রাজভোগ দাসীর আলয়ে ॥

वीतात्रमा कावर !

ক্ষেত্রে বীজ রোপিত হইলে আপনিই অহুর হয়। যথন অহুর হয়, তথন কেহ জানিতে পারে না—কেহ দেখিতে পায় না। কিন্তু একবার বীজ রোপিত হইলে, রোপণকারী যথায় থাকুন না কেন, ক্রমে অহুর হইতে রক্ষ মন্তকোন্নত করিতে থাকে। অদ্য রক্ষণী অঙ্গুলি পরিমেয় মাত্র, কেহ দেখিয়াও দেখিতে পায় না। ক্রমে তিল জিল রিদ্ধি। ক্রমে রক্ষণী অর্দ্ধন্ত, এফহন্ত, তুইহন্ত পরিমাণ হইল: যদি তাহাতে কাহারও স্বার্থনিদ্ধির-সন্তাবনা না রহিল, তবে তথাপি কেহ দেখে না, দেখিয়াও দেখে না। দিন যায়, মাস যায়, বংসর যায়, ক্রমে তাহার উপর চক্ষু পড়ে। আর অমনোযোগের কথা নাই,—ক্রমে রক্ষ বড় হয়, তাহার ছায়ায় অন্য রক্ষ নত্ত করে,—চাহি কি, ক্ষেত্র অনন্যপাদপ হয়।

লুংক-উন্নিসার প্রণয় এরপ বাড়িয়াছিল। প্রথম এক দিন অক্সাং প্রণয়ভাজনের সহিত সাক্ষাং হইল, তখন প্রণয় সঞ্চার বিশেষ- জানিতে পার্বিলেন না। কিন্তু তথনই অন্তুর হইরা রক্লিন। তাহার পর আর সাক্ষাৎ হইল না। কিন্তু অসাক্ষাতে পুনঃ পুনঃ সেই মুখমগুল মনে পড়িতে লাগিল, স্মৃতিপটে সে মুখমগুল চিত্রিত করা কতক কতক সুখকর বলিয়া বৈাধ হইতে লাগিল। বীজে অন্তুর জানাল। মূর্ত্তি প্রতি অনুরাগ জানাল। চিত্রের ধর্ম এই যে, যে মানসিক কর্ম যত অধিক বার করা যার, সে কর্মে তত অধিক প্রার্ত্তি হর; সে কর্ম ক্রমে স্বভাবসিদ্ধ হয়। লুৎক-উরিসা সেই মূর্ত্তি অহরহ মনে ভাবিতে লাগিলেন। দাকণ দর্শনাভিলায জানাল; সঙ্গে সঙ্গে তাহার সহজ স্পৃহাপ্রবাহও ছুর্ন্নবার্ত্ত হেরা উঠিল। দিল্লীর সিংহাসনলালসাও তাহার নিকট লঘু হইল। সিংহাসন বেন মন্ম্যুশ্রসম্ভূত অগ্নিরাশিবেন্টিত বোধ হইতে লাগিল। রাজা, রাজধানী, রাজসিংহাসন, সকল বিস্কুল দিরা প্রির্জনসন্দর্শনে ধাবিত হইলেন। সে প্রিয়জন নবকুমার।

এই জন্যেই লুংফ্-উন্নিসা নেছের-উন্নিসার আশানাশক কথা শুনিয়াও অনুথী হয়েন নাই; এই জন্যই আগ্রায় আসিয়া সম্পান রক্ষায় কোন যতু পাইলেন না; এই জন্যই জন্মের মত বাদ-শাহের নিকট বিদায় সইলেন।

লুৎক্-উন্নিসা সপ্তথামে আসিলেন। রাজপথের অনতিদ্রে
নগরীর সর্ব্যমের এক অট্টালিকার আপন বাসস্থান করিলেন।
রাজপথের পথিকেরা দেখিলেন, অকল্মাৎ এই অট্টালিকা স্বর্গথানিতবসনভূষিত দাসদাসীতে পরিপূর্ণ ইইরাছে। কল্ফার কল্ফার
হর্মসজ্জা অতি মনোহর। গদ্ধজাবা, গদ্ধবারি, কুসুমদাম সর্বত্ত
আমোদ করিতেছে। অর্গ, রেপা, গজদন্তাদি থচিত গৃহশোভার্থ
নামা দ্রব্য সকল স্থানেই আলো করিতেছে। এইরূপ সজ্জীভূত
এক কল্ফার লুৎফ্-উন্নিসা আধোনদনে বসিরা আছেন; পৃথগাসনে
নবকুমার বসিরা আছেন। সপ্তথামে নবকুমারের সহিত লুংফ্উন্নিসার কার কুই এক বার সাক্ষাৎ হইয়াছিল; ভাহাতে লুৎফ্-

উন্নিমার মনোর্থ কভদূর সিদ্ধ হইরাছিল ভাষা অদ্যকার ক্ষায় প্রকাশ হইবে।

্ নবকুমার কিছু ক্ষণ নীরবে থাকিয়া কছিলেন, "তবে আমি এক্ষণে চলিলাম। তুমি আর আমাকৈ ডাকিও না।"

লুৎফ্-উন্নিসা কহিল " যাইও না। আর একটু থাক। আমার যাহা বক্তব্য তাহা সমাপ্ত করি নাই।"

নবকুমার আরও কণেক প্রতীক্ষা করিলেন, কিন্তু লুৎফ্-উন্নিসা কিছু বলিলেন না। ক্ষণেক পরে নবকুমার জিজ্ঞাসা করিলেন, "আর কি বলিবে?" লুংফ্-উন্নিসা কোন উত্তর করিলেন না— তিনি নীরবে রোদন করিতেছিলেন।

নবকুমার ইহা দেখিয়া গাত্রোপান করিলেন; লুংফ্-উল্লিমা তাঁহার বস্ত্রাঞ ধৃত করিলেন। নবকুমার ঈষৎ বিরক্ত হইয়া কহিলেন, "কি বল না ?"

লুংফ্-উন্নিদা কহিলেন "তুমি কি চাও? পৃথিবীতে কিছু কি প্রার্থনীয় নাই? ধন, সম্পদ, মান, প্রণয়, রন্ধ, রহসা, পৃথিবীতে যাহাকে যাহাকে মুখ বলে, সকলই দিব; কিছুই তাহার প্রতিদান চাহি না; কেবল তোমার দাসা হইতে চাহি। তোমার যে পত্নী হইব, এ গৌরবও চাহি না, কেবল দাসী!"

নবকুগার কহিলেন, " আমি দরিক্ত ব্রাহ্মণ, ইহ জন্মে দরিক্ত ব্রাহ্মণই থাকিব। ভোমার দত্ত ধন সম্পদ লইয়া 'যবনীজার হুইতে পারিব না।"

যবনীজার ? নবকুমার এ পর্যান্ত জানিতে পারেন নাই যে, এই রমণী তাঁহার পত্নী। লুংফ্-উলিসা অধােবদনে রহিলেন। নব-কুমার জাঁহার হস্ত হইতে বস্ত্রা প্রভাগ মুক্ত করিলেন। লুংফ্-উলিসা আবাের তাঁহার বস্ত্রাপ্র ধরিয়া কহিলেন,

"ভাল, সে যাউক। বিধাতার যদি সেই ইচ্ছা, তবে চিত্ত-রুত্তি সকল অভল তলে ডুবাইব। আরু কিছু চাছি দা, এক এক বার তুমি এই পথে বাইও; দাসী ভাবিয়া এক এক বার 6দথা দিও; কেবল চক্ষু পরিভৃপ্ত করিব।"

নব। " তুমি যবনী—পরস্ত্রী—তোমার সহিত এরূপ আলাপেও দোষ। তোমার সহিত আর আমার সাক্ষাৎ হইবে না।"

ক্ষণেক নীরব। লুংক্-উল্লিসার হৃদেয়ে ঝটিকা বহিতে ছিল। প্রস্তরময়ীমূর্ত্তি বং নিস্পান্দ রহিলেন। নবকুমারের বস্ত্রাঞ্ভাগ ভাগে করিলেন। কহিলেন, "যাও।"

নবকুমার চলিলেন। ছুই চারি পদ চলিরাছিলেন মাত্র, সহসা লুৎফ্-উল্লিসা বাডোম্মুলিত পাদপের ন্যায় তাঁহার পদতলে পড়ি-লেন। বাহুলভায় চরণযুগল বদ্ধ করিয়া কাতর স্বরে কহিলেন,

"নির্দর! আমি তোমার জন্য আঞার সিংহাসন ত্যাগ করিয়া আসিয়াছি। ভূমি আমায় ত্যাগ করিও না!"

নবকুমার কহিলেন, " ভুমি আবার আগ্রান্তে ফিরিয়া বাও, আমার আশা ভ্যাগ কর।"

"এ জয়ে নহে!" লুডফ্-উয়িসা তীরবৎ দাঁড়াইয়া উঠিয়া
সদর্পে কহিলেন, "এ জয়ে তোমার আশা ছাড়িব না!"
মস্তকোমত করিয়া, ঈয়ৎ বিজম প্রীবাভন্ধা করিয়া, নবকুমারের
মুখপ্রতি অনিমিক্ আয়ত চকু স্থাপিত করিয়া, রাজরাজমোহিনী
দাঁড়াইলেন। যে অনবনমনীয় গর্ম হৃদয়ায়িতে গলিয়া গিয়াছিল,
আবার তাহার জ্যোতিঃ ক্রুরেল; যে অজেয় মানসিক শক্তি
ভারতরাজা শাসনকপেনায় ভীত হয় নাই, সেই শক্তি আবার
প্রথার্ত্রবল দেহে সঞ্চারিত হইল। ললাটদেশে মমনী সকল ক্ষীত
হইয়া রমণীয় রেখা দিল; জ্যেতির্মায় চকু রবিকরমুখরিত সমুদ্রবারিবৎ কলসিতে লাগ্রিল; নাসারদ্ধা কাঁপিতে লাগিল। স্রোত্যেবিহারিণী রাজহংসী যেমন গতিবিরোধির প্রতি প্রীবাভন্দী করিয়া
দাঁড়ায়, দলিতকণা ফণিনী যেমন ফণা তুলিয়া দাঁড়ায়, তেসনি
উন্মাদিনী যবনী মন্তক তুলিয়া দাঁড়াইলেন। কহিলেন, "এ
জয়েয় না। তুমি সামারই হইবে।"

নেই কুপিতকণিনী মূর্ত্তি প্রতি নিরীক্ষণ করিতে করিতে নবকুমার ভীত হইলেন। লুৎক্-উলিসার অনির্কাচনীয় দেহমহিমা এখন বেরূপ দেখিতে পাইলেন, সেরূপ আর কখন দেখেন নাই। কিন্তু সে জী বজুত্বক বিদ্যুত্তির ন্যায় মনোমোহিনী; দেখিয়া ভয় হইল। লবকুমার চলিয়া যান, তখন সহসা তাঁহার আর এক তেজামরী মূর্ত্তি মনে পজ্লি। এক দিন নবকুমার তাঁহার প্রথমা পত্নী পদ্মাবতীর প্রতি বিরক্ত হইয়া তাঁহাকে শয়নাগার হইতে বহিছ্তা করিতে উদ্যুত হইয়াছিলেন। ঘাদশবর্ষীয়া বালিকা তখন সদর্পে তাঁহার দিকে কিরিয়া দাঁড়াইয়াছিল; এমনই তাহার চকু প্রদীপ্ত হইয়াছিল; এমনই ললাটে রেখা বিকাশ হইয়াছিল; এমনই নাসারক্ষু কাঁপিয়াছিল; এমনই মন্তক হেলিয়াছিল। বহুকাল সে মূর্ত্তি মনে পড়ে নাই, এখন মনে পড়িল। অমনই সাদৃশ্য অনুভূত হইল। সংশয়াধীন হইয়া নবকুমার সঙ্কুচিত স্বরে, ধীরে ধীরে কহিলেন, "তুমি কে?"

যবনীর নয়নতারা আরও বিস্ফারিত হইল। কহিলেন, "আমি পদাবতী।"

উত্তর প্রতীকা না করিয়া লুংক্-উন্নিসা ছানান্তরে চলিয়া গেলেন। নবকুমারও অন্যমনে কিছু শকান্তিত হইয়া, আপন আনহে গেলেন।

मश्रम পরিচ্ছেদ।

डेननगर्भारः।

Each corporal agent to this terrible feat.

Macbeth.

কক্ষান্তরে গিরা লুৎফ-উন্নিদা দার রুদ্ধ করিলেন। ছুই দিন পর্যান্ত সেই কক্ষ্যা হইতে নির্গত হইলেন না। এই ছুই দিনে তিনি निज कर्जनां कर्जन चित्र कितिता। चित्र कितिशा पृष्ट जिल्ल हूरेतम। चर्रा जलां जनां ने। • जथन लूश्क- जितिशा (পन्मनितः
गाशास्या तम्भूमा किति जिल्लान। जाम्कर्या तम्भूमा! त्रामअयाज नारे— श्रीयाजां नारे— अपनी नारे; तमनी तिल्ला किलू
गां किल्ला नारे। या तम्भूमा कितिलान, ज़ांशा मूक्त प्रामिशा
त्राम्य किल्लान, " किमन, त्राम्य, जांत जांगारक दिना।
यात ?"

भिष्मन कहिल " कांत्र **मांधा** ?"

लू। " ভবে আমি চলিলাম। আমার সঙ্গে বেন কোন দাস দাসী না যায়"।

পেষ্মন কিছু শক্ষিতি চিত্তে কহিল, " যদি দাসীর অপরাধ ক্ষমা করেন, তবে একটা কথা জিজ্ঞাসা করি।" লুৎফ-উল্লিসা কহিলেন, "কি ?"। পেষ্মন কহিল, "আপনার উদ্দেশ্য কি ?"

লুৎফ-উন্নিসা কহিলেন, ''আপাডভঃ কপালকুগুলার সহিত স্থামীর চিরবিচ্ছেদ। পরে ডিনি আমার ছইবেন।"

পে। " বিবি! ভাল করিয়া বিবেচনা ক্রুন; সে নিবিড় বন, রাত্রি আগভ; আপনি একাকিনী।"

লুৎফ-উন্নিসা এ কথার কোন উত্তর না করিয়া গৃহ ছইতে বহির্গতা ছইলেন। সপ্তথামের যে জনছীন বনময় উপনগর প্রাস্তে নরকুমারের বসতি, সেই দিকে চলিলেন। তৎপ্রদেশে উপনীত ছইতে রাত্রি-ছইয়া আসিল। নবকুমারের বাটার অনতিদূরে এক নিবিত্ বন আছে, পাঠক মহাশয়ের শারণ ছইতে পারে। তাহারই প্রান্তভাগে উপনীত ছইয়া এক রক্ষতনে উপবেশন করিলেন। কিছু কাল বসিয়া যে ছঃসাছসিক কার্য্যে প্রান্তভ ছইরাছিলেন, তদ্বিয়ে চিন্তা কলিতে লাগিলেন। ঘটনাক্রমে তাঁহার জ্ঞানতু-ভূতপূর্ব্ব সহায় উপস্থিত ছইল।

লুৎক-উদ্নিদা যথায় বিদিয়াছিলেন, তথা হইতে এক অনবর্ত সমানোচ্চারিত মনুষ্যকঠনির্গত শব্দ শুনিতে পাইলেন। উঠিয়া ল ছি হিয়া চারি দিক্ চাহিয়া দেখিলেন যে, বল মধ্যে একটা আলো দেখা যাইতেছে। লুংক-উরিনা সাহসে পুরুষের অধিক, যথায় আলো জ্বলিতেছে সেই স্থানে গেলেন। প্রথমে রক্ষান্তরাল হইতে দেখিলেন বাাপার কি ? দেখিলেন যে, যে আলো জ্বল-ভেছিল, নে হোমের সালো; যে শব্দ শুনিতে পাইয়াছিলেন সে মন্ত্রপাঠের শব্দ। মন্ত্র মধ্যে একটা শব্দ বুঝিতে পারিলেন, সে একটা নাম। নাম শুনিবামাত্র লুংক-উরিনা হোমকারীর নিকট

একণে তিনি তথার বিদিয়া থাকুন; পাঠক মহাশর বহুকাল কপালকুগুলার কোন সম্বাদ পান নাই, স্বতরাং কপালকুগুলার সমাদ আবশ্যক হুইয়াছে।


তৃতীয়: খণ্ড: मर्गाश्च: ।



চতুৰ্থ খণ্ড।

প্রথম পরিচ্ছেদ।

প্রস্থ প্রারম্ভে।



J. S. Mill.

এত দূরে এ আখাধিক। হৃদয়দামিত্ব প্রাপ্ত হইল। চিত্রকর চিত্রপ্তলী লিখিতে অত্যে হস্ত পালাদির রেখানিচয় পৃথক্ পৃথক্ করিয়া অভিত করে, শেষে তৎসমুদয় পরস্পর সংলগ্ন করিয়া ছায়ালোকভিমতা, লিখে। আমরা এ পর্যান্ত এই মানসচিত্রের অদ্দ প্রতাদ্ধ পৃথক্ পৃথক্ রেখাভিত করিয়াভি: এক্লণে তৎসমুদায় পরস্পর সংলগ্ন করিয়া তাহার ছায়ালোক সন্নিবেশ করিব।

্রবিকরাক্ষট বারিবাস্থো মেঘের জন্ম। দিন দিন, ভিল ভিল করিয়া, মেঘ সঞ্চারের আবোজন হইতে থাকে: ভখন মেঘ কাহারও লক্ষ্য হয় না; কেছ মেঘ মনে করে না; খোনে অকন্মাৎ একেবারে পৃথিবী ছারাক্ষবার্যকী করিয়া বজুপাত করে। যে মেঘে অকন্মাৎ কপালকুগুলার জীবনযাত্রা গাহমান হইল, আমরা এও দিন ভিল ভিল করিয়া ভাহার বারিবাজ্প সঞ্চয় করিতে-ছিলাম।

পাঠক মহাশয় " অদৃষ্ট " স্বীকার করেন? ললাট-লিপির কথা বলিভেছি না, সে ত অলস ব্যক্তির আত্মপ্রবাধ জন্য কল্পিত গল্পমাত্র। কিন্তু, কথন কথন মে, কোন ভবিষ্য ঘটনার জন্য পূর্বাবিধি এরপ আয়োজন হইরা আইসে, তৎসিদ্ধিশ্বচক কার্য্য সকল এরপ ফুর্জমনীয় বলে সম্পন্ন হয়, যে মালুষিক শক্তি তাহার নিবারণে অসমর্থ হয়, ইহা তিনি স্বীকার করেন কি না? সর্বদেশে সর্বাকালে দুরদর্শিণ কর্ত্ত্ক ইহা স্বীকৃত হইয়াছে। এই অদৃষ্ট যুনানী নাটকাবলির প্রাণ; সর্বাজ সেকুস্পীয়রের মাক্বেথের আধার; ওয়ালটর স্বটের "ব্রাইড্ অব্ লেমার মুরে " ইহার ছায়াপাত হইয়াছে; গেটে প্রভৃতি জন্মান কবিগুলগা ইহার স্পষ্টতঃ সমালোচনা করিয়াছেন। রূপান্তরে, "কেট্" ও "নেসেনিটি" নাম ধারণ করিয়া ইহা ইউরোপীয় দার্শনিকদিণের মধ্যে প্রধান মত ভেদের কারণ হইয়াছে।

অন্দেশে এই "অদৃষ্ট " জনসমাজে বিলক্ষণ পরিচিত। যে কবিগুৰু কুঞ্কুলসংহার কম্পানা করিয়াছিলেন, তিনি এই মোহমন্ত্রে প্রকৃত্তরপে দীক্ষিত; কোরবপাশুবের বাল্যক্রীড়াবধি এই করালছায়া কুঞ্চলিরে বিদ্যমান; শ্রীক্ষণ ইহার অবভার স্বরূপ। "যদা শ্রেষং জাতৃযাদ্বেম্বাগন্তান্ " ইত্যাদি, ধৃতরাষ্ট্রবিলাপে কবি স্বরুহ ইহা প্রাঞ্জনীক্ষত করিয়াছেন। দার্শনিক্ষিণের মধ্যে অদৃষ্ট বাদীর অভাব নাই। শ্রীমন্তগবদ্দীতা এই অদৃষ্টবাদে পরিপূর্ণ। অধুনা "ব্রা ক্ষীকেশ হাদিছিতেন যথা নিয়ন্তোম্মি তথা করোনি" ইতি কবিভাদ্ধ পাঠ করিয়া জনেকে অদৃষ্টের পূজা ক্রের। অপর সকলে "কপাল।" বলিয়া নিশ্চিন্ত থাকেন।

অদৃত্টের তাৎপর্য ধে কোন দৈব বা অনৈস্থিক শক্তিতে অনুদালির কার্য্য সকলকে গতিবিশেষ প্রাপ্ত করায় এমন আমি বলিতেছি না। অনীশ্রবাদীও অদৃষ্ট স্বীকার করিতে পারেন। সাংসাকিক ঘটনাপরশারা ভৌতিক নিয়ম ও মনুষ্টারিত্রের অনিবার্য্য কল; মনুষ্টারিত্র মানসিক ও ভৌতিক নিয়মের কল; ক্তরাং অদৃষ্ট মানসিক ও ভৌতিক নিয়মের কল; কিছ সেই সকল নিয়ম মনুষ্টার জানাতীত বলিয়া অদৃষ্ট নাম ধারণ করিয়াছে।

কোন কোন পাঠক এ প্রস্থ শেষ পাঠ করিয়া ক্ষুণ্ণ ছইতে পারেন। বলিতে পারেন, "এরপ সমাস্থি ক্লেখের ছইল না; প্রস্থার অন্যরূপ করিতে পারিতেন।" ইহার উত্তর, "অদ্যের গাতি। অদ্যে কে থণ্ডাইতে পারে? প্রস্থারের সাধ্য নহে। প্রস্থারস্তে যেখানে যে বীজ বপন ছইয়াছে, সেই খানে সেই বীজের ফল ফলিবে। তদ্বিপরীতে সত্যের বিশ্ব ঘটিবে।"

এক্ষণে আমরা অদৃষ্টগতির অনুগামী হই। সত্ত প্রস্তুত হই-য়াছে; প্রান্থিক্ষন করি।

षिञीय शतिराष्ट्रम ।

শ্বনাগারে।

রাধিকার বেড়ি ভাঙ, এ মম মিনতি।

ব্ৰক্তাঙ্গনা কাব্য।

লুৎফ্-উরিসা আত্মা গমন করিতে, এবং তথা হইতে সপ্তথাম আসিতে প্রায় কুক বৎসর গত হইরাছিল। কপালকুগুলা এক বংসরের অধিক কাল নবকুমারের গৃহিণী। যে দিন প্রদোষ

^{*}কৰিদিবের " Dostiny." দার্শনিকদিবের " Fate." এক পদার্বের ভিন্ন ভিন্ন মৃতি। ভিন্ন ভিন্ন মৃতি চিন্ন ভিন্ন নাম বলিভেছি ন।।

कांट्रल लूरक्-डेबिमा कांनरन, तम पिन कशांबद्धाना जना घरन महन-কক্ষে বিসয়া আছেন। পাঠক মহাশয় সমুদ্রতীরে আলুলায়িত-কুরুলা ভূষণহীনা যে কপালকুগুলা দেখিয়াছিলেন, এ সে কপালকুগুলা মছে। শার্মাসুন্দরীর ভবিষাৎ বাণী সভ্য হই-রাছে; স্পর্নমণির স্পর্শে যোগিনী গৃহিণী ইইরাছে; এই ক্লণে সেই অসংখ্য ক্লফোজ্বন, তুজকের ব্যহতুলা, আঞ্চল্ক-লম্বিভ क्मित्राणि शम्हास्तरा कुनरवर्गीमम्ब रहेशारह। रवगीतहनात्र শিল্পপারিপাট্য লক্ষিত হইতেছে: কেশবিন্যাসে অনেক সুক্ষা काककार्या भाषामूल्यतीत विनामारकी गालत शतिवस मिराउटि । কুমুমদামও পরিতাক্ত হয় নাই, চতুষ্পার্শ্বে কিরীটমণ্ডল স্বরূপ বেণী বেফান করিয়া রহিয়াছে। কেশের যে ভাগ বেণী মধ্যে নাল্ড হয় নাই ভাহা যে শিরোপরি সর্বত্তে সমানোচ হইয়া রহি-য়াছে, এমত নহে। আকুঞ্চন প্রযুক্ত কুত্র কুত্র কৃষ্ণ ডরক লেখায় শোভিত হইয়া রহিয়াছে। মুখমগুল এখন আর কেশভারে অর্জ-লুকারিত নহে; জোতির্ময় হইয়া শোভা পাইডেছে; কেবল মাত্র স্থানে স্থানে বন্ধনবিঅংসী কুদ্র কুদ্র অসকাগুচ্ছ ভত্নপরি স্বেদবিজড়িত হইয়া রহিয়াছে। বর্ণ সেই অর্নপূর্ণশশাল্প শ্রি-कत। এখন ছুই কর্ণে হেমকর্ণভূষা ছুলিতেছে; কণ্ঠে হির্থায় কণ্ঠ-माला कुलिएएए। वर्णत निकरि त मकल साम दश नाहे, अई-ठळारकी मुमोरमना धत्रे शेत चार देन में कूसूमवे लोखा शहराह । উাহার পরিধানে শুক্লাম্বর; সে শুক্লাম্বর অর্কচন্দ্রদীপ্ত আকাশ-মগুলে অনিবিভূ শুক্ল মেছের ন্যায় শোভা পাইভেছে।

বর্ণ সেইরূপ চন্দ্রাদ্ধিকে মুদীমর বটে, কিন্তু যেন পূর্ব্বাপেকা দ্বিং সমল, যেন আকাশপ্রাস্তে কোথা কাল মেঘু দেখা দিরাছে। কপালকুগুলা একাকিনা বসিয়াছিলেন না; দিখা শ্যামাসুদ্রী নিকটে বসিরাছিলেন। তাঁছাদিগের উভরে পরস্পরে কথোপকথন হইতেছিল। তাহার কিরদংশ পাঠক মহাশরকে শুনিতে হইবেক। কপালকুণ্ডলা কহিলেন, "ঠাকুরজাঘাই আর কত জিন এখানে থাকিবেন ?"

শ্যামা কহিলেন, "কালি বিকালে চলিয়া ষাইবে। আহা ! আজি রাত্তে বলি ঔষষটি তুলিয়া রাখিতাম, তবু তারে বশ করিয়া মনুষ্যজন্ম সার্থক,করিতে পারিতাম। কালি রাত্তে বাহির হইয়া-ছিলাম বলিয়া এত লাখি ঝাঁটা খাইলাম; আর আজি বাহির হইব কি প্রকারে?"

क। "मिर्म जुनित तकम इह मा ?"

শা। "দিনে তুলিলে ফল্বে কেন? ঠিক ছুই প্রছর রাত্তে এলো চুলে তুলিতে ছয়। তা ভাই মনের সাধ মনেই রছিল।"

ক। " আচ্ছা, আমি ত আজি দিনে সে গাছ চিনে এয়েছি, আর যে বনে হয় তাও দেখে এসেছি। ভোমাকে আজি আর যেতে হবে না. আমি একা গিয়া প্রথ তুলিয়া আদিব।"

শা। "এক দিন যাহইয়াছে তা হইয়াছে। রাত্রে তুমি আর বাহির হইও না।"

ক। "সে জন্য তুমি কেন চিন্তা কর? শুনেছ ত রাত্রে বেড়ান আমার ছেলে বেলা ছইতে অভ্যাস। মনে ভেবে দেখ আমার সে অভ্যাস না থাকিলে ভোমার সঙ্গে আমার কথন চাকুষ্ত ছইত না।"

শ্যা। "সে ভয়ে বলি না। কিন্তু একা রাত্তে বনে বনে বেড়ান কি গৃহত্তের বউ ঝির ভাল। তুই জনে গিরাও এড ভির– স্কার ধাইলাম, তুমি একাকিনী গেলে কি রক্ষা থাকিবে ?"

ক। "ক্ষতিই কি ? তুমিও কি মনে করিরাছ যে আমি রাত্রে ঘরের বাহির হইবলই কুচরিত্র হইব ?"

শ্যা। "আমি তামনে করি না। কিন্তু মন্দ লোকে মন্দ বল্বে।" ক। 'বলুক, আমি তাতে মন্দ হব না।"

শ্যা। "তাত হবে মা—কিন্ত তোমাকে কেছ কিছু মন্দ বলিলে আমাদিশের অন্তঃকরণে ক্লেশ হবে।" फ। " এমত অন্যায় কেশ হইতে দিও দাঁ।"

শ্যা। "তাও আমি পারিব। কিন্তু দাদাকে কেম অসুখী করিবে?"

কপালকুগুলা শ্যামাসুন্দরীর প্রতি নিজ মিগ্লোজ্বল কটাক্ষ নিক্ষেপ করিলেন। 'কহিলেন, "ইহাতে তিনি,অসুথী হয়েন, আমি কি করিব? বিদ জানিতাম যে জ্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না।"

ইহার পর আর কথা শ্যামাস্করী ভাল বুঝিলেন না। আত্ম-কর্মে উঠিয়া গেলেন।

কপালকুগুলা প্রয়োজনীয় গৃহকার্য্যে ব্যাপৃতা হইলেন। গৃহকার্য্য সমাধা করিয়া এবধির অনুসন্ধানে গৃহ হইতে বহির্গতা হইলেন। তথন রাত্তি প্রহরাতীত হইয়াছিল। নিশা সজ্যোৎসা।
নবকুমার বহিঃকক্ষ্যায় বসিয়াছিলেন, কপালকুগুলা যে বাহির
হইয়া বাইতেছেন তাহা গবাক্ষপথে দেখিতে পাইলেন। তিনিও
গৃহ ত্যাগ করিয়া আসিয়া মৃথয়ীর হাত ধরিলেন। কপালকুগুলা
কহিলেন, "কি?"

নবকুমার কহিলেন, " কোথা যাইতেছ -" নবকুমারের স্বরে তিরস্কারের স্কেনা মাত্র ছিল না।

কপালকুগুলা কছিলেন, "শ্যামাস্থলরী স্বামীকে বশ করিবার জন্য প্রবধ চাহে, আমি প্রবধের সন্ধানে যাইতেছি।"

নবকুমার পূর্ববং কোমল স্বরে কছিলেন, "ভাল, কালি ড এক বার গিয়াছিলে? আজি আবার কেন ?"

ক। "কালি খুঁজিয়াঁ পাই নাই; আজি আবার খুঁজিব।" নবকুমার অভি মৃত্তাবে কহিলেন, "ভাল দিনে খুঁজিলেও ড ছয়?" নবকুমারের স্বর স্নেহপরিপূর্ণ।

कर्णालकूलना कहितनन, " मिन्दम क्रिया केंदन ना ।"

নব! "কাষই কি তোমার ঔষধ ভল্লাসে? আমাকে গাছের নাম বলিয়া দাও! আমি ওষধি ভূলিয়া আনিয়া দিব'।" ক। " আমি গাঁছ দেখিলে চিনিতে পারি, কিন্তু নাম জানি না। আর তুমি তুলিলে ফঁলিবে না। স্ত্রীলোকে এলোচুলে তুলিতে হয়। তুমি পরের উপকারের বিশ্ব করিও না।"

কপালতুগুলা এই কথা অপ্রসন্নতার সহিত বলিলেন, নবকুমার আর আপত্তি করিলেন না। বলিলেন, "চল, আমি তোমার সঙ্গে যাইব।"

কপালকুগুলা গর্মিত বচনে কহিলেন, " আইন আমি অবি-শাসিনী কি না স্ফচক্ষে দেখিয়া যাও।"

নবকুমার আর কিছু বলিতে পারিলেন না। নিশ্বাস সহকারে কপালকুগুলার হাত ছাড়িয়া দিয়া গৃহে প্রত্যাগমন করিলেন। কপালকুগুলা একাকিনী বনমধ্যে প্রবেশ করিলেন।

তৃতীয় পরিচ্ছেদ।

কাননতলে।

"——Tender is the night,
And haply the Queen moon is on her throne
Clustered around by all her starry fays;
But here there is no light.

Keats.

সপ্তপ্রামের এই ভাগ যে বনময় তাছা পূর্ব্বেই কতক কতক উল্লি-থিত হইয়াছে। প্রামের কিছু দূরে নিবিড় বন। কপাল-কুগুলা একাকিনী এক সঙ্কীর্ণ বন্য পথে ওষধির সন্ধানে চলি-লেন। যামিনী মধুরী, একান্ত শব্দমাত্রবিহীনা। মাধবী যামিনীর আকাশে স্থিত্তরশ্বিময় চন্দ্র নীরবে খেড মেঘখণ্ড সকল উত্তীর্ণ হইতেছে; পৃথিবীতকে, বন্য ব্রক্ষ লভা সকল উত্তরপ নীরবে শীভল চজ্রকরে বিশ্রাম করিতেছে; নীরবে রক্ষপত্র সকল সে কিরণের প্রতিঘাত করিতেছে; নীরবে লওা গুলা মধ্যে শ্রেত কুশুমদল বিকলিত হইরা রহিরাছে। পশু পক্ষী নীরব। কেবল কোথাও কদাচিৎ মাত্র ভগ্নবিশ্রাম কোন পক্ষীর পক্ষস্পন্দলশন্ধ; কোথাও কচিৎ শুক্ষপত্রপাভশন্ধ; কোথাও তলম্ব শুক্ষপত্র মধ্যে উরগ জাতীর জীবের কচিৎ গতিজনিত শন্ধ; কচিৎ অতি দূরম্ব কুরুরব। এমত নহে যে একেবারে বায়ু বহিতেছিল না; মধু মাসের দেহস্কিক্ষকর বায়ু; অতিমন্দ; একান্ত নিঃশন্দ বায়ু মাত্রে; তাহাতে কেবল মাত্র রক্ষের স্ক্রাপ্রভাগাক্ত পত্রগুলিন হেলিতেছিল, কেবলমাত্র আভুমিপ্রণত শ্যামালতা কুলিতেছিল; কেবল মাত্র নীলাম্বরস্থারী কুল স্বেতাম্বৃদ্ধ গুলিন ধীরে ধীরে চলিতেছিল। কেবল মাত্র, তক্ষপ বায়ু সংসর্গে সজুক্ত পূর্বে স্থেগর অস্পান্ত স্মৃতি ক্ষম্যে অপপ জাগরিত হইতেছিল।

কপালকুগুলার সেইরূপ পূর্বস্থিতি জাগরিত হইতেছিল; বালিরাড়ীর লিখরে যে, সাগরবারিবিন্দুসংস্পৃষ্ট মলরানিল তাঁহার লহালকমগুল মধ্যে ক্রীড়া করিত, তাহা মনে পড়িল; অমল নীলানস্ত গগণ প্রতি চাহিরা দেখিলেন; সেই অমল নীলানস্ত গগণরূপী সমুদ্র মনে পড়িল। কপালকুগুলা পূর্বস্থিত সমালো-চনার অন্যমনা হইরা চলিলেন।

वना मत्न यहिष्ठ यहिष्ठ क्रियां कि উদ্দেশে यहिष्ठितन, क्रेमान्क्रला जांदा जावितन मा। य श्रेथ यहिष्ठितन, जांदा ज्ञार व्यापा हहेंग्रा जानिन; वन निर्विष्ठ हहेंन:
गिर्ताशस्त्र क्रम्मांथाविनारिन क्रम्माताक श्रीष अस्करास्त्र क्रव्व
हहेग्रा जानिन, ज्ञार जांत्र श्रेष प्रथम यात्र ना। श्रेष्ट्रत व्यनकाजांत्र
ध्येशस्त क्रमानक्र्यमा विद्यामग्रजा हहेष्ठ जेश्यिज हहेत्नन। हेजख्वार क्रियांक क्रियां प्राथमितन अहे निर्विष्ठ वस्त्रस्य जात्मा
ख्वार हर्षे प्रिशेष क्रियां प्राथमितन अहे निर्विष्ठ वस्त्रस्य जात्मा
ख्वार हर्ष्ट व्यक्त क्रियांक श्रूष्ट वस्त्रस्य जात्मा
क्रियांन श्रूष्ट विद्यांन क्रियां व्यक्त श्रूष्ट वस्त्रस्य व्यक्त स्थानक्रमा श्रूष्ट वस्त्रस्य व्यक्त स्थानक्रमा श्रूष्ट वस्त्रस्य स्थानक्रमा श्रूष्ट वस्त्रस्य स्थानक्रमा श्रूष्ट वस्त्रस्य स्थानक्रमा स्थानक्रमा श्रूष्ट वस्त्रस्य स्थानक्रमा स्थानक्रमा श्रूष्ट विद्यांच्यां स्थानक्रमा स्यानक्रमा स्थानक्रमा स्थानक्य

কেতিছলময়ী। বীরে ধীরে সেই দীপজ্যোতিরভিমুখে গেলেন।
দেখিলেন, যথায় আলো জ্বলিডেছে তথায় কেছ নাই। কিন্তু
ভাহার অনভিদ্রে বননিবিড্ডা হেতু দূর হইতে অদৃশ্য একটি।
ভগ্ন গৃহ আছে। গৃহটি ইউকনির্মিড, কিন্তু অতি ক্ষুদ্র, অভি
সামান্য; ভাহাতে একটি মাত্র যর। সেই ষর হইতে মনুষ্যকথোপকথন নির্গত হইতেছিল, কপালকুগুলা নিঃশন্দ পদক্ষেপে
গৃহ সন্নিধানে গেলেন। গৃহের নিকটবর্তী হইবামাত্র বোধ হইল
ফুই জন মনুষ্য সাবধানে কথোপকথন করিভেছে। প্রথমে কথোপকথন কিছুই বুঝিডে পারিলেন না; পরে ক্রমে চেফাজনিত কর্ণের তীক্ষতা জিন্মলে নিম্নলিখিত মত কথা শুনিতে

এক জন কহিতেছে, " আমার অভীষ্ট মৃত্যু, ইহাতে ভোমার অভিমত না হয়, আমি ভোমার সাহাব্য করিব না। তুমিও আমার সহায়তা করিও না।"

অপর ব্যক্তি কহিল, "আমিও মঙ্গলাকাজ্জী নহি; কিন্তু যাবজ্জীবদ জন্য ইহার নির্মাসন হয়, ভাহাতে আমি সম্মত আছি। কিন্তু হত্যার কোন উদ্যোগ আমা হইতে হইবে না; বরং ভাহার প্রতিকূলাচরণ করিব।"

প্রথমানাপকারী কহিল, "তুমি অতি অবোধ, অজ্ঞান। তোমায় কিছু জ্ঞান দান করিতেছি। মনঃসংযোগ করিয়া জ্ঞান কর। অতি গৃঢ় রভাস্ত বলিব; চতুর্দ্দিক্ এক বার দেখিয়া আইস, থেনী মনুষাখাস শুনিতে পাইতেছি।"

বাস্তবিক কপালকুগুলা কথোপকথন উত্তমরূপে শুনিবার জন্য কক্ষ্যাপ্রাচীরের অতি নিকটে আসিয়া দাঁড়াইরাছিলেন। এবং তাঁহার আগ্রহাডিশয় এবং শহার কারণে ঘন ঘন গুরু শাস বহিতেছিল।

সমভিব্যাহারীর কথার গৃহমধ্যত এক ব্যক্তি বাহিরে আসি. লেন, এবং আসিয়াই কপালকুগুলাকে দেখিতে পাইলেন।

কপালকুওলাও পরিদ্ধার চজ্রালোকে আগগুক পুক্ষের অবয়র मूम्भक्ते कृतिया (मिथलन) (मिथला जीजा इहेरवन, कि अकूलिजा इरेटन जारा चित्र कतिएज भौतितन मा। तमितनम, जागहक बाचनत्वभी; मामाना धृष्डि भविधान, भाज উভवीरत উভयक्रभा আচ্ছাদিত। ব্ৰাহ্মণজুমার, অভি কোমলবয়ক্ষ; মুখমগুলে বয়-म्पिड्र किछुमां को है। यूथ श्रामि शत्य मूल्यत, मूल्यती त्रगी-মুখের ন্যায় সুন্দর, কিন্তু রমণীর মুর্ক্ত তেজোগর্কবিশিষ্ট। তাঁছার কেশ গুলিন সচরাচর পুরুষদিগের কেশের ন্যায় কেব্র-कार्यारवन्याञ्चक मांज नरह. खीरलाकमिरभत नाम अच्छित्राव हात्र উত্তরীয় প্রচ্ছন্ন করিয়া পৃষ্ঠদেশে, অংসে, বাহুদেশে, কদাচিৎ वत्क जरमर्পिত इहेश পড়িয়াছে। ननां धमल, केवर क्वीछ. মধান্থলে এক মাত্র শিরাপ্রকাশশোভিত। চকু ছুটি বিদ্রা-खिष: পরিপূর্ণ। কোষশূল্য এক দীর্ঘ তরবারি হ**স্তে ছিল।** কিন্তু এ রূপরাশি নধ্যে এক ভীষণ ভাব ব্যক্ত হইতেছিল। হেমকান্ত वर्ष दयन दर्गन कर्नान कामनार हाम्रा शिक्सहिन। जलुलन পর্যান্ত অন্তেষণক্ষম কটাক্ষ দেখিয়া কপালকুগুলার ভীতিসঞ্চার इहेल।

উভয়ে উভয়ের প্রতি ক্ষণ কাল চাছিয়া রহিলেন। প্রথমে কপালকুগুলা নয়নপল্লব নিক্ষিত্ত করিলেন। কপালকুগুলা নয়ন-পল্লব নিক্ষিত্ত করাতে আগন্তক তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি কে?"

যদি এক বংসর পূর্বে হিল্পীর কিয়াবনে কপালকুণ্ডলার প্রতি এ প্রশ্ন হইত, তবে তিনি তংক্ষণেই সক্ষত উত্তর দিতেন। কিন্তু এখন কপালকুণ্ডলা কতক দূর গৃহরমণীর স্বভূবিসম্পানা হইয়া-ছিলেন, সূত্রাং সহসা উত্তর করিতে পারিলেন না। প্রাক্ষণবেশী কপালকুণ্ডলাকে নিক্তরা দেখিয়া গাস্তীর্থ্যের সহিত কহিলেন, "কপালকুণ্ডলা! তুমি রাত্রে এ নিবিজ্ বন মধ্যে কি জন্য আসিয়াছ?"

অজ্ঞাত রাজিচর •পুক্ষের মুখে আপন নাম শুনিরা কপান কুগুলা অবাক্ ছইলেন, কিছু ভীতও ছইলেন। সুতরাং সহসা কোন উত্তর তাঁহার মুখ ছইতে বাহির ছইন না।

ব্রান্ধণবেশী পুনর্কার জিজ্ঞানা করিলেন "ত্মি আমালিগের কথা বার্ত্তা শুনিয়াছ?"

সহসা কপালকুগুলা বাক্শক্তি পুনঃপ্রাপ্ত ছইলেন। তিনি উত্তর না দিরা কহিলেন, " আমিও ডাছাই জিজ্ঞাসা করিতেছি। এ কানন মধ্যে তোমরা তুই জনে এ নিশীথে কি কুপরামর্শ করিতে-ছিলে?"

ব্রাহ্মণ কিছু কাল নিক্তরে চিন্তামগ্ন ছইয়া রহিলেন।
যেন কোন স্তন ইফীসিদ্ধির উপায় তাঁহার চিত্ত মধ্যে আসিয়া
উপাছত হইল। তিনি কঁপালকুগুলার হন্তধারণ করিলেন এবং হন্ত
ধরিয়া ভগ্ন গৃহ হইতে কিছু দূরে লইয়া যাইতে লাগিলেন। কপালকুগুলা অতি ক্রোধে হন্ত মুক্ত করিয়া লইলেন। ব্রাহ্মণবেশী
অতি মৃত্ত্বরে কপালকুগুলার কাণের কাছে কহিলেন,

" চিন্তা কি ? আমি পুরুষ নহি।"

কপালকুগুলা আরও চমৎক্ষতা হইলেন। এ কথার তাঁহার কতক বিশাস হইল, সম্পূর্ণ বিশাসও হইল না। তিনি ব্রাক্ষণবেশধারি— গীর সঙ্গে সঙ্গে গোলেন। ভগ্ন গৃহ হইতে অদৃশ্য ছানে গিরা ব্রাক্ষণ-বেশী কপালকুগুলাকে কর্ণে কর্ণেকহিলেন, "আমরা যে কুপরামর্শ করিতেছিলাম তাহা শুনিবে? সে তোমারই সম্বন্ধে।"


ক্শালকুগুলার ভন্ন এবং আগ্রহ অভিশব বাড়িল। কহিলেন, ''শুনিব।"

ছদ্মবেশিনী কুছিলেন, ''তবে যত ক্ষণ না প্রত্যাগমন করি তত ক্ষণ এই স্থানে প্রতীক্ষা কর।"

এই বলিয়া ছত্মবেশিল্পী ভগ্ন গৃহে প্রভাগেমন করিলেন; কপাল-কুগুলা কিরৎক্ষণ ভথার বসিয়া রহিলেন। কিন্তু যাহা দেখিয়া ও শুনিয়াছিলেন, ভাহাতে তাঁহার অভি উৎকট ভয় অফ্রিয়াছিল। একুণে একাকিনী অন্ধনার বনমধ্যে বিসরা, আরও ভয় বাড়িতে লাগিল। বিশেষ এই ছয়বেশী, তাঁহাকে কি অভিপ্রায়ে তথার বসাইরা রাখিরা গোল, তাহা কে বলিতে পারে ? হয় ত সুযোগ পাইয়া আপনার মন্দ অভিপ্রায় সিদ্ধ করিবার জনাই বসাইয়া রাখিয়া গিয়াছে। এইয়প আলোচনা করিয়া কপালকুগুলা ভীতি-বিহুলে হইলেম। এ লিকে ব্রাহ্মণবেশীর প্রভাগেমনে অনেক বিলম্ব হইতে লাগিল। কপালকুগুলা আর বসিতে পারিলেন না। উঠিয়া দ্রুতে পালবিক্ষেপে গৃহাভিমুখে চলিলেন।

ज्थम आंकानमञ्ज घनघठे । मनीमत इहेत्र आंजित नांशिन : কাননভলে যে সামান্য আলো ছিল, তাছাও অন্তৰ্হিত হইতে লাগিল। কপালকুওলা আর তিলার বিলম্ব করিতে পারিলেন ৰা। শীত্রপদে কানমাভান্তর হইতে বাহিরে আসিতে লাগি-(मन । व्यक्तिवांत्र ममदत्र यम शक्तांखांत्रा व्यथत् वाक्तित्र श्रमतक्त्रभ-ৰনি শুনিতে পাইলেন। কিন্তু মুখ ফিরাইয়া অন্ধকারে কিছু प्रिचिट्ड शहितम ना। कशानकुछना मत्न कतितन बांच्चनर्यमी তাঁহার পশ্চাৎ আসিতেছেন। বনত্যাগ করিয়া পূর্ব্ববর্ণিত ক্ষুদ্র বলপথে আসিয়া বাহির হইলেন। তথার তাদুশ অন্ধকার নছে: मृष्टिभरय मनूमा थांकिरम रमशा यात्र। किन्तु किन्तु रमशा राम ना। কপালকুগুলা মনে করিলেন তাঁহার চিত্তভাত্তি অন্মিয়াছে। অতএব ক্রতপদে চলিলেন। কিন্তু আবার স্পাঠ মনুষাগতিশন শুনিতে शाहितन। आकाम नीन कांप्रविनी ए जीयनजुर हहेग। कशान-কুওলা আরও জ্বত চলিলেন। গৃহ অন্তিদুরে, কিন্তু গৃহপ্রোপ্তি হইতে না হইতেই প্রচন্ত বাটকা রুটি ভীষণভুর রুবে প্রযোষিত ছইল। কপালকুওলা দে ডাইলেন। পশ্চাতে যে আসিতেছিল, দেও যেন দে জাইল, এমত শব্দ বোধ হইল ৮ গৃছ দৃষ্টিপথবর্তী ছইবার পূর্বেই প্রচণ্ড ঝটিকা ব্লক্তি কপালব্লুওলার মন্তকের উপর मित्रा ध्यशाविक इहेम। वनयम शक्कीत (मयमम, . এवर अमानिमन्त्रीक नम् इहेट नाशिन। धनधन विद्वार प्रमाहित नाशिन। मुरन

ধারে রাষ্ট্র পড়িতে নানিল। কপালকুওলা কোন ক্রমে আত্মক্রলা করিয়া গৃহে আসিলেন। প্রাপ্তনভূমি পার হইয়া প্রকোষ্ঠ মধ্যে উঠিলেন। দার তাঁছার জন্য খোলা ছিল। দার কন্ধ করিবার জন্য প্রাপ্তনের দিকে সমুখ কিরিলেন। বোধ হইল যেন প্রাপ্তনভূমিতে এক দীর্ঘাকার পুক্ষর দাঁড়াইয়া আছে। এই সময়ে এক বার বিদ্যাৎ চমকিল। একবার বিদ্যাতেই ভারাকে চিনিভে পারিলেন। সে সাগরভীরপ্রবাসী সেই কাপালিক!



I had a dream, which was not all a dream.

Byron.

কপালকুগুলা ধীরে ধীরে দার কদ্ধ করিলেন। ধীরে ধীরে শারনা-গারে আসিলেন, ধীরে ধীরে পালকে শারন করিলেন। মতুষা-হলর অনন্ত, অভল সমুদ্র; যথন তদুপরি; কিন্তু বায়ুগণ সমর করিতে থাকে, কে ভাহার ভরজমালা গণিতে পারে? কপাল-কুগুলার হৃদয়সমুদ্রে বে ভরজমালা উৎক্ষিপ্ত হইতেছিল, কে ভাহা গণিবে?

সেরাত্তে নবকুশার হৃদয়বেদনার অন্তঃপুরে আইসেন নাই। শারনাগারে একাকিনী কপাতিকুগুলা শারন করিলেন, কিন্তু নিজা আাসিল
না। প্রবলবায়ুতাড়িত বারিধারাপরিসিঞ্জিত জটাজ্টবৈতিত
সেই মুখমগুল অন্ধনার মধ্যেও চতুর্দ্ধিকে দেখিতে লাগিলেন।

কপালকুগুলা পূর্বিরভান্ত সকল আলোচনা করিয়া দেখিতে লাগিলেন। কাপালিকের সহিত বেরূপ আচরণ করিয়া তিনি চলিয়া
আসিয়াছিলেন ভাষা শ্বরণ ছইভে লাগিল; কাপালিক নিবিড়
বনমধ্যে যে সকল পৈশাচিক কার্য্য করিতেন ভাষা শ্বরণ ছইভে
লাগিল; তৎক্রভ তৈরবীপূজা, নককুমারের বরুন; এ সকল মনে
পড়িতে লাগিল। কপালকুগুলা শিছরিয়া উঠিলেন। অলাকার
রাত্রের সকল ঘটনাও মনোমধ্যে আসিতে লাগিল। শ্যামার ওয়ধিকামনা, নবকুমারের নিষেধ, তাঁছার প্রতি কপালকুগুলার তিরশ্বরি, তৎপরে অরণোর জ্যোৎস্মাময় শোভা, কাননতলে অন্ধকার, তৎপরে অরণোর জ্যোৎস্মাময় শোভা, কাননতলে অন্ধকার, তথ্যা মধ্যে যে সহতর পাইরাছিলেন ভাষার ভীমকার
শ্বরের সকলই মনে পড়িতে লাগিল।

পূর্বদিকে উষ্ট্র মুকুটজোতিঃ প্রকটিত হইল; তথন কপাল-্কুওলীর অপ্রিন্দ্রা আসিল। সেই অপ্রগাঢ় নিদ্রায় কপালকুওলা अर्थ एमंबिटक नागितन। जिनि सन तमहे शूर्ववृष्ठे मागत्रहारत তর্ণী আরোহণ করিয়া বাইতেছিলেন। তর্ণী সুশোভিত: ভাহাতে বসম্ভরক্ষের পতাকা উভিতেছে; নাবিকেরা ফুলের মালা গলায় দিয়া বাহিতেছে। রাধা শ্যামের অনন্ত প্রণয় গীত করিভেছে। পশ্চিম গগণ হইতে অর্ধ্য অর্ণধারা রুঠি করিভেছে। অর্থারা পাইয়া সমুদ্র হাসিতেছে; আকাশমগুলে মেঘগণ দেই স্বর্ণ রফ্টিতে ছুটাছুটি করিয়া স্নান করিতেছে। অকন্মাৎ রাত্তি हरेल, पूर्वा (कांधांत्र (गल। वर्गस्य मकल (कांधांत्र (गल। निविष् নীল কাদখিনী আসিরা আকাশ ব্যাপিয়া ফেলিল। আর সমুদ্রে দিকু নিরূপণ হয় না। • নাবিকেরা ভরি ফিব্রাইল। কোনু দিকে বাহিৰে ছিরতা পায় না। ভাহারা গীত বন্ধ করিল, গলার মালা সকল ছিডিয়া কেলিল; বসন্ত রঙ্গের পভাকা আপনি থসিয়া জলে পড়িয়া গেল। বাডাস উঠিল; বুকে প্রমাণ ভরন্ন উঠিতে লাগিল, ভরক মধা হইতে এক জল জটাজ্টধারী প্রকাণ্ডাকার পুরুষ আসিয়া কপালকুওলার নেবি বামহত্তে

সমুদ্র মধ্যে প্রেরণ করিতে উদ্যাত হইল। এমত সময়ে সেই ভীমকাস্ত প্রীমর রাহ্মণবেশধারী আসিরা ভরি ধরিরা রহিল। সে
কপালকুগুলাকে জিজ্ঞাসা করিল, "ভোমার রাখি কি নিময়
করি?" অকন্মাৎ কপালকুগুলার মুখ হইতে বাহির হইল "নিময় কর।" রোহ্মণবেশী নেকি। ছাড়িয়া দিলু। তখন নেকিও শন্দমরী হইল, কথা কহিয়া উঠিল। নেকি। কহিল "আমি আর এ ভার বহিতে পারি না, আমি পাতালে প্রবেশ করি।" ইহা কহিয়া নেকা তাহাকে জলে নিক্ষিপ্ত করিয়া পাতালে প্রবেশ করিল।

ঘর্মাক্তকলেবরা হইয়া কপালকুগুলা স্বপ্নোম্বিতা হইলে চক্ষুকয়ালন করিলেন; দেখিলেন, প্রভাত হইয়াছে—কক্ষ্যার গবাক্ষ মুক্ত
রহিয়াছে; তন্মধ্য দিয়া বসন্তবায়ুস্রোভঃ প্রবেশ করিতেছে।
নন্দান্দোলিত রক্ষণার্কায় পক্ষিগণ কৃজন করিতেছে। সেই গবাক্ষের উপর কতক গুলিন মনোহর বন্যলতা সুবা্সিত কুসুম সহিত
ছলিতেছে। কপালকুগুলা নারীস্বভাববশতঃ লতা গুলিন গুছাইয়া লইতে লাগিলেন। তাহা সুশৃত্বল করিয়া বাঁধিতে ভাহার
মধ্য হইতে এক থানি লিপি বাহির হইল। কপালকুগুলা অধিকারীর ছাত্র; পড়িতে পারিতেন। নিম্নোক্ত মত পাঠ করিলেন।

" অদ্য সন্ধার পর কল্য রাত্তের ব্রাহ্মণকুমারের সহিত সাক্ষাৎ করিবা । তোমার নিজ সম্পর্কীয় নিডান্ত প্রয়োজনীয় যে কথা শুনিতে চাহিয়াছিলে তাহা শুনিবে ।

অহং ব্ৰাহ্মণবেশী।"

শঞ্চম পরিচ্ছেদ।

ক্তসকেতে।

"I will have grounds More relative than this."

Hamlet.

কপালকুওলা সে দিন সন্ধা পর্যন্ত অননাচিত্তা ছইয়া কেবল ইহাই বিবেচনা করিতেছিলেন যে, ব্রাক্ষণবৈশীর সহিত সাক্ষাৎ বিধের কি না। পতিত্রতা যুবতীর পক্ষে রাত্তিকালে নির্জ্জনে অপরিচিত পুরুষের সহিত সাক্ষাৎ যে অবিধের ইহা ভাবিয়া তাঁহার মনে সঙ্কোচ জন্মে নাই: ভদ্বিয়ে যে তাঁহার দ্বি সিদ্ধান্তই ছিল যে সাক্ষাতের উদ্দেশ্য দ্বা না হইলে এমত সাক্ষাতে দোৰ নাই।—পুৰুষে পুরুষে বা স্ত্রীলোকে স্ত্রীলোকে ষেরপে সাক্ষাতের অধিকার, স্ত্রী পুরুষে সাক্ষাতের উভ-**रित्र के किल के किल विका कैं। होत** त्वांश किन: বিশেষ ত্রাহ্মণবেশী পুরুষ কি না তাছাতে সন্দেহ। সূত্রাং সে সকোচ অনাবশ্যক, কিন্তু এ সাক্ষাতে মলল কি অমলল জিবাবে তাহাই অনিশ্চিত বলিয়া কপালকুগুলা এত দূর সংখ্যে করিতেছিলেন। প্রথমে দ্রান্মণবেশীর কর্ষোপরুধন, পরে কাপা-লিকের দর্শন, তৎপরে স্বপ্ন, এই সকল হেতৃতে কপালকুগুলার হৃদরে আত্মসম্বন্ধে মহাতীতি সঞ্চার হইরাছিল: নিজ অমন্সল যে অদূর-বৰ্ত্তী এমত সন্দেহ প্ৰবল হইৱাছিল। সেই অৰ্থলন যে কাপালিকের আগ্ৰমৰ সহিত সহস্মিলিত, এমত সন্দেহও অনুলক বোধ হইল ना । अहे बाक्स गतिकोदिक छोहा त्रहे जहात्र तो ध हरे छिए छ- अछ अव

ভাহার সহিত সাক্ষাতে সেই আশকার বিষয়ীভূত অমঙ্গলে পভিত্ত হইতে পারেন। সে ভ স্পর্টই,বলিয়াছে বে কপালকুওলা সর্বন্ধেই পরামর্শ হইতেছিল। কিন্তু এমতও হইতে পারে যে ইহা হইতে তরিরীকরণ স্কুনা **হইবে। ব্রাহ্মণকুমার এক বাজ্জির** সহিত**'** গোপনে পরামর্শ করিতেছিল, সে ব্যক্তিকে এই কাপালিক বিলয়া বোধ হঁয়। সেই কথোপকথনে কাহারও মৃত্যুর সহল্প প্রকাশ পাইতেছিল; নিতান্ত পক্ষে চির্রনির্কাসন। সে কাছার? ব্ৰাহ্মণবেশী ত স্পত্ত বলিয়াছে যে কপালকুগুলা সম্বন্ধেই কুপরামর্শ হইতেছিল। তবে তাহারই মৃত্যুবা তাহারই চির্নির্কাসন কম্পনা হইতেছিল। তবে বখন এই সকল ভীষণ অভিসন্ধিতে ব্ৰাহ্মণবেশী महकाती, जथन जाहात निक्र ताजिकात वकाकिनी पूर्वम कानतन গমন করা কেবল বিপদেরই কারণ ছইতে পারে। কিন্তু কালি রাত্তে স্বপ্ন দেখিয়াছিলেন; দে স্বপ্ন,—দে স্বপ্নের তাৎপর্যা কি? স্বপ্নে ব্রাক্মণবেশী মহাবিপত্তি কালে আসিয়া তাঁহাকে রক্ষা করিতে होश्यिक्तिन, कार्याउ जाहाई कनिएए, बार्क्नरवनी नकन ব্যক্ত করিতে চাহিতেছেন। তিনি স্বপ্থে বলিয়াছিলেন ''নিমগ্ন कत्।" कार्या ७ कि महेक्ष विनिद्यन ? ब्राक्ष गत्व नीत माहाया তাগি করিয়া বিপদ সাগরে তুবিবেন? না-না-ভক্তবৎসলা ভবানী অনুগ্রহ করিয়া স্বপ্নে তাঁহার রক্ষা হেতু উপদেশ দিয়া-ছেন, ব্রাহ্মণবেশী আসিয়া তাঁহাকে উদ্ধার করিতে চাহিতেছেন: তাহার সাহায্য তাাগ করিলে নিমগ্ন হইবেন। অতএব কপাল-कुछना ठाँकात महिल माकार कराहे छित कतिलन। विक वाकि এইরূপ সিদ্ধান্ত করিত কি না ভাষাতে সন্দেহ; কিন্তু বিজ্ঞ ব্যক্তির সিদ্ধান্তের সহিত আমাদিণের সংস্রব নাই। কপালকুগুলা বিশেষ विष्क हिलन ना पूछतार विष्कृत नाम मिक्रांस कतितनन ना। क्लिज्रमभत्रम द्रस्तीत नाम् निष्ठां कतित्मन, जीमका सन-वानिनर्मन्त्नालूभ श्वजीव नाश्व निष्ठां कवितनन, देनमवन जयन-विनामिनी, महामिन्धानिष्ठांत नाम मिक्रांस कतितनः, ज्यांनी-

ভক্তিভাববিষোহিতার ন্যায় সিদ্ধান্ত করিলেন , জ্বলন্ত বহিংশিখায় পতনোন্মুখ পতক্ষের ন্যায় সিদ্ধান্ত করিলেন।

সন্ধার পরে গৃহকর্ম কতক কতক সমাপন করিয়া কপালকুণ্ডলা পূর্ব্বনত বনাভিমুখে যোত্রা করিলেন। কপালকুণ্ডলা
যাত্রাকালে শরনাগারে প্রদীপ টী উজ্জ্ব করিয়া গেলেন। তিনি
যেমন কক্ষ্যা হইতে বাহির ছইলেন, অমনি গৃহের প্রদীপ
নিবিয়া গেল।

যাত্রা কালে কপালকুণ্ডলা এক কথা বিশ্বৃত হইলেন। ত্রাহ্মণবেশী কোন্ ছানে সাক্ষাং করিতে লিখিয়াছিলেন? এই
জনা লিপি পুনর্কার পাঠের আবশাক হইল। গৃহে প্রভাবর্ত্তন
করিয়া যে ছানে প্রাতে লিপি রাখিয়া ছিলেন, সে ছানে
অন্বেখণ করিলেন, সে ছানে লিপি পাইলেন না। শ্বরণ হইল
যে কেশবরূন সময়ে, ঐ লিপি সঙ্গে রাখিবার জন্য, কবরী
মধ্যে বিন্যন্ত করিয়াছিলেন। অতএব কবরী মধ্যে অঙ্গুলি দিয়া
সন্ধান করিলেন। অঙ্গুলিতে লিপি স্পর্ণ না হওয়াতে কবরী
আলুলায়িত করিলেন, তথাপি সে লিপি পাইলেন না। তথন
গৃহের অন্যান্য ছানে ভত্ত্ব করিলেন। কোথাও লা পাইয়া,
পরিশেষে পূর্ব্ব সাক্ষাৎ ছানেই সাক্ষাৎ মন্তব সিদ্ধান্ত করিয়া
পুনর্বাত্তা করিলেন। অনবকাশ প্রযুক্ত সে বিশাল কেশারশি
পুনর্বিনান্ত করিতে পারেন নাই, অতএব আজি কপালকুণ্ডলা
অস্টা কালের মত কেশমগুলমধ্যবর্তিনী হইয়া চলিলেন।

यष्ठे शतिरक्षा

गृहचाद्व ।

"Stand you a while apart Confine yourself but in a patent list"

Othello.

যথন সন্ধার প্রাকৃকালে কপালকুণ্ডলা গৃহকার্য্যে ব্যাপৃতা ছিলেন, তথন লিপি কবরীবন্ধনচ্যত হইয়া ভূমিতলে পড়িয়া গিয়া-ছিল। কপালকুণ্ডলা তাহা জানিতে পারেন নাই। নবকুমার তাহা দেখিয়াছিলেন। কবরী হইতে পত্র খসিয়া পড়িল দেখিয়া নবকুমার বিশ্বিত হইলেন। চরণ দ্বারা তাহা চাকিয়া রাখিলেনিই; কপালকুণ্ডলা কার্যান্তরে গেলে, লিপি ভূলিয়া বাহিরে গিয়া পাঠ করিলেন। সে লিপি পাঠ করিয়া একই সিদ্ধান্ত সম্ভবে। 'বে কথা কাল শুনিতে চাহিয়াছিলে সে কথা শুনিবে?' সে কি? প্রথার কথা? ব্রাহ্মণবেশী মৃশ্রুয়ীর উপপতি? যে ব্যক্তি পূর্বেরাত্রের রক্তান্ত অনবগত তাহার পক্ষে দ্বিতীয় সিদ্ধান্ত সম্ভবে না।

পতিব্রতা স্বামীর সহগমনকালে, অথবা অন্য কারণে, ম্থন কেছ জাবিতে চিতারোহণ করিয়া চিতায় অগ্রি সংলগ্ন করে, তথন প্রথমে ধূমরাশি আসিয়া চতুর্দ্দিক্ বেস্টন করে; দৃষ্টি লোপ করে, অন্ধকার করে; পরে ক্রমে কার্চরাশি জ্বলিতে আরম্ভ ছইলে প্রথমে নিম্ন ছইতে সর্পজিহ্নার ন্যায় ছুই একটি শিথা আসিয়া অঙ্গের স্থানে স্থানে দংশন করে, পরে সশন্দে অগ্নিজ্বালা চতুর্দ্দিক্ ছইতে আসিয়া বেস্টন করিয়া অল্প প্রত্যক্ষ ব্যাপিতে থাকে; শেষে প্রকি ভশ্মরাশি করিয়া কেলে।

নবকুমারের লিপি পাঠ করিয়া সেইরূপ ছইল। প্রথমে রুবিতে
ংগারিলেন না; পরে সংশয়, পরে নিশ্চয়তা, শেষে জালা।

মসুবাহানর ক্লেণাবিকা বা সুধাধিকা একেবারৈ এছণ করিতে পারে লা. ক্রমে ক্রমে এছণ করে। নবফুমারকে প্রথমে ধূমরালি বেন্টন করিল; পরে বহ্নিশিখা হানর ডাপিড করিতে লাগিল; শেষে বহ্নিরাশিতে হানর ভন্মাভূত ইইডে লাগিল। ইতিপূর্বেই নক্তমার দেখিরাছিলেন যে কপালকুগুলা কোন কোন বিবয়ে তাঁছার অবাধা ছইরাছেন। বিশেষ কপালকুগুলা তাঁছার নিষেব সন্ত্রেও যথন যেখানে কেবানে একাকিনী যাইডেন; যাহার ডাহার সহিত যথেচ্ছা আচরণ করিভেন; অবিকন্ত তাঁছার বাকা হেলন করিয়া নিশীথে একাকিনী বনভ্রমণ করিডেন। অপর স্থামা ইহাতে সন্দিহান ছইডেন, কিন্তু নবকুমারের হানরে কপালকুগুলার প্রতি সন্দেহ উপাপিত হইলে চিরানির্ভ র্শিচক দংশ্নবং হইবে জানিরা, ভিনি এক দিনের ভরে সন্দেহকে ছান দান করেন নাই। জদা সন্দেহক স্থান দিতেন না, কিন্তু অদ্য সন্দেহ নছে; প্রতীতি শোসিয়া উপান্থিত ছইরাছে।

যন্ত্রণার প্রথম বেগের শমতা ছইলে নবকুমার নীরবে বিদিরা আনক ক্ষণ রোদন করিলেন। রোদন করিরা কিছু সুন্থির ছইলেন। তথন তিনি কিছে ত্বা সম্বন্ধে স্থির এতিজ ছইলেন। আজি তিনি কপালকুগুলাকে কিছু বলিবেন না। কপালকুগুলা যথন স্মার সময় বনাতিমুখে বাত্রা করিবেন, তথন গোপনে তাঁহার অসুসরণ করিবেন; কপালকুগুলার বিশাস্থাতন প্রত্যক্ষীভূত করিবেন, তাহার পর এ জীবন বিসর্জ্ঞন করিবেন। কপালকুগুলাকে কিছু বলিবেন না, আপনার প্রাণ সংহার করিবৈন। না করিয়া কি ক্রিবেন লা, আপনার প্রাণ সংহার করিবৈন। না করিয়া কি ক্রিবেন লা, আপনার প্রাণ সংহার করিবেন। না করিয়া কি ক্রিবেন লা, আপনার প্রাণ সংহার করিবেন।

এই দ্বির করিয়া কপালকুগুলার বহির্গঞ্চ প্রতীক্ষার তিনি থড়কী ঘারের প্রতি দৃষ্টি করিয়া রহিলেন। কপালকুগুলা বহির্গতা হইয়া কিছু দূর গোলে নবকুমার এ বহির্গত হইতেছিলেন; এফুক্ত সময়ে কপালকুগুলা। লিপির ক্ষমা প্রভাবির্গন করিলেন, দেখিয়া নঁবক্যারও সাঁরিয়া গেলেন। শেবে কপালকুগুলা পুনর্কার ।
বাহির হটয়া কিছু দূর গমন করিলৈ নবকুমার আবার ভদনুগননে
বাহির, হটভেছিলেন, এমভ সময়ে দেখিলেন ঘারদেশ আর্ভ ন

কে সে বাক্সি, কেন দাঁড়াইয়া, জানিতে নবকুমারের কিছু
মাত্র ইচ্ছা হটন না। তাহার প্রতি চাহিয়াও দেখিলেন না।
কেবল কপালকুণ্ডলার প্রতি দৃষ্টি রাখিবার জনা বেগ। অভএব
পথমুক্তির জনা আগন্তকের বক্ষে হস্ত দিয়া তাড়িত করিলেন,
কিন্তু তাহাকে সরাইতে পারিলেন না।

নবকুমার গর্জ্জন করিয়া কহিলেন, "কে ভূমি? দূর হও — আমার পথ ছাড়।" ়

আগন্তকও গন্তীর শব্দে কহিল "কে আমি, ভূমি কি চেন না ?"
শব্দ সমুদ্রনাদ কর্ণে লাগিল। নবকুমার চাহিয়া দেখিলেন;
দেখিলেন সে পুর্বেপরিচিত জটাজুটধারী কাপালিক।

নবকুমার চমকিয়া উঠিলেন; কিন্তু ভীত হইলেন না। সহসা ভাঁহার মুখ প্রফ্ল হটল—কহিলেন,

" কপালকুণ্ডলা কি ভোমার সহিত সাক্ষাতে যাইডেছে -" কাপালিক কহিল " না "।

জ্বালিতমাত্র আশার প্রদীপ তথনট নির্বাণ ছওয়াতে নর্কুমা-রের মুখ পূর্বেৎ মেঘময় অন্ধকারাবিট ছইল। কহিলেন.

" তবে তৃমি পথ মুক্ত কর।"

কাপালিক কছিল " পথ মুক্ত করিডেছি কিন্তু ভোষার সহিত আমার কিছু কথা আছে — অগ্রে শ্রবণ কর।"

শেবকুমার কাছিলেন, "তোমার সহিত আমার কি কপা?
তুমি ভাবার আমানু প্রাণনালের ভন্য আমিরাছ? প্রাণগ্রহণ কর,
আমি এবার কোন ব্যাঘাত করিব না। তুমি এক্ষণে অপেকা কর,
আমি আদিতেছি। কেন আমি দেবতুফির জনা শর্রার না
দিল্যে? গ্রহ্ণে ভাহার ফল ভোগ করিলাম। যে আমাকে

রক্ষা করিয়াছিল, দেই আমাকে নন্ত করিল। কণিগলিক! আমাকে এবার অবিশাস করিও না। আমি এখনই আসিয়া ডোমাকে আত্মসমর্পণ করিব।" বলিতে বলিতে নক্ত্মার আবার রোদন করিতে লাগিলেন।

কাপালিক কহিল, " আমি ডোমার প্রাণবধ্যর্থ আসি নাই। ভবানীর ডাহা ইচ্ছা নহে। আমি যাহা করিতে আসিয়াছি ভাঁহা ডোমার অনুমোদিত ইইবে। বাটীর ভিডরে চল; আমি যাহা বলি ডাহা শ্রুবণ কর।"

নবকুমার কহিলেন, "এক্ষণে নছে। সমরাস্তরে তাহা প্রবণ করিব। আপনি এখন অপেকা কহুন; আমার বিশেষ প্রয়োজন আছে — সাধন করিয়া আসিতেছি।",

কাপালিক কহিল "ৰংস! আমি সকলই অবগত আছি। তুমি সেই পাপিষ্ঠার অনুসরণ করিবে; — সে ষথার যাইবেক আমি তাহা অবগত আছি। আমি তোমাকে সে ছানে সমন্তি-বাাহারে করিরা লইরা যাইব। যাহা দেখিতে চাহ দেখাইব — এক্ষণে আমার কথা শ্রবণ কর। কোন ভর করিও না।"

নবকুমার কহিলেন, " আর তোমাকে আমার কোন ভর নাই। আইস।"

এই বলিরা নবকুমার কাপালিককে গৃহাভ্যস্তরে লইরা গিরা আসন দিলেন, এবং স্বরংও উপবেশন করিয়া বলিলেন "বল।"

मश्रम भितिष्क्म।

शुनत्रामार्थ।

जनाण्ड निर्देश कूक दन वर्गार्थम्।

কুমার্শ ত্রব

কাপালিক আসন গ্রহণ করিয়া ছুই বাল্ত নবকুমারকে দেখাই-লেন। নবকুমার দেখিলেন যে উভয় বাল্ত ভগ্ন।

পাঠক মহাশয়ের স্মরণ থাকিতে পারে যে ষেরাত্রে কপালকুগুলার সহিত নবকুমুার সমুদ্রতার হইতে পলায়ন করেন, সেই
রাব্রে তাঁহাদিগের অন্বেষণ করিতে করিতে কাপালিক বালিয়াড়ির শিখরচুতে হইয়া পড়িয়া যান। পতনকালে কুই হস্তে ভূমি
যারণ করিয়া শরীর রক্ষা করিতে চেন্টা করিয়াছিলেন ভাহাতে
শরীর রক্ষা হইল বটে কিন্তু চুইটা হস্ত ভালিয়া গেল। কাপালিক
এ সকল রক্তান্ত নবকুমারের নিকট বিবরিত করিয়া কহিলেন,
"বাহু ঘারা নিত্যক্রিয়া সকল নির্বাহের কোন বিশেষ বিমু হয়
না। কিন্তু ইহাতে আর কিছু মাত্র বল নাই। এমত কি ইহার
ঘারা কাঠাহরণে কয়্ট হয়।"

পরে কহিতে লাগিলেন 'ভূপতিত হইয়াই বে আমি জানিতে পারিয়াছিলাম যে আমার করদর ভগ্ন হইয়াছে আর আর অল অভ্য আছে এমত নহে। আমি পতনমাত্র মৃচ্ছিত হইয়াছিলাম। প্রথমে অবিচ্ছেদে অজ্ঞানাবস্থার ছিলাম। পরে ক্ষণে জ্ঞান, ক্ষণে জ্ঞান রহিলাম। কর দিন যে আমি এ অবস্থার রহিলাম তাহা বলিতে পারি না ি বোধ হয় ছই রাত্রি এক দিন হইবে। প্রভাত কালে আমার সংজ্ঞা সম্পূর্ণরূপে পুনরাবিভূত হইল। তাহার জ্যাবহিত পুর্বেই আমি এক স্বপ্ন দেখিতেছিলাম। যেন ভবানী" বলিতে বলিতে কাপালিকের শরীর রোমাঞ্চিত হইল। ''যেন

ভবানী আদিয়া আমার প্রত্যকীতুত হইয়াছেন। জ্রকুটি করিয়া আমার তাড়না করিতেছেন; কহিতেছেন "রে ছরাচার, ডোবই চিত্তাশুদ্ধি হেতু আমার পূজার এ বিশ্ব জন্মাইয়াছে। তুই এপূর্যন্তেইজ্রেলালসায় বদ্ধ হইয়া এই কুমারীর শোণিতে এত দিন আমার পূজা করিস নাই। অত এব এই কুমারী হইতেই তোর পূর্বকৃত্তা ফল বিনষ্ট হইল। আমি তোর নিকট আর কখন পূজা প্রহণ করিব না।" তথন আমি রোদন করিয়া জননীর চরণে অবল্গিত হইলে তিনি প্রসন্ন হইয়া কহিলেন "ভদ্র! ইহার একমাত্র প্রারশ্ভিত বিধান করিব। সেই কপালকুগুলাকে আমার নিকট বলি দিবা। যত দিন না পার আমার পূজা করিও না।"

কতদিনে বা কি প্রকারে আমি আরোগ্য প্রাপ্ত হইলাম তাহা আমার বর্ণিত করিবার প্রয়োজন নাই। কালে আরোগ্য পাইয়া দেবীর আজ্ঞা পালন করিবার চেন্টা আরম্ভ করিলাম। দেখিলাম বে এই বাত্রয়ে শিশুর বলও নাই। বাত্রল ব্যতীত এ যত্ত্ব সকল হইবার নহে। অতএব ইহাতে এক জন সহচারী আবেশ্যক হইল। কিন্তু মনুষ্যবর্গ ধর্মে অপ্প মতি—বিশেষ কলির প্রাবল্য যবন রাজা; পাপাত্মক রাজশাসনের ভরে কেহই এমত কার্য্যে সহচর হয় না। বহু সন্ধানে আমি পাপীয়নীর আবাস স্থান জানিতে পারিয়াছি। কিন্তু বাত্রলের অভাব হেতু ভবানীর আজ্ঞা পালন করিতে পারি নাই। কেবল মানস সিজির জন্য তল্পের বিধানালুবারে ক্রিয়া কলাপ করিয়া থাকি মাত্র। কল্য রাত্রে নিকটম্ব বনে হোম করিতেছিলাম স্বচলৈক দেখিলাম কপালকুগুলার সহিত এক ব্রাহ্মণরের মিলন হইল। অলাও সে তাহার সাক্ষাতে যাইতেছে। দেখিতে চাহ আমার সহিতে আইস দেখাইন।

ক্স ! কপালকুওলা বধ্যোগ্যা—আমি ভবানীর আজা ক্রমে ভাছাকে বধ করিব। সেও ভোমার নিকট বিশাসঘাতিনী। ভোমারও বধ্যোগ্যা; অভএব তুমি আমাকে সে সাহায্য এদাদ কর। এই অবিশার্সিনীকে গ্রত করিয়া আমার সহিত যজ্ঞ দ্বানে
। লইয়া চল। তথার স্বহুত্তে ইহাকে বলিদান কর। ইহাতে
ইশ্বরীর সমীপে যে অপরাধ করিয়াছ, তাহার মার্ক্সনা হইবে;
পবিত্র কর্মে অক্ষর পুণা সঞ্চার ইইবে, বিশাস্থাতিনীর দপ্ত
হইবেক; প্রতিশোধের চর্ম হইবে।"

कार्णानिक वाका ममाश्च कतित्नन । सवक्रमात्र किছू हे उछत कित-त्नन मा । कार्णानिक उँ हाटक मीतव तमित्रा कहित्नम. "वदम ! अक्रान याहा तम्याहेव विनित्राहिनाम, छाहा तमित्र हन ।"

नवकूमांत वर्षांकुक्तनवत इहेशं कांभानित्कत महा हिन्तन।

अर्छेग পরিচ্ছেদ।

সপত্নীসন্তাবে।

"Be at peace; it is your sister that addresses you. Requite Lucretia's love."

Sir E. B. Lytton.

কপালকুণ্ডলা গৃহ ছইতে বহির্গতা ছইয়া কাননাভান্তরে প্রবেশ কারিলেন। প্রথমে ভয় গৃহ মধ্যে গেলেন। তথায় ব্রাহ্মণকে দেখিলেন। যদি • দিনমান ছইত তবে দেখিতে পাইতেন যে উইহার মুখকান্তি অভান্ত মলিন ছইয়াছে। ব্রাহ্মণবেশী কপাল-কুণ্ডলাকে কহিলের বে "এখানে কাপালিক আসিতে পারে, এখানে কোন কথা অবিধি। ছানান্তরে আইন।" ক্র বন মধ্যে একটি অপোয়ত ছান ছিল তাহার চতু:পাশ্রে ব্লরাজি; মধ্যে পরিস্কার; তথা ছইতে একটি পথ বাহির ছইয়া গিয়াছে।

ব্রাক্ষরবেশী কপালকুগুলাকে ভঞ্চার লইয়া গোলেন। উভরে উপ-বেশন করিলে ব্রাক্ষণবেশী কছিলেন,

" প্রথমত: আত্মপরিচর দিই। কত দ্র আমার কথা বিশাস-যোগ্য ভাষা আপনি বিবেচনা করিয়া লইতে পারিবা। যখন ভূমি স্থামীর সঙ্গে হিজলী-প্রদেশ হইতে আসিতেছিলে, ভখন পথি-মধ্যে রজনীযোগে এক ব্যন্কন্যার সহিত সাক্ষাৎ হয়। ভোমার কি ভাষা মনে পড়ে ?"

কপালকুগুলা কহিলেন, " যিনি আমাকে অলঙ্কার দিয়া-ছিলেন?"

वाक्मनरवमधातिनी कहिरलन " व्याभिहे त्रहे।"

কপালকুগুলা অত্যন্ত বিশ্বিতা হইলেন। লুৎফ-উন্নিসা তাঁহার বিশ্বয় দেখিয়া কহিলেন, "আরও বিশ্বরের বিষয় আছে—আমি তোমার সপত্নী।"

কপালকুগুলা চমৎকৃতা ইইয়া কহিলেন, "সে কি ?" লুংক-উল্লিসা তথন আনুপূর্বিক আত্মপরিচয় দিতে লাগিলেন। বিবাহ, জাতিভ্রংস, স্থামী কর্ত্ত্ব ত্যাগ, ঢাকা, আগ্রা, জাহাঁগীর, মেহের-উল্লিসা, আগ্রা ত্যাগ, সপ্তগ্রামে বাস, নবকুমারের সহিত সাক্ষাৎ, নবকুমারের ব্যবহার, গত দিবস প্রদোষে ছল্লবেশে কাননে আগমন, হোমকারীর সহিত সাক্ষাৎ, সকলই বলিলেন। এই সময় কপালকুগুলা জিজ্ঞাসা করিলেন,

" তুমি কি অভিপ্রায়ে আমাদিণের বাটাতে ছদ্মবেশে আসিতে বাসনা করিয়াছিলে ?"

লুৎক্ষ-উন্নিষা কহিলেন " ভোষার সহিত স্থামীর চির-বিচেহন জন্মাইবার অভিপ্রারে।"

কপালকুগুলা শিহরিরা উঠিলেন। কহিলেন, "তাহা কি একারে সিদ্ধ করিতে?"

লুৎক-উরিসা। '' আপাডত: তোমার সতীত্বের প্রতি স্বামীর সংশর জন্মাইতাম। কিন্তু সে কথার আরু কাষ কি, সে পথ ত্যাগ করিয়ার্ছি। একণে তুমি যদি আমার পরামর্শ মতে কাষ কর, ভবে ভোমা হইভেই আমার কামনা সিদ্ধ হইবে—অথচ ভোমার মন্ত্রসাধন হইবে।"

কপা। "হোমকারীর মুখে তুমি কাহার নাম শুনিয়াছিলে ?" লু। "ভোষাবুই নাম। তিনি ভোমার মঙ্গল বা অমঙ্গল কামনার ट्राम करत्न, इंश क्रांनियांत क्रमा क्ष्मां कर्तियां क्रां क्रां निकंडे বসিলাম। যতক্ষণ না তাঁহার ক্রিয়া সম্পন্ন হইল, ততক্ষণ তথায় বসিয়া রহিলাম। হোমান্তে তোমার নাম সংযুক্ত হোমের অভি-প্রায় ছলে জিজ্ঞাসা করিলাম। কিয়ৎক্ষণ তাঁহার সহিত কথোপ-কথন করিয়া জানিতে পারিলাম যে তোমার অমঙ্গলসাধনই ছোমের প্রয়োজন। আমারও সেই প্রয়োজন। ইহাও তাঁহাকে জানাই-লাম। তৎক্ষণাৎ পরস্পারের সহায়তা করিতে বাধ্য হইলাম। বিশেষ পরামর্শ জন্য তিনি আমাকে ভগ্ন গৃহ মধ্যে লইরা গেলেন। তথায় আপন মনোগত ব্যক্ত করিলেন। তোমার মৃত্যুই তাঁইার অভীষ্ট। তাহাতে আমার কোন ইট নাই। আমি ইহ জয়ে কেবল পাপই করিয়াছি, কিন্তু পাপের পূথে আমার এত দূর অধঃপাত হয় নাই যে, আমি নিরপরাধিনী বালিকার মৃত্যু সাধন করি। আমি তাহাতে সম্মতি দিলাম না। এই সময়ে তুমি ভথায় উপস্থিত हरेशां हिल। तांश कति किছू अनिशं थांकित।"

কপা। " আমি ঐরপ বিভর্কই শুনিয়াছিলাম।"

লু। ''সে ব্যক্তি আমাকে অবোধ অজ্ঞান বিবেচনা করিয়া কিছু উপদেশ দিতে চাহিল। শেষ টা কি দাঁড়ায় ইহা জানিয়া তোমার উচিত সম্বাদ দিব বলিয়া তোমাকে বনমধ্যে অন্তরালে রাখিয়া গোলাম।"

কপা। " তার শুর আর কিরিয়া আদিলে না কেন ? "

লু। " তিনি অনেক কথা বলিলেন, বাহুল্য র্ত্তান্ত শুনিতে শুনিতে বিলম্ম হইল। তুমি সে ব্যক্তিকে বিশেষ জান। কে সে প অনুভব করিতে পার্থিছে ?" কুপা। " আমার পুর্ব্বপানক কাপালিক।"

লু। "সেই বটে। কাপালিক গুথমে তোমাকে সমুদ্র তীরে প্রাপ্তি, তথার প্রতিপালন, নবকুমারের আগমন, তৎসহিত তোমার পলায়ন, এ সমুদায় পরিচর দিলেন। তোমাদিগের পলায়নের পর যাহা যাহা হইয়াছিল, তাহাও বিবরিত করিলেন—সে সকল রস্তান্ত তুমি জান না। তাহা তোমার গোচরার্থ বিস্তারিত বলি-তেছি।"

এই বলিয়া লুংক-উন্নিসা কাপালিকের শিথরচ্যুতি, হস্তভন্ধ.
স্বপ্ন, সকল বলিলেন। স্বপ্ন শুনিয়া কপালকুগুলা চমকিয়া, শিহরিয়া উঠিলেন—চিত্তমধ্যে বিস্কাচঞ্চলা হইলেন। লুংক-উন্নিসা
বলিতে লাগিলেন,

"কাপালিকের দৃঢ়প্রতিজ্ঞা ভবানীর আজ্ঞা প্রতিপালন। বাহুবলহীন, এই জন্য পরের সাহায্য তাহার নিতান্ত প্রয়োজন। আমাকে ব্রাহ্মণতনয় বিবেচনা করিয়া আমাকে সহায় করিবার প্রত্যাশায় সকল রুত্তান্ত বলিল। আমি এ পর্যান্ত এ ছুকর্মে স্বীরুত হই নাই। এ ছুর্র ত চিত্তের কথা বলিতে পারি না, কিন্তু ভরসা করি যে কখনই স্বীরুত হইব না। বরং এ সক্ষপ্পের প্রতি-কুলাচরণ করিব এই অভিপ্রায়; সেই অভিপ্রায়েই আজি তোমার সহিত সাক্ষাৎ করিলাম। কিন্তু এ কার্যা নিতান্ত অস্বার্থপর হইয়া করি নাই। তোমার প্রাণ দান দিতেছি। তুমিও আমার জন্য কিছু কর।"

কপালকুগুলা কছিলেন, " কি করিব ?"

लु। " आंगांत्र और नान मां अ-सामी जार न कता "

কপালকুগুলা অনেক ক্ষণ কথা কহিলেন না'। অনেক ক্ষণের পার কহিলেন, '' স্বামী ভ্যাগ করিয়া কোথাসু যাইব ? ''

लू। "विटमर"—वर्ष मृत्य—जामारक अक्रोनिका मित-धन .मित-माम मानी मित, ब्रांगीय नगांत्र धांकिरत।"

কপালকুগুলা আবার চিন্তা করিতে লাগিলেন। পৃথিবীর

সর্বত্র মানীসলোচনে দেখিলেন—কোষাও কাছাকে দেখিতে পাই-লেন না; অন্তঃকরণ মধ্যে দৃষ্টি করিয়া দেখিলেন—তথায় ত নবকুমারকে দেখিতে পাইলেন না, তবে কেন লুৎফ উলিসার স্থের পথ রোধ করিবেন ? লুৎফ উলিসাকে কহিলেন,

্র্ণ তুমি বে আমার উপকার করিয়াছ কি না তাহা আমি এখন বুনিতে পারিতেছি না। অট্টালিকা, ধন সম্পত্তি, দাস দাসাঁ-রও প্রয়োজন নাই। আমি তোমার স্থের পথ কেন রোধ করিব? তোমার মানন সিদ্ধ হউক—কালি হইতে বিম্নকারিণীর কোন সমাদ পাইবে না।"

লুংফ-উরিনা চনৎক্কতা হইলেন, এরপ আশু স্বীকারের কোন প্রত্যাশা করেছ নাই। নোহিত হইরা কহিলেন, "ভাগিনি—তুমি চিরায়ুম্মতী হও! আমার জীবন দান করিলে। কিন্তু আমি ভোমাকে অনাথিনী হইরা হাইতে দিব না। কলা প্রাতে ভোমার নিকট আমার এক জন বিশ্বাসযোগ্যা চতুরা দাসী পাঠাইব। ভাহার সঙ্গে বাইও। বর্দ্ধানে কোন অভি প্রধানা স্ত্রীলোক আমার স্কৃহ্।—ভিনি ভোমার সকল প্রয়োজন সিদ্ধ করিবেন।"

লুংফ-উরিসা এবং কপালকুগুলা এরূপে মনঃসংযোগ করিয়া কথাবার্ত্তা কহিতেছিলেন, যে সম্মুখ বিদ্ব কিছুই দেখিতে পারেন নাই। যে বনা পথ ভাঁহাদিগের আগ্রয়ন হইতে বাহির হুইয়াছিল, সে প্রথপ্রান্তে দাঁড়াইয়া কাপালিক ও নবকুমার ভাঁহাদিগের প্রতি যে করাল দৃষ্টিপাত করিতেছিলেন, ভাহা কিছুই দেখিতে পারেন নাই।

নবকুমার ও কাশালিক ই হালিগের প্রতি দৃষ্টি করিয়াছিলেন মাত্র, কিন্তু দুর্জাগারশতঃ তত দূর হইতে তাহাদিগের কথোপ-কথনের মধ্য কিছুই কুতুভ্যের জ্ঞাতগোচ্ত হইল না। মনুষোর চকুঃ কর্ণ যদি সমদ্রগামী হইত, তবে মনুষোর ছুঃখস্রোত শমিত কি বৃদ্ধিত হইত তাহা কে বলিকে; লোকে বলিয়া গাকে সংসার্ রচনা অপুর্ব কে)শলময়। ্নবকুষার দেখিলেন কপানকুণ্ডলা আলুলায়িতকুন্তলা; যখন কপালকুণ্ডলা তাঁছার ছর নাই তেথনই সে কুন্তল বাঁধিত না। আবার দেখিলেন বে সেই কুন্তলরাশি আসিয়া ব্রাহ্মণকুমারের পৃষ্ঠ-দেশে পড়িয়া তাঁছার অংশসন্থিলয়ী কেশদামের সহিত মিশিন্রাছে। কপালকুণ্ডলার কেশরাশি ইদৃশ আয়তনশালী এবং লয়ু স্বরে কথোপকথনের প্রয়োজনে উভয়ে এরপ সন্নিকটবিত্তা হইয়া বসিয়াছিলেন, যে লুৎফ-উন্নিসার পৃষ্ঠ পর্যান্ত কপালকুণ্ডলার কেশের সম্প্রসারণ কেছই দেখিতে পায়েন নাই। দেখিয়া, নবকুমার ধীরে ধীরে ভুতলে বসিয়া পড়িলেন।

কাপালিক ইছা দেখিয়া নিজ কটিবিলয়ী এক নারিকেলপাত্র বিমুক্ত করিয়া কছিলেন, "বংস! বল হারাইতে;, এই মছো-যধ পান কর; ইছা ভবানীর প্রসাদ। পান করিয়া বল পাইবে।"

কাপালিক পাত্র নবকুমরের মুখের নিকট ধরিল। তিনি অন্যাননে পালে করিয়া দাকণ ভ্যা নিবারণ করিলেন। নবকুমার জানিতেন না যে এই সুস্বাদ প্রের কাপালিকের স্বহস্ত প্রস্তুত তেজস্বিনী সুরা। পান করিবামাত্র কিছু সবল হইলেন।

এ দিকে লুংফ-উন্নিদা পূর্ববিং মৃতু স্বরে কপালকুগুলাকে কহিতে লাগিলেন,

"ভণিনি তৃমি যে কার্য্য করিলে তাহার প্রতিশোধ করিবার আমার ক্ষমতা নাই, তরু যদি আমি চিরদিন তোমার মনে থাকি সেও আমার ক্ষম। যে অলঙ্কার গুলিন দিয়াছিলাম, তাহা শুনিয়াছি তুমি দরিজকে বিতরণ করিয়াছ। এক্ষণে নিকটে কিছুই নাই, কল্যকার অন্য প্রছয়াজন ভাবিয়া কেশ্মমধ্যে একটী অঙ্গুরীয় আনিয়াছিলাম, জগদীশ্বের ক্ষপায় সে পাপপ্রয়াজনফিরির আবশ্যক হইল না। এই অঙ্গুরীয়টী তুমি য়য়াখ। ইহার পরে অঙ্গুরীয় দেখিয়া যবনী ভণিনীকে মনে করিও। আজি যদি স্থামী জিজ্ঞাসা করেন, অঙ্গুরীয় কোথায় পাইলে, কহিও, লুৎক-উয়িসা দিয়াছে।" ইহা কহিয়া লুৎক-উয়িসা আপন

আনুলি ইইতে বহু ধনে ক্রীত এক অন্ধুরীয় উন্যোচিত করিয়া কপালকুওলার হতে দিলেন। শনকুমার ভাহাও দেখিতে পাই-লেন; কাপালিক ভাঁহাকে ধরিয়াছিলেন, আবার ভাঁহাকে কম্প-মান দেখিয়া পুনরশি মদির। দেবন করাইলেন। মদিরা নবকুমা-রের মন্তিকে আনুবেশ করিয়া ভাঁহার প্রকৃতি সংহার করিতে লাগিল; স্নেহের অন্ধুর পর্যান্ত উষ্যুলিত করিতে লাগিল।

কপালকুগুলা লুংফ-উরিসার নিকট বিদার হইয়া গৃহাভিমুখে চলিলেন। তথন নবকুমার ও কাপালিক লুৎফ-উরিসার
অদৃল্য পথে কপালকুগুলার অনুসরণ করিতে লাগিলেন।

नवम পরিচ্ছেদ।

গৃহাভিমুখে।

" No spectre greets me—no vain shadow this."

Wordsworth.

কপালকুগুলা ধীরে ধীরে গৃহাভিমুখে চলিলেন। অতি ধীরে ধীরে, অতি মৃদ্ধ চলিলেন। তাহার কারণ তিনি অতি গভীর চিন্তামগ্ন হইয়া বাইতেছিলেন। লুৎফ-উরিমার সম্বাদে কপাল-কুগুলার একেবারে চিত্তভাব পরিবর্ত্তিত হইল; তিনি আত্ম-বিসর্জ্জনে প্রস্তুত হইলেন।

কপালকুগুলা অন্তঃকরণ সম্বন্ধে তান্ত্রিকের সন্তান; তান্ত্রিক যেরূপ কালিকাপ্রস্থানাজফায় পরপ্রাণ সংহারে সকোচশূল্য— কপালকুগুলা সেই আকাজফায় আত্মজীবন বিসর্জনে তদ্ধে। কুপালকুগুলা যে কাপালিকের ন্যায় অন্ন্যচিত্ত হইয়া শক্তি-, প্রসাদপ্রার্থিনী মুহইয়াছিলেন, তাহা নহে, তথাপি অহনিশ শক্তিভক্তি প্রবণ দর্শন ও সাবনে কালিকামুরীগ বিশিষ্ট প্রকারে জিমাগছিল, তৈরবী যে কটি শাসনকরী, মুক্তিদারী ইহা বিশেষ মতে প্রতীত হইয়াছিল। কালিকার পূঁজাভূমি যে নর-শোণিতে প্রাবিত হয় ইহা তাঁহার পরতুঃশতুঃখিত হলরে সহিত না, কিন্তু আর কোন কার্য্যে ভক্তিপ্রদর্শনের ক্রেটি ছিল লা। এখন সেই জগৎশাসনকরী, সুখছুঃখবিধায়িনী, কৈবলাদায়িনী ভৈর্বী স্বপ্রে তাঁহার জীবন সমর্পণ আদেশ করিয়াছেন। কেনই বা কপালকুগুলা সে আদেশ পালন না করিবেন ?

ু তুমি আমি প্রাণ ত্যাণ করিতে চাহি না। রাগ করিয়া বাহা বলি, এ সংসার স্থমর। স্থের প্রত্যাশাতেই বর্ত্ত্বহ সংসার মধ্যে ঘুরিতেছি—ছঃথের প্রত্যাশার নছে,। কদাছিই যদি আজু-কর্মাদোষে দেই প্রত্যাশা সকলীকত না হয়, তবেই ছুঃখ বলিয়া উচ্চ কলরব আরম্ভ করি। তাহা হইলেই ছুঃখ নিয়ম নহে সিদ্ধান্ত হইল; নিয়মের ব্যক্তিক্রম মাত্র। তোমার আমার সর্বত্ত স্থ। সেই স্থে আমরা সংসার মধ্যে বদ্ধমূল; ছাড়িতে চাহিনা। কিন্তু এ সংসারবদ্ধনে প্রণয় প্রধান রজ্জু। কপালকুগুলারে সে বদ্ধন ছিল না—কোন বদ্ধনই ছিল না। তবে কপালকুগুলাকে কে রাথে?

একটি কথা বুঝাইতে চাহি। যাহার বন্ধন নাই; ভাহারই অপ্রভিছত বেগ। গিরিশিথর হইতে নিনারিণী নামিলে কে ভাহার গভিরোধ করে? এক বার বায়ু ভাড়িত হইলে কে ভাহার সঞ্চারণ নিবারণ করে? কপালকুগুলার চিত্ত চঞ্চল হেইলে কে ভাহার স্থিভিস্থাপন করিবে? নবীন করিজরভানাতিলে কে ভাহাকে শীন্ত করিবে?

কপালকুগুলা আপন চিন্তকে জিজাসা করিলেন "কেনই বা এ শরীর জগদীখারীর চরণে সমর্পণ না করিষ্ণা? পঞ্চ ভূত লইয়া কি হইবে?" প্রশ্ন করিতেছিলেন অথচ কোন নিশ্চিত উত্তর লৈতে পারিতেছিলেন না। সংসারের অন্য কোন বন্ধন ন্। থাকিলেও পঞ্চ ভূতের এক বন্ধন আছে। কপালকুণ্ডলা অগোবদনে চলিতে লাগিলেন। যথন মনুনাহলয় কোন উৎকট ভাবে আচ্ছর হয়, চিন্তার একা এতার বাছফ্রির প্রতি লক্ষ্য থাকে না, তথন অবৈন্যর্গিক পদার্থও প্রত্যক্ষীভূত বলিয়া বোধ হয়। কপালকুণ্ডলার দেই অবস্থা হইয়াছিল।
বেন উদ্ধি হইড়ে তাঁহার কর্ণকুহরে এই শব্দ প্রবেশ কবিল,
"বংলৈ—আমি পথ দেখাইতেছি।" কপালকুণ্ডলা চকিতের নায়
উদ্ধিটি করিলেন। দেখিলেন যেন আকাশমণ্ডলে নবনীরদনিন্দিত মূর্ত্তি! গলবিলম্ভিতনরকপালমালা হইতে শোণিতক্রতি

হইতেছে; কটিমণ্ডল বেড়িয়া নরকররাজি ছলিতেছে—বাম করেই
নরকপাল—অক্ষে ক্ষির্গারা, ললাটে বিষমোজ্জ্লজ্বালাবিভাসিত
লোচন প্রাত্তি বালশ্বী সুশোভিত! যেন ভৈরবী দক্ষিণ হস্ত
উত্তোলন করিয়া কপালকুণ্ডলাকে ডাকিতেছেন।

কপালকুগুলা উদ্ধিমুখী হইয়া চলিলেন। সেই নবকাদ্যিনী-সমিত রূপ আকাশ্যার্গে তাঁহার আবো আবো চন্দিল। কথন কপ্রাল্যালিনীর অবয়ব মেঘে লুক্কায়িত হয়, কথন নয়নপথে স্পায়ী বিকশিত হয়। কপালকুগুলা তাঁহার প্রতি চাহিয়া চলি-লেন।

ন বকুমার বা কাপালিক এ সব কিছুই দেখে নাই। নবকুমার স্বরাগরল প্রজ্বলিত হৃদয়—কপালকুণ্ডলার ধীর পাদক্ষেপ অসহিষ্ণু হুইয়া সদীকে কহিলেন,

"কাপালিক শিলিক কছিল "কি"

"পানীয়্ঁং দৈছি নে "

কাপালিক প্ৰয়েশি তাঁহাকে ক্রা পার্ন করাইল।

নবকুমার কছিলেন, "আর বিলম্ব কি?"

কাপালিক উত্তর করিল "আর বিলম্ব কি!"

নবকুমার ভীমনাদে ডাকিলেন "কপালকুগুলে!"

ক পালকুগুলা শুনিয়া চমকিডা হইলেন। ইদানীস্তন কেহ

তাঁহাকে কপালকুগুলা বলিয়া তাকিন্ত শা। তিনি মুখ ফিরাইয়া দাঁডাইলেন। মবকুনার ও কাপাদিক তাঁহার সন্মুখে আদিলেন। কপালকুগুলা প্রথমে তাঁহাদিগকে চিনিতে পারিলেন না— কহিলেন,

" তোমরা কে ? ঘমদূত ?"

পরক্ষণেই চিনিতে পারিয়া কছিলেন, "নানা পিড:, তুমি কি আমায় বলি দিতে আসিয়াছ?"

নবকুমার দৃঢ়মুটিতে কপালকুগুলার হস্ত গারণ করি ন। '২ুপালিক ককণাত্র, মধুময় স্বরে কহিলেন,

কপালকুগুলা আকাশে দৃষ্টি নিক্ষেপ করিলেন; যথায় গগন-বিহারিণী ভয়ঙ্করী দেখিয়াছিলেন, সেই দিকে চাহিলেন; দেখি-লেন রণর জিণী খল খল হাসিতেছে; এক দীর্ঘ ত্রিশূল করে ধরিয়া কাপালিকগতপথ প্রতি সঙ্কেত করিতেছে। কপালকুগুলা ভবিতব্যবিষ্টার ন্যায় বিনা বাক্যবায়ে কাপালিকের অনুসরণ করিলেন। নবকুমার পূর্ববং দৃঢ়মুষ্টিতে তাঁহার হন্ত ধারণ করিয়া চলিলেন।

